ইসলামের সোনালি অতীত, বর্তমান পরিস্থিতি ও ভবিষ্যত বিজয়গাঁথা নিয়ে রচিত সংক্ষিপ্ত, অনবদ্য একটি কিতাব-

কালজয়ী ইসলাম

মুস‘আব ইলদিরিম

আবাবিল মিডিয়া

ইসলামের সোনালি অতীত, বর্তমান পরিস্থিতি ও ভবিষ্যত বিজয়গাঁথা নিয়ে রচিত সংক্ষিপ্ত একটি অনবদ্য গ্রন্থ-

কালজয়ী ইসলাম

প্রথম প্রকাশ:
১৬ জুমাদাল উলা, ১৪৪৪ হিজরি, ইয়াওমুল আহাদ
১১ ডিসেম্বর, ২০২২ ঈসায়ী, রোজ রবিবার
২৬ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ

আবাবিল মিডিয়া

https://bit.ly/ababilmedia

সূচিপত্র

الحمد لله وحده والصلاة والسلام على من لا نبي بعده- أما بعد

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আবির্ভাবের পর থেকে আজ পর্যন্ত সাড়ে চৌদ্দশত বছর অতিক্রম হয়ে গেছে। সময়ের পরিক্রমায় মুসলিম উম্মাহ্য় দেখা গেছে অনেক উত্থান-পতন ও নানা ঘটনাপ্রবাহ। আমরা ইনশাআল্লাহ সংক্ষেপে মুসলিম উম্মাহর এই সাড়ে চৌদ্দশত বছরের ইতিহাস, বর্তমান পরিস্থিতি এবং ইসলামের ভবিষ্যত নিয়ে অতি সংক্ষেপে আলোচনার প্রয়াস চালাব। আল্লাহ তা'আলাই তাওফীক দাতা।

প্রিয় ভাই! একটি জাতির জন্য এটি অত্যন্ত পরিতাপ ও আফসোসের বিষয় যে, সে তার পূর্বপুরুষদের আদর্শ ও ইতিহাস ভুলে যায়। হায়! আজ আমরা আমাদের সোনালি অতীতকে ভুলে গিয়েছি। আমরা ভুলে গিয়েছি আমাদের পূর্বপুরুষদের শৌর্য-বীর্য আর বীরত্বের কথা, ইসলামের জন্য তাদের ত্যাগ, আল্লাহ ও তাঁর রাসূলের মহব্বতের যে অনুপম দৃষ্টান্ত তারা দুনিয়ার বুকে কায়েম করেছিলেন- সে কথা। যে জাতির একজন পুরুষের নাম শুনে সারা বিশ্ব থরথরে কাঁপত, আমরা তো সেই জাতি! তাই, এখন সময় এসেছে আমাদের ইতিহাসকে জানার, সময় এসেছে জেগে উঠার, হায়দারী হাঁকে গর্জে উঠার, সাইফুল্লাহর তরবারির খাপ উন্মুক্ত করার; আর ঘুম নয় বন্ধু, জেগে ওঠো!

ইসলামপূর্ব বিশ্ব

জাজিরাতুল আরব/আরব উপদ্বীপ

ইসলামপূর্ব জাযিরাতুল আরব তথা আরব উপদ্বীপ সহ পারস্যকেন্দ্রিক সাসানি সাম্রাজ্য, রোমান সাম্রাজ্য, শাম, মিশর, ভারতবর্ষ ও চৈনিক সভ্যতা- এক কথায় পুরো পৃথিবীর সর্বত্রই ছিল আইয়্যামে জাহেলিয়াতের অসভ্যতা ও বর্বরতা, খুন ও রাহাজানি, অনাচার ও অবিচার, অত্যাচার আর

বাঁধভাঙা যৌনাচার। ব্যক্তিজীবন থেকে রাষ্ট্রীয় জীবন- সর্বক্ষেত্রেই ছিল শিরক্ আর ধর্মহীনতার অন্ধকার; অসহনীয় অশান্তি, যুলুম ও পাপাচার; এক টুকরো সোনালি প্রভাতের জন্য সর্বব্যাপী হাহাকার।

পৃথিবীতে আল্লাহ রাব্বুল আলামীনের প্রতিষ্ঠিত সুন্নাত ও শ্বাশ্বত রীতি হলো- প্রতিটি আঁধার রাতের শেষেই আসে সুহাসিনী ভোর। রাত যত গভীর হয়, ভোরের আগমনধ্বনি তত নিকটবর্তী হয়। আর তাই মূর্খতার তমশাচ্ছন্ন ধরনীতেই নিকষ কালো আধাঁর ভেদ করে সত্যের আলো ছড়াতে উদয় হয়েছিল ন্যায় ও কল্যাণের মহাসূর্যের; পুণ্যের পথ দেখাতে আগমন ঘটেছিল সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানবের।

কে তিনি? কী তাঁর পরিচয়??

তিনি ইমামুল মুরসালীন, নবী-রাসূলগণের ইমাম; রহমাতুল্লিল আলামিন, বিশ্ববাসীর জন্য আল্লাহ্‌র শ্রেষ্ঠ রহমত; সায়্যিদুল কাওনাইন, উভয় জাহানের নেতা; শাফিউল মুযনিবিন, কিয়ামত দিবসে পাপী-তাপীদের জন্য সুপারিশকারী; বাদরুদ-দুজা, আঁধার রাতের শশী; শামসুদ-দোহা, পূর্বাহ্নের দিবাকর.............!!!! তিনি...........!!!

সেই মহামানবের সিরাত ও জীবনালোচনা দিয়েই তাই শুরু হতে যাচ্ছে আমাদের ইতিহাস-মানবতার মুক্তির ধর্ম, চিরন্তন জীবন বিধান ইসলামের ইতিহাস।

রাসূলুল্লাহ ﷺ-এর নাম ও বংশ-পরিচয়:

রাসূলুল্লাহ ﷺ-র নাম: মুহাম্মাদ ইবনে আব্দুল্লাহ ইবনে আব্দুল মুত্তালিব ইবনে হাশেম ইবনে আবদে মানাফ ইবনে কুসাই ইবনে কিলাব।

গোত্র: কুরাইশ, বনু হাশেম (বংশীয় পদবী: কুরাইশী, হাশেমী)

উপনাম: আবুল কাসেম।

মায়ের নাম: আমিনা বিনতে ওয়াহব ইবনে আবদে মানাফ ইবনে যাহরা ইবনে কিলাব।

মায়ের গোত্র: কুরাইশ, বনু যাহরা (বংশীয় পদবী: কুরাইশিয়্যা, যাহরাইয়্যা)

জন্মস্থান: রাসূলুল্লাহ ﷺ তাঁর চাচা আবু তালেবের ঘরে জন্মগ্রহণ করেন।

জন্ম তারিখ: ০৯ রবিউল আউয়াল, সোমবার (মোতাবেক ২০ এপ্রিল, ৫৭১ খ্রিস্টাব্দ)

এতিমরূপে লালন-পালন:

জন্মের পূর্বেই তাঁর সম্মানিত পিতা ইন্তেকাল করেন। বনী সা'দ গোত্রের মহীয়সী নারী হযরত হালিমা বিনতে আবী যুওয়াইব রাঁযি. তাকে দুধ পান করান। ছয় বছর বয়সে হারান সম্মানিতা মাতাকে। তারপর দাদা আব্দুল মুত্তালিব তাকে নিজের দায়িত্বে লালন-পালন করেন। আট বছর বয়সে দাদাকেও হারান। অতঃপর চাচা আবু তালেব তার দেখাশোনা ও লালন-পালনের দায়িত্বভার গ্রহণ করেন।

বিবাহ: ২৫ বছর বয়সে রাসূলুল্লাহ ﷺ আরবের সম্ভ্রান্ত, ৪০ বছর বয়স্কা একজন বিধবা নারী, আম্মাজান হযরত খাদীজা বিনতে খুওয়াইলিদ ইবনে আসাদ রাযি. কে বিয়ে করেন। হিজরতের তিন বছর পূর্বে হযরত খাদিজা রাযি. ইন্তেকাল করেন। তারপর রাসূলুল্লাহ ﷺ অন্যান্য স্ত্রীদের বিবাহ করেন। ধারাবাহিকভাবে তাঁদের নাম নিম্নে দেয়া হল-

২. হযরত সাওদা বিনতে যামআ রাদিয়াল্লাহু আনহা।
৩. হযরত আয়েশা বিনতে আবু বকর সিদ্দীক রাদিয়াল্লাহু আনহা।
৪. হযরত হাফ্‌সা বিনতে উমর ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহা।
৫. হযরত যাইনাব বিনতে খুযাইমা ইবনে হারেস রাদিয়াল্লাহু আনহা।
৬. হযরত উম্মে সালামা রাদিয়াল্লাহু আনহা। তাঁর প্রকৃত নাম হিন্দ বিনতে আবু উমাইয়া।
৭. হযরত যাইনাব বিনতে যাহশ রাদিয়াল্লাহু আনহা।
৮. হযরত যুয়াইরিয়া বিনতে হারেস রাদিয়াল্লাহু আনহা।
৯. হযরত উম্মে হাবীবা। তাঁর প্রকৃত নাম রমলাহ বিনতে আবু সুফিয়ান রাদিয়াল্লাহু আনহা।
১০. হযরত সফিয়্যা বিনতে হুয়াই ইবনে আখতাব রাদিয়াল্লাহু আনহা।
১১. হযরত মাইমুনা বিনতে হারেস রাযিয়াল্লাহু আনহা।

সন্তানাদি:

রাসূলুল্লাহ ﷺ-এর তিন ছেলে ও চার মেয়ে ছিল। হযরত খাদিজা রাদিয়াল্লাহু আনহার গর্ভে জন্মলাভ করেন দুই ছেলে- হযরত কাসেম রাদি. ও হযরত আব্দুল্লাহ রাদি.। হযরত আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহুর উপাধি ছিল তৈয়্যব ও তাহের। এ দুজনই বাল্য বয়সে ইন্তেকাল করেন।

রাসূলুল্লাহ্ ﷺ-এর বাঁদী মারিয়া কিবতিয়্যা'র গর্ভ থেকে জন্মগ্রহণ করেন আরেক ছেলে- হযরত ইব্রাহিম রাদি.। তিনিও অল্প বয়সেই ইন্তেকাল করেন।

কন্যাসন্তান: রাসূলুল্লাহ ﷺ-এর চার মেয়ে- হযরত যাইনাব, হযরত রুকাইয়া, হযরত উম্মে কুলসুম ও হযরত ফাতিমা রাযিয়াল্লাহু আনহুন্না। উনারা সকলেই আম্মাজান খাদীজা রাযি. এর গর্ভে জন্মগ্রহণ করেন। হযরত ফাতিমা রাযি. ব্যতীত সকলেই রাসূলুল্লাহ ﷺ -এর জীবদ্দশাতেই ইন্তেকাল করেন।

নবুওয়ত লাভ:

রাসূলুল্লাহ্ ﷺ নবুওয়ত লাভ করেন সর্বপ্রথম সেই ওহীর মাধ্যমে, যা নাযিল হয়েছিল হেরা গুহায় আপন রবের ধ্যানে মগ্ন থাকা অবস্থায়। ওহী হিসেবে কুরআন কারীমের ৯৬ নম্বর সূরা, সূরা আলাক-এর প্রথম পাঁচটি আয়াত নিয়ে

আগমন করেন সর্বশ্রেষ্ঠ ফিরিশতা হযরত জিব্রাইল আ.। অতঃপর ২৩ বছর মেয়াদে পবিত্র কুরআন নাযিলের ধারা সম্পন্ন হয়। এই দীর্ঘ সময়ে ইসলামী শরীয়তের সকল হুকুম আহকাম ও বিধি-বিধান পরিপূর্ণতা লাভ করে।

রাসূলুল্লাহ্ ﷺ ছিলেন নবুওয়ত ও রিসালাত সৌধের সর্বশেষ ইট। তিনি ছিলেন খাতামুন-নাবীয়্যিন, সর্বশেষ নবী। তাঁর পর ওহী নাযিলের ধারা চিরতরে বন্ধ হয়ে গিয়েছে। কিয়ামত পর্যন্ত আর কোনো নতুন নবী বা রাসূল আগমন করবেন না।

নবুওয়ত প্রাপ্তির পর মাক্কী যিন্দেগী:

- নবুওয়ত প্রাপ্তির পর প্রথম তিন বছর গোপনে একান্ত নিকটাত্মীয়দের মাঝে তাওহীদ, রিসালাত ও আখিরাতের দাওয়াত ও তালিমের কার্যক্রম পরিচালনা করতে থাকেন। নবীজির ﷺ আহ্বানে সাড়া দিয়ে প্রথমে যারা ইসলাম গ্রহণ করেন, তারা হলেন- নবীপত্নী হযরত খাদিজা বিনতে খুওয়াইলিদ রাযি., নবীজির ﷺ চাচাতো ভাই (ও পরবর্তীতে জামাতা, হযরত ফাতিমা রাযি. এর স্বামী) হযরত আলি বিন আবু তালিব রাযি., নবীজির ﷺ মুক্ত ক্রীতদাস হযরত যায়েদ বিন হারিসা রাযি. এবং নবীজির ﷺ অন্তরঙ্গ বন্ধু ও সার্বক্ষণিক সহচর আবু বকর রাযি. প্রমুখ।
- এরপর আল্লাহ্ পাকের হুকুমে প্রকাশ্যে তাওহীদের দাওয়াত দেয়া শুরু করেন। কুফর ও শিরকের অসারতা পরিষ্কার করে দিলেন। হক ও বাতিলের পর্দা বিদীর্ণ করে দিলেন। ব্যক্তি থেকে রাষ্ট্র সকল ক্ষেত্রে কেবল এক আল্লাহ্‌রই ইবাদত চলবে, কেবল আল্লাহ্ ও তাঁর রাসূলের আনুগত্যই চলবে, সর্বত্র কেবল এক আল্লাহ্‌র বিধানই চলবে, আল্লাহ্‌র আইনেই বিচারকার্য সমাধা করতে হবে- তাঁর এই দাওয়াত এমনই এক তীর রূপে নিক্ষিপ্ত হল যা তাগুত ও বাতিলের হৃদপিণ্ডকে এফোঁড়-ওফোঁড় করে দিল। তাওহীদের বজ্রাঘাতে শিরকের মস্তক চূর্ণ বিচূর্ণ হতে লাগল। ফলে কুফর ও শিরকের ইমাম(নেতা)-গণ রাগে-ক্রোধে-ক্ষোভে বিস্ফোরিত হল। ফলে তারা রাসূলুল্লাহ্ ও তাঁর (নারী-পুরুষ সকল) সাহাবীগণের উপর অত্যাচার ও নির্যাতনের নির্মম ষ্টিম-রোলার চালাতে আরম্ভ করল। কাউকে উত্তপ্ত বালুতে খালি গায়ে শুইয়ে পাথর চাপা দেয়া হল, উত্তপ্ত লোহা মাথায় ও পিঠে চেপে ধরে কারো গায়ের চর্বি গলিয়ে দেয়া হল, কাউকে দিবারাত্র পাশবিকভাবে পিটানো হল, কাউকে বর্শার আঘাতে শহীদ করে দেয়া

হল। এককথায়, সম্ভাব্য সকল উপায়ে সাহাবায়ে কেরামের উপর নির্যাতন চালানো হল। এভাবে মক্কা নগরী মুসলমানদের বসবাসের জন্য অসম্ভব হয়ে পড়ল।

- রাসূলুল্লাহ্ ﷺ জানতেন যে, হাবশার বাদশা আসহামা নাজ্জাশী একজন ন্যায়পরায়ন বাদশাহ। তাই নবুওয়তের পঞ্চম বছরে তিনি ﷺ মুসলমানদের হাবশায় (বর্তমান ইথিওপিয়া) হিজরতের অনুমতি দিলেন। মুসলমানদের এই প্রথম হিজরতে হযরত উসমান রাদিয়াল্লাহু আনহুর নেতৃত্বে মুহাজির ছিলেন ১২ জন পুরুষ ও ০৪ জন নারী। এর কিছুদিন পর হাবশায় দ্বিতীয় হিজরত হয়। তাতে হযরত আম্মার রাদিয়াল্লাহু আনহুর নেতৃত্বে ৮৩ জন পুরুষ, ১৮ জন নারী ও কয়েকজন শিশুও হিজরত করেছিলেন।
- নবুওয়তের ষষ্ঠ বছরের শেষ দিকে প্রথমে হযরত হামযা রাদি. ও মহানবী ﷺ-এর দোয়ার প্রেক্ষিতে তিন দিন পর হযরত উমর ইবনুল খাত্তাব রাযি. -কে আল্লাহ্ তা'আলা ইসলাম গ্রহণ করিয়ে মুসলমানদের শক্তিশালী করেন। হযরত উমর রাদি. মুসলমান হওয়ার পর থেকে ইসলাম পূর্ণরূপে আত্মপ্রকাশ করে এবং প্রকাশ্যে ইসলামের দাওয়াতের কাজ সুগম হয়। মুসলমানরা প্রকাশ্যে নামায আদায় করতে শুরু করে। এসময় নবীজি ﷺ তাঁকে 'আল-ফারুক' উপাধি দেন।
- এদিকে রাসূলুল্লাহ্ ﷺ-এর তাওহীদের দাওয়াত বন্ধ করতে ব্যর্থ হয়ে মক্কার মুশরিকরা মুসলমানদেরকে সার্বিকভাবে বয়কট করল। ফলে মুসলমানগণ শি'বে আবু তালিব নামক স্থানে অবরুদ্ধ হয়ে পড়ল। এটা ছিল নবুওয়তের সপ্তম বছরের ঘটনা। মুসলমানদের জন্য খাদ্য সামগ্রী সরবরাহ বন্ধ করে দেয়া হল। এভাবে নির্মম কঠিন পরিস্থিতিতে তিনটি বছর অতিবাহিত হল।
- অবরোধ ও বয়কটের দুঃসহ তিনটি বছর শেষ হওয়ার স্বস্তির রেশ কাটতে না কাটতেই নবুওয়তের দশম বছরে চাচা আবু তালিব ইন্তেকাল করেন। এর পঞ্চাশ দিন পরই রমাজান মাসে ইন্তেকাল করেন আম্মাজান হযরত খাদিজা রাদি.। ঘরের-বাইরের দুই নির্ভরতাকে হারিয়ে নবীজি ﷺ অত্যন্ত ব্যথিত হয়ে পড়েন। তাই তিনি এ বছরকে 'আমুল হুযন' বা শোকের বছর নামকরণ করেন।
- নবুওয়তের দশম বছরের শাওয়াল মাসে রাসূলুল্লাহ্ ﷺ দাওয়াতের উদ্দেশ্যে তায়েফ গমন করেন। কিন্তু তায়েফবাসী দাওয়াত কবুল না করে উল্টো তাঁর

মোবারক শরীরে পাথর নিক্ষেপ করে রক্তাক্ত করে দেয়। প্রবাহিত রক্তে নবীজির ﷺ পদযুগল সিক্ত হয়ে উঠে, পাদুকাদ্বয় রক্তে পূর্ণ হয়ে যায়।

- এহেন কঠিন পরিস্থিতির মাঝে আল্লাহ রাব্বুল আলামীন তাঁর প্রিয় হাবীব ﷺ-কে আপন নিদর্শন সমূহ দেখিয়ে সান্ত্বনা দিতে 'মিরাজ' সংঘটিত করেন। একরাতে নবীজি ﷺ মক্কা থেকে মসজিদুল আকসা (এই ভ্রমনকে **'ইসরা'** বলা হয়) এবং মসজিদুল আকসা থেকে উর্ধ্বাকাশে গমন করেন (এই ভ্রমনকে **'মিরাজ'** বলা হয়।) এই সফরেই পাঁচ ওয়াক্ত নামায ফরয করা হয়।
- নবুওয়তের একাদশ বছর হজের মওসুমে নবীজি ﷺ নিজেই ইয়াসরিব (মদীনা)- থেকে আগত ছয়জন খাযরাজ বংশীয় যুবককে ইসলামের দাওয়াত দেন। যারা সকলেই ইসলাম কবুল করেন। মদীনায় প্রত্যাবর্তন করে তাঁরা মদীনাবাসীর মাঝে দাওয়াত দিতে থাকেন, যার ফলে মদীনার ঘরে ঘরে ইসলামের মোবারক দাওয়াত পৌঁছে যায়।
- নবুওয়তের দ্বাদশ বছরে মদীনা হতে বারোজনের একটি প্রতিনিধিদল (যাদের মাঝে দশজন খাযরাজ গোত্রীয় এবং দুজন আওস গোত্রীয়) মক্কার মিনায় অবস্থিত সংকীর্ণ পাহাড়ি গিরিপথ আকাবায় নবীজী ﷺ -এর সাথে মিলিত হয়ে বাইয়াত গ্রহণ করেন। ইতিহাসে এটি **'প্রথম বাইয়াতে আকাবা'** নামে খ্যাত। এসময় নবীজি দ্বীন ও কুরআন পাঠ শিক্ষা দিতে এবং নামাজে ইমামতি করতে হযরত মুসআব বিন উমায়ের রাদি.-কে তাঁদের সঙ্গে মদীনায় প্রেরণ করেন।
- নবুয়তের ত্রয়োদশ বছর হজ্জের মৌসুমে 'দ্বিতীয় বাইয়াতে আকাবা' অনুষ্ঠিত হয়। এতে অংশগ্রহণ করেন তিয়াত্তর জন পুরুষ ও দুইজন নারী। এই বাইয়াতের মাধ্যমে মদীনাবাসী সকল ক্ষেত্রে নবীজি ﷺ-এর পরিপূর্ণ আনুগত্য এবং নবীজি ﷺ ও মক্কার মজলুম মুসলমানদের দ্বীনী এবং সামরিক পূর্ণ সহযোগিতার শপথ গ্রহণ করেন।

নবীজী ﷺ-এর হিজরত:

- এদিকে রাসূলুল্লাহ ﷺ-এর উপর কুরাইশদের বাড়াবাড়ি ও জুলুম-নির্যাতনের সীমা ছাড়িয়ে গেল, এমনকি তারা তাঁকে হত্যা করার ষড়যন্ত্রও শুরু করে দিল। তখন আল্লাহ্ তা'আলা রাসূলুল্লাহ্ ﷺ-কে মদীনায় হিজরত করার নির্দেশ

দিলেন। নবীজী ﷺ হযরত আবু বকর সিদ্দীক রাদিয়াল্লাহু আনহুকে সঙ্গে নিয়ে ৬২২ খ্রিস্টাব্দে (নবুওয়তের চতুর্দশ বছর) মদীনায় হিজরত করেন।

নবীজী ﷺ-এর মাদানী যিন্দেগী:

- নবীজির ﷺ আগমনধন্য ইয়াসরিবের নাম হয় 'আল মদীনাতুল মুনাওয়ারা' বা আলোকিত নগরী। পৃথিবীর ইতিহাসে সূচিত হয় এক নব উজ্জ্বল অধ্যায়, যাবতীয় উপাদানে সমৃদ্ধ এক ইসলামি রাষ্ট্রের অভ্যুদয়। এ রাষ্ট্রের ভূমি হল ইয়াসরিব, যার জনগণ হল মুহাজির ও আনসারগণ, সংবিধান হল আল কুরআন আর রাষ্ট্রনায়ক হলেন সর্বশ্রেষ্ঠ মানব নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।
- মদীনায় পৌঁছেই নবীজি ﷺ 'মসজিদে নববী'র নির্মাণ কাজ শুরু করেন। এটি কেবল ইবাদতগাহ্ ছিল না, ছিল দ্বীন শিক্ষার বিশ্ববিদ্যালয়, দাওয়াতের মারকাজ, মুসলিম রাষ্ট্রের সংসদ আর প্রতিরক্ষার হেডকোয়ার্টার। এখান থেকেই দেশ-দেশান্তরে বিজয়াভিযান প্রেরিত হত। এখানেই ইসলামী রাষ্ট্রের বিভিন্ন বিষয়ে পরামর্শ ও সিদ্ধান্ত গৃহিত হত। এখানেই নবীজি ﷺ বিভিন্ন গোত্রের প্রতিনিধিদল, রাজন্যবর্গ ও রাজ-দূতদের স্বাগত জানাতেন। পরবর্তীতে এখানেই মুসলিম জাহানের খলিফা নির্বাচন করা হত এবং এখানেই মুসলমানগণ খলিফার হাতে বাইয়াত গ্রহণ করতেন।
- নবীজি ﷺ দ্বিতীয় যে কাজটি করেন তা হলো আনসার ও মুহাজিরদের মাঝে এক অভূতপূর্ব ভ্রাতৃত্ব স্থাপন করে দেন, ইতিহাসে যার দ্বিতীয় আর কোনো নজির পাওয়া যায় না।
- তৃতীয়ত, তিনি মদীনায় বসবাসরত ইহুদীদের সাথে মৈত্রীচুক্তি করেন। মদীনায় তখন ইহুদীদের তিনটি গোত্র বসবাস করত-ক. বনু কাইনুকা (এরা ছিল খাযরাজ গোত্রের মিত্র), খ. বনু নাযির ও গ. বনু কোরাইযা। (এই গোত্রদ্বয় ছিল আওস গোত্রের মিত্র)
- এভাবে মদীনার ভিতর নিরাপত্তা নিশ্চিত করেই রাসূলুল্লাহ ﷺ মদীনার বাহিরের ইসলামের দুশমনদেরকে প্রতিহত করে সর্বত্র আল্লাহর বিধান কায়েম করার জন্য জিহাদের মেহনত শুরু করেন।

- প্রথমে আল্লাহ তা'আলা মুসলমানদেরকে কেবল যুদ্ধের অনুমতি প্রদান করেন। (সূরা হজ্জ: ৩৯)। এর কিছুকাল পর দ্বিতীয় হিজরীর শাবান মাসে আল্লাহ তাআলা মুসলিম উম্মাহর উপর জিহাদ ফরয করেন। (সূরা বাকারা: ১৯০-১৯৩; ২১৬)
- এই বছরই (দ্বিতীয় হিজরীতে) রমজান মাসের রোযা এবং যাকাত ফরয করা হয়।
- দ্বিতীয় হিজরীর শাবান মাসে (৬২৪ ঈসায়ীর ফেব্রুয়ারি)-তে আল্লাহ তা'আলা বায়তুল মাক্দিসের পরিবর্তে কাবাঘরকে মুসলমানদের কেবলা মনোনিত করেন।
- এদিকে নবীজি ﷺ একের পর এক সামরিক অভিযান পরিচালনা করা শুরু করেন। নবীযুগে সংঘঠিত সামরিক অভিযান সমূহ দুই প্রকার। যথা:

  ক.গাযওয়া: যেসব অভিযানে নবীজি ﷺ নিজে অংশগ্রহণ করেছেন এবং নেতৃত্বদান ও পরিচালনা করেছেন। এরূপ গাযওয়ার সংখ্যা সাতাশটি, যার মধ্যে আটটি মতান্তরে নয়টিতে প্রত্যক্ষ লড়াই হয়েছে। গাযওয়ার মধ্যে প্রধান ও গুরুত্বপূর্ণ গাযওয়া হচ্ছে সাতটি। যথা: ০১. বদর (রমজান, ২য় হিজরি), ০২. উহুদ (শাওয়াল, ৩য় হিজরি), ০৩. খন্দক (শাওয়াল, ৫ম হিজরি), ০৪. খায়বার (মুহার্‌রম, ৭ম হিজরি), ০৫.মক্কা বিজয় (রমজান, ৮ম হিজরি), ০৬.হুনায়ন (শাওয়াল, ৮ম হিজরি) এবং ০৭. তাবুক (রজব, ৯ম হিজরি)।

  খ. সারিয়্যা: যেসব অভিযানে নবীজি ﷺ প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করেননি; বরং কোনো সাহাবীকে বাহিনী-প্রধান নির্ধারণ করে অভিযানে প্রেরণ করেছেন। এরূপ সারিয়্যার সংখ্যা ছেচল্লিশটি।

- রাসূলুল্লাহ্ ﷺ ইরশাদ করেন,

بُعِثْتُ بالسيفِ بينَ يدَي الساعةِ حتى يُعبدَ اللهُ وحدَه لا شريكَ له

"কিয়ামতের পূর্ব মুহূর্তে আমাকে তরবারি সহকারে পাঠানো হয়েছে, যাতে করে এই যমীনে এক আল্লাহ্‌র ইবাদত করা হয়, যার কোনো শরীক নেই।" (মুসনাদে আহমাদ-৫১১৪)

وَأَنَا الْحَاشِرُ ، وَنَبِيُّ الْمَلاحِمِ

"আমি একত্রকারী, আমি যুদ্ধের নবী (নাবিয়্যুল মালাহিম্)"

(শামায়েলে তিরমিযি, হাদিস নং-২৮৩; মুসনাদে আহমাদ, হা/২৩৪৯২; শারহুস্ সুন্নাহ, হা/৩৬৩১; মুস্তাদ্‌রাকে হাকেম, হা/৪১৮৫; মুসান্নাফে ইবনে আবি শাইবা, হা/৩২৩৫১; মুস্‌নাদুত তায়ালুসী, হা/৪৯৪)

جعل رزقي تحت ظل رمحي

"আমার রিযিক বর্শার ছায়াতলে রাখা হয়েছে।" (বুখারী শরীফ-১/৪০৮)

আমার জান ও পিতামাতা আল্লাহ্‌র রাসূলের জন্য কুরবান হোক! কত সত্যবাদী রাসূল ছিলেন তিনি! তাঁর জীবদ্দশাতে সংঘটিত তেষট্টিটি যুদ্ধাভিযান-ই এই হাদীসগুলো বুঝার জন্য যথেষ্ট। সত্যিই তিনি তরবারির নবী, যুদ্ধের নবী; তিনি কেবল জায়নামায আর তসবীহর নবী ছিলেন না! মদীনার অলিতে গলিতে যখন 'হাইয়্যা 'আলাল জিহাদ' বলে আযান দেয়া হত, তখন সাহাবায়ে কেরাম রাদি. তরবারি আর ঢাল নিয়েই বের হতেন, অন্য কিছু নিয়ে নয়। 'আল্লাহ্‌র রাস্তা' বলতে তাঁরা 'আল্লাহ্‌র রাস্তায় যুদ্ধ করা'কেই বুঝতেন।

আরেকটি লক্ষ্যণীয় বিষয় হলো, পৃথিবীর সবচেয়ে ভালো মানুষটি, সর্বাপেক্ষা আখলাকওয়ালা মানুষটি, সর্বোত্তম উপায়ে সর্বোচ্চ হিকমাহ্‌র সাথে দাওয়াতপ্রদানকারী ব্যক্তিটি কেন হাতে তরবারি তুলে নিলেন? দ্বীন কায়েমের জন্য যদি শুধু তালিম, তরবিয়ত, দাওয়াত আর তাযকিয়াই যথেষ্ট হত, তাহলে কেন তিনি রক্ত আর আগুনের পথ বেছে নিলেন?

যাইহোক, নিম্নে নবুওয়তের যামানার প্রধান প্রধান যুদ্ধাভিযানের উপর কিঞ্চিৎ আলোকপাত করা হল–

- **বদর যুদ্ধ (রমজান, ২য় হিজরি):** এই যুদ্ধকে ইসলামি ইতিহাসে হক-বাতিলের প্রথম নিষ্পত্তিমূলক যুদ্ধ হিসেবে গণ্য করা হয়। মুসলিম বাহিনীর সৈন্যসংখ্যা ছিল ৩১৩ জন। মুসলমানদের ছিল মাত্র দুটি ঘোড়া, সত্তরটি উট। বাহিনীর নেতৃত্বে ছিলেন স্বয়ং রাসূলুল্লাহ ﷺ। অপরদিকে মুশরিক বাহিনীর সংখ্যা ছিল ৯৫০। তাদের সঙ্গে ছিল ১০০ ঘোড়া, সাতশ উট ও ছয়শ বর্ম। আর নেতৃত্ব ছিল আবু জাহলের হাতে। আল্লাহ্ তা'আলা এই যুদ্ধে মুসলমানদের সাহায্যের জন্য তাঁর অদৃশ্য বাহিনী (হযরত জিব্রাঈল আলাইহিস সালামের নেতৃত্বে এক/তিন/পাঁচ হাজার ফিরিশতা) অবতীর্ণ করেন।

যুদ্ধের ফলাফল: মুসলমানদের বিজয়। কাফিরপক্ষের সত্তরজন নিহত ও সমসংখ্যক বন্দী হয়। এই যুদ্ধে আবুল হাকাম ইবনে হিশাম (আবু জাহল), উতবা ইবনে রবিয়া, শায়বা ইবনে রবিয়া, উমাইয়া ইবনে খালফ সহ মক্কার ২৪ জন বড় বড় নেতা নিহত হয়। মুসলিম পক্ষের চৌদ্দজন সাহাবী বদর যুদ্ধে শহিদ হন।

এই যুদ্ধে 'আমিনুল উম্মত' হযরত আবু উবায়দা ইবনুল জার্‌রাহ রাদি. তাঁর কাফির পিতাকে হত্যা করেন।

বদর যুদ্ধের বন্দীদের ব্যাপারে নবীজি হযরত আবু বকর রাদি. এর ফয়সালা গ্রহণ করে মুক্তিপণ গ্রহণ করত বন্দীদের ছেড়ে দেন। এই ফয়সালা আল্লাহ্ পাক অপছন্দ করে এই আয়াত নাযিল করেন, "যমীনে শত্রুকে ব্যাপকহারে হত্যা না করে কোনো নবীর জন্য সমীচীন নয় বন্দীদের নিজের কাছে রাখা, তোমরা পার্থিব কল্যাণ চাও আর আল্লাহ চান পরকালের কল্যাণ।" (সূরা আনফাল ৮: ৬৭) অর্থাৎ আল্লাহ্ তা'আলা চাচ্ছিলেন যুদ্ধাপরাধী সকল কাফেরদের হত্যা করা হোক।

- **বনু কায়নুকার যুদ্ধ:** বনু কায়নুকার বাজারে জনৈক ইহুদী স্বর্ণকার কর্তৃক এক মুসলিম বোনের লাঞ্ছিত হওয়ায় উপস্থিত সাহাবী সাথে সাথে অভিশপ্ত ইহুদীকে জাহান্নামে পাঠিয়ে দেন। এদিকে অন্যান্য ইহুদীরা আক্রমণ করে ঐ সাহাবীকে শহিদ করে দেয়। এর দ্বারা ইহুদীরা তাদের সাথে কৃত চুক্তি ভঙ্গ করে। খবর শোনামাত্র রাসূলুল্লাহ্ ﷺ সাহাবায়ে কেরামদের নিয়ে বনু কায়নুকার উদ্দেশ্যে রওয়ানা হয়ে যান, তাদের অবরোধ করেন এবং তাদেরকে মদীনা হতে তাড়িয়ে দেন। ফলে ইহুদীরা শামে চলে যায়। এটিও দ্বিতীয় হিজরীর ঘটনা।
- **উহুদ যুদ্ধ (শাওয়াল, ৩য় হিজরি):** বদর যুদ্ধের প্রতিশোধ নিতে মক্কার মুশরিকরা তাদের নেতা আবু সুফিয়ানের নেতৃত্বে তিন হাজার সৈন্যের একটি বাহিনী নিয়ে মদীনা আক্রমনের উদ্দেশ্যে বের হয়। খবর পেয়ে রাসূলুল্লাহ ﷺ এক হাজার সৈন্যের এক বাহিনী নিয়ে মদীনা হতে বের হয়ে উহুদ পাহাড়ের পাদদেশে ছাউনি ফেলেন। পথিমধ্যে মুনাফিকদের সরদার ইবনে সালুল মুসলিম বাহিনীর প্রায় এক তৃতীয়াংশ (৩০০) সৈন্য নিয়ে মদিনায় ফিরে যায়। এইভাবে আল্লাহ্

তাআলা জিহাদ ফী সাবিলিল্লাহ্‌র হুকুমের মাধ্যমে উম্মাহ্‌র ভিতর ঘাপটি মেরে বসে থাকা মুনাফিকদের আলাদা করে দিলেন। উল্লেখ্য, মুনাফিকরা মুসলমানদের সাথে সকল আমলই করতো, কেবল জিহাদ ফী সাবিলিল্লাহ্ ছাড়া। এই যুদ্ধে তীরন্দাজ বাহিনীর একটি অংশ রাসূলুল্লাহ্ ﷺ-এর নির্দেশনা ভুল বুঝায় মুসলমানদের 'নিশ্চিত বিজয়' সাময়িক বিপর্যয়ে পরিণত হয়।
উহুদ যুদ্ধে মুশরিক বাহিনীর বাইশজন সৈন্য নিহত হয়। অপরদিকে মুসলিম বাহিনীর সত্তরজন সাহাবি শহিদ হন। পাপিষ্ঠ কুরাইশ নেতা উতবা ইবনে আবী ওয়াক্কাসের নিক্ষিপ্ত একটি পাথর রাসূলুল্লাহ্ ﷺ-এর মুবারক শরীরে প্রচন্ডভাবে আঘাত হানে। এতে তাঁর শিরস্ত্রাণের দুটো অংশ ভেঙ্গে চোয়ালের ভেতরে ঢুকে যায়। ফলে সম্মুখভাগের ডান দিকের নিচের দন্ত মুবারক ভেঙ্গে যায়। মুখমন্ডল ও ঠোঁট মুবারক আহত হওয়ার ফলে সমস্ত মুখমন্ডল রক্তাক্ত হয়ে যায়। কপালে জখম হয়। অতঃপর মুসলমানদেরকে তাদের অজান্তে ফেলে মারার জন্য কুফ্‌ফাররা যে গর্ত খুঁড়ে রেখেছিল, তার একটিতে পড়ে যান তিনি।
মুশরিকরা নবীজির চাচা হামজা বিন আব্দুল মুত্তালিবসহ অনেক শহিদের লাশ বিকৃত করে। এই যুদ্ধেই হযরত হানযালা রাদি. বাসর শয্যা থেকে জিহাদের আহ্বানে বেরিয়ে পড়েন এবং যুদ্ধ করতে করতে শহিদ হয়ে যান। তাঁকে সম্মানিত ফিরিশতারা গোসল প্রদান করেন।

- **বনু নাযিরের বিরুদ্ধে অভিযান (চতুর্থ হিজরি):** রাসূলুল্লাহ্ ﷺ-কে প্রতারণা করে হত্যা করার প্রচেষ্টার মাধ্যমে ইহুদিদের গোত্র 'বনু নাযির' তাদের সাথে কৃত চুক্তি ভঙ্গ করে। তাই নবীজি ﷺ সাহাবায়ে কেরামদের নিয়ে বনু নাযির গোত্রের দুর্গ পনের দিন অবরোধ করে রাখেন। নবীজি ﷺ বনু নাযিরের জনপদের চারপাশের খেজুর গাছ কেটে ফেলার এবং জ্বালিয়ে দেয়ার নির্দেশ দেন। অবশেষে তাদেরকে মদীনা থেকে তাড়িয়ে দেয়া হয়। ইহুদীদের একটি দল শামে আর আরেকটি দল খায়বারে চলে যায়।
- **খন্দক (শাওয়াল, ৫ম হিজরি):** খায়বারের অভিশপ্ত ইহুদীরা মক্কার মুশরিক, গাতফান গোত্রকে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধের জন্য উস্কে দেয়। এছাড়াও বনু কিনানা ও বনু তিহামা গোত্রও এ যুদ্ধে মুসলিমদের বিরুদ্ধে শরীক হয়। সব

মিলিয়ে দশ হাজার সৈন্যের এই বহুজাতিক বাহিনী মুসলিমদেরকে দুনিয়া থেকে চির বিদায় দিতে মদীনা আক্রমনের উদ্দেশ্যে বের হয়। এই জন্য এই যুদ্ধকে 'আহযাবের যুদ্ধ' তথা বহুজাতিক বাহিনীর যুদ্ধও বলা হয়। এদিকে প্রবীণ সাহাবী হযরত সালমান ফারসি রাদি. মুশরিক বাহিনীকে মদীনায় প্রবেশে বাধা দিতে মদিনার পাশে পরিখা খনন করার প্রস্তাব দেন। প্রস্তাব গৃহীত হলে স্বয়ং নবী করিম ﷺ পরিখা খনন কাজে সাহাবায়ে কেরামের সাথে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। এসময় সাহাবায়ে কেরাম সমস্বরে কবিতা আবৃত্তি করছিলেন-

نَحْنُ الَّذِيْنَ بَايَعُوْا مُحَمَّدًا
عَلَى الْجِهَادِ مَا بَقِيْنَا اَبَدًا

মুহাম্মদের সা. হাতে করেছি শপথ জিহাদের,
পিছু হটবনা কভূ পূর্বে মউতের।

জিহাদের কাজে ব্যস্ততার জন্য এই যুদ্ধে রাসূলুল্লাহ্ ﷺ ও সাহাবায়ে কেরামের চার ওয়াক্ত নামায কাযা হয়ে যায়। তখন ছিল প্রচন্ড শীত। খাদ্যের কোন সংস্থান ছিল না। অনেকেই একাধারে তিন দিন উপোস ছিলেন। পেটে একটি করে পাথর বাঁধেন। আল্লাহ্র রাসূল ﷺ নিজে পেটে দুটি পাথর বেঁধেছিলেন। তিনি নিজ হাতে মাটি খনন করে তা নিজেই মাথায় উত্তোলন করে বহন করেছিলেন। ফলে তাঁর গোটা দেহ মুবারক ধুলোমলিন হয়ে গিয়েছিলো।

এ যুদ্ধে নবীজী ﷺ যে তরবারি ব্যবহার করেন তার নাম 'জুলফিকার'। এ তরবারির বাট ও খাপ রৌপ্যের তৈরি। প্রিয় ভাই! একটু চিন্তা করুন। খাদ্যের সংস্থান নেই, পেটে পাথর বাঁধা; কিন্তু হাতে রৌপ্য নির্মিত বাট ও খাপের তরবারি। সুব্হানাল্লাহ্! এটিই সাইয়্যিদুল মুরসালীন -এর আদর্শ। খাদ্য না থাকলেও সমস্যা নেই, কিন্তু আগে জিহাদের সর্বাত্মক প্রস্তুতি চাই। জিহাদের প্রয়োজনে একান্ত অপারগতায় নামায ছুটে যেতে পারে, কিন্তু জিহাদের ব্যাপারে শিথীলতা চলবে না। আর আল্লাহ্ তা'আলাও তাঁর প্রিয় হাবীবের এই জিহাদী জযবার প্রেক্ষিতে এ যুদ্ধের মধ্যেই নাযিল করেন এই আয়াত-

لَّقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ ٱللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ

"তোমাদের জন্য আল্লাহ্‌র রাসূলের মধ্যে রয়েছে সর্বোত্তম আদর্শ।" (সূরা আহযাব ৩৩:২১)

খন্দক তথা আহযাবের যুদ্ধে মুসলিমদের সৈন্য সংখ্যা ছিল তিন হাজার। বহুজাতিক বাহিনী মদীনা পৌঁছে পরিখা দেখে স্তম্ভিত ও হতভম্ব হয়ে যায়। ফলে তারা মদীনায় প্রবেশ করতে পারেনি। উভয়পক্ষের মধ্যে তীর ছুড়াছুড়ি হলে ছয়জন সাহাবী শহিদ হন এবং মুশরিক পক্ষের নিহত হয় দশজন।

নবীজি ﷺ মদিনার মুসলিম, নারী, শিশু-কিশোর ও বয়োবৃদ্ধদের শত্রুর আক্রমণ হতে নিরাপদে রাখতে বনু হারিসার দুর্গে আশ্রয় গ্রহণের নির্দেশ দেন।

এদিকে মদীনার ভিতর অবস্থানরত সর্বশেষ ইহুদী গোত্র বনু কুরায়যা মৈত্রিচুক্তি ভঙ্গ করে বহুজাতিক বাহিনীকে সহায়তা করতে সম্মত হয়। ফলে মুসলমানরা বাহির ও ভিতর উভয় দিক হতে আক্রান্ত হওয়ার ঝুঁকিতে পতিত হয়। সময়টি ছিল মুসলমানদের জন্য অত্যন্ত সঙ্গিন। শীত ও ক্ষুধা, ভয় ও শঙ্কা, হামলা ও অবরোধ- সবকিছু মিলে তখন কঠিন দুর্যোগময় পরিস্থিতি। এমন সময় আল্লাহ্ তাআলার অনুগ্রহে গাতফান গোত্রের নাঈম ইবনে মাসুদ ইবনে আমের আশজাঈ ইসলাম গ্রহণ করেন। তাকে ব্যবহার করে নবীজি ﷺ বহুজাতিক বাহিনীর মধ্যে ফাটল ধরান। এই বাহিনী এক মাসের মত মুসলমানদের অবরোধ করে রেখেছিল। অবশেষে আল্লাহ্ পাক একরাতে ঝড়ো হাওয়া নাযিল করেন, যা বাতিলের শিবিরকে লন্ডভন্ড করে দেয়, তাদের তাবু উল্টে দেয়, জিনিসপত্র তছনছ হয়ে যায়। অবশেষে বহুজাতিক বাহিনী ভয়ে লেজ গুটিয়ে পালিয়ে যায়। সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহ্ রাব্বুল আলামীনের জন্য।

এ যুদ্ধের মাধ্যমে এটা স্পষ্ট হয়ে যায়, মদীনায় বিকাশমান মুসলিম শক্তিকে প্রতিহত করার মত আরবে আর কেউ অবশিষ্ট নেই।

- **বনু কুরায়যার বিরুদ্ধে দৃষ্টান্তমূলক অভিযান:** খন্দক যুদ্ধের সময় বনু কুরায়যার ইহুদি সম্প্রদায় বিশ্বাসঘাতকতা করায়, আল্লাহ্ পাকের হুকুমে রাসূলুল্লাহ্ ﷺ সাহাবায়ে কেরামের বাহিনী নিয়ে বনু কুরায়যার দুর্গ পঁচিশ দিনব্যাপী অবরোধ করে রাখেন। অবশেষে তারা এই শর্তে আত্মসমর্পনের সিদ্ধান্ত নেয় যে, আল্লাহ্‌র রাসূল ﷺ হযরত সাদ বিন মুআয রাযি.-কে তাদের বিষয়ে

ফয়সালাকারী নির্ধারণ করবেন। তারা ভেবেছিল, বনু কুরায়যার মিত্র আনসারি আওস গোত্রের সরদার হিসেবে সাদ বিন মুআয তাদের বিষয়ে কোমল ও সহনীয় কোনো ফয়সালা দিবেন। কিন্তু সাহাবায়ে কেরাম যে ছিলেন "আশিদ্দা উ আলাল কুফ্ফার, রুহামা উ বাইনাহুম" (কুফ্ফারদের প্রতি অত্যন্ত কঠোর আর মুসলিমদের প্রতি অত্যন্ত সুহৃদ)। তাই হযরত সাদ ইবনে মুআয রাযি. ফয়সালা দেন-

ক. যুদ্ধ করতে সক্ষম প্রত্যেক ব্যক্তির শিরচ্ছেদ করা হোক।

খ. নারী ও অপ্রাপ্তবয়স্কদের ক্রীতদাসে পরিণত করা হোক।

গ. তাদের সকল সম্পদ (মুসলমানদের মাঝে) বণ্টন করে দেয়া হোক।

প্রিয় ভাই, এটা কেবল সাহাবায়ে কেরামের মেজাজই ছিল না, স্বয়ং আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলারও চাওয়া ছিল। হযরত সাদ বিন মুআয রাদি. এর ফয়সালা শুনে হুজুর ﷺ মন্তব্য করেন, সপ্তাকাশের উর্ধ্বে স্বয়ং আল্লাহ্ তাআলা তাদের বিষয়ে যে ফয়সালা করেছে, তুমিও সে ফয়সালাই করেছ।

এরপর মদিনার বাজারে গর্ত করা হয়। গভীর গর্ত খননের পর হাত বাঁধা ইহুদীদেরকে দলে দলে নিয়ে এসে পাইকারী হারে শিরশ্ছেদ করে গর্তে ফেলে দেয়া হয়। তাদের সংখ্যা ছিল ছয় থেকে সাত শয়ের মাঝামাঝি। আর যাবতীয় নারী ও শিশুদেরকে মুসলমানদের মাঝে বণ্টন করে দেয়া হয়।

বনু কুরায়যাকে সমূলে নিপাত করার মাধ্যমে মদিনা পুরোপুরি ভাবে বিষাক্ত ইহুদীমুক্ত হল এবং একই সাথে তা নির্ভেজাল একটি ইসলামি রাষ্ট্রে পরিণত হলো।

- **(আল্লাহ্র রাসূল ﷺ-কে কটুক্তিকারী) 'শাতীমে রাসূলে'র নববী চিকিৎসা:**

✓ বদর যুদ্ধের পর শাতীমে রাসূল ইহুদী কা'ব বিন আশরাফের সাথে বুঝাপড়া করে তার পরিণতিতে পৌঁছে দিতে রাসূলুল্লাহ্ ﷺ আউস্ গোত্রের হযরত মুহাম্মাদ ইবনে মাসলামা রাদি.কে কয়েকজন সাথীসহ প্রেরণ করেন। হযরত মুহাম্মাদ ইবনে মাসলামা রাদি ও তাঁর সাথীগণ অভিশপ্ত কা'ব বিন আশরাফের

পাওনা বুঝিয়ে দেন এবং তার কর্তিত মস্তক এনে নববী দরবারে উপস্থিত করেন।

✓ বনু কুরায়যার অভিযানের পর শাতীমে রাসূল খায়বারের ইহুদি সালাম ইবনে আবুল হুকাইক (আবু রাফে)-কে শায়েস্তা করতে রাসূলুল্লাহ ﷺ খাযরাজ গোত্রের হযরত আব্দুল্লাহ্ ইবনে আতিক রাদি.-কে প্রেরণ করেন। রাতের আঁধারে হযরত আব্দুল্লাহ্ ইবনে আতিক রাদি. আবু রাফের দুর্গসম বাসভবনে অভিযান চালিয়ে এই খবীসকে জাহান্নামে পাঠিয়ে দিয়ে তার পাওনা তাকে বুঝিয়ে দেন।
[শাতীমে রাসূলের শাস্তি সম্পর্কে জানতে বিস্তারিত পড়ুন: https://bit.ly/shatim1]

- **হুদায়বিয়ার সন্ধি ও বায়আতে রিজওয়ান:**

কুরাইশদের সাথে এসব যুদ্ধের পর রাসূলুল্লাহ্ ﷺ ষষ্ঠ হিজরির জিলকদ মাসে (৬২৮ সালের মার্চ মাসে) চৌদ্দশত সাহাবায়ে কেরামকে সঙ্গে নিয়ে উমরা আদায়ের উদ্দেশ্যে মক্কার দিকে রওয়ানা হন। গোয়েন্দা মারফত তিনি জানতে পান, নবীজির ﷺ আগমনের খবর পেয়ে কুরাইশরা বিশাল সৈন্য সমাবেশ করেছে। উমরা করাই যে একমাত্র উদ্দেশ্য- তা জানানোর জন্য রাসূলুল্লাহ্ ﷺ হযরত উসমান রাদি.-কে দূত হিসেবে মক্কায় প্রেরণ করেন। হযরত উসমান রাদি. এর ফিরে আসতে দেরি হওয়ায় মুসলিম শিবিরে গুজব ছড়িয়ে পড়ে যে, হযরত উসমান রাদি.-কে হত্যা করা হয়েছে। তখন নবীজি দৃপ্ত কণ্ঠে ঘোষণা করেন,

لَا نَبْرَحُ حَتَّى نُنَاجِزَ الْقَوْمَ

"(যদি এমন ঘটে থাকে) আমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ না করে কিছুতেই ফিরব না।"

এরপর নবীজি ﷺ সকল সাহাবীকে (জিহাদ ও প্রতিশোধের) বায়আত গ্রহণের আহ্বান জানান। ইতিহাসে এ বায়আত 'বায়আতুর রিযওয়ান' নামে খ্যাতি লাভ করে। স্বয়ং আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা সাহাবীদের উপর সন্তুষ্ট হয়ে আয়াত নাযিল করেন-

لَقَدْ رَضِىَ اللهُ عَنِ الْمُؤْمِنِيْنَ اِذْ يُبَايِعُوْنَكَ تَحْتَ الشَّجَرَةِ

“অবশ্যই আল্লাহ মুমিনগণের উপর সন্তুষ্ট হয়েছেন, যখন তারা গাছের নীচে আপনার কাছে বায়আত গ্রহণ করেছিল।” (সূরা আল ফাত্হ ৪৮:১৮)

এদিকে পরিস্থিতির নাজুকতা উপলব্ধি করে কুরাইশরা দ্রুত সুহায়ল বিন আমরকে সন্ধিচুক্তি করার জন্য প্রেরণ করে। এরপর মক্কার মুশরিকদের সাথে যে সন্ধিচুক্তি হয়েছিল তা ইতিহাসে ‘হুদায়বিয়ার সন্ধি’ নামে পরিচিত।

- **বিভিন্ন বাদশাহ এবং আমীরদের নামে ইসলামের প্রতি দাওয়াত দিয়ে পত্র প্রেরণ:**

খায়বারের অভিযানের কয়েকদিন পূর্বে সপ্তম হিজরীর পহেলা মহররম তারিখে রাসূলুল্লাহ্ ﷺ দূত মারফত এসকল চিঠি প্রেরণ করেন। যেমন: হাবশার বাদশাহ নাজ্জাশী, মিশর ও আলেকজান্দ্রিয়ার বাদশাহ মুকাওকিস, পারস্য সম্রাট খসরু পারভেয, রোম সম্রাট কায়সারের নামে ইত্যাদি।

- **আরব উপদ্বীপে ইহুদিদের শেষ ঘাটি খায়বার বিজয়:**

সপ্তম হিজরির মুহার্‌রম মাসে (৬২৮ সালের মে মাসে) খায়বর অভিযান সংঘটিত হয়। এ যুদ্ধে মুসলমানদের সৈন্য সংখ্যা ছিল চৌদ্দশ; অপরদিকে প্রতিপক্ষে ছিল এগারো হাজার সৈন্য (দশ হাজার ইহুদী ও এক হাজার বনু গাতফান গোত্রের)। খায়বার অভিযানে ষোল জন সাহাবী শহিদ হন। অপরদিকে ইহুদীদের তিরানব্বই জন নিহত হয়।

- **মুতার যুদ্ধ:**

এ যুদ্ধ ছিল নবীজীর ﷺ জীবদ্দশায় সংঘটিত মুসলমানদের সবচেয়ে ভয়াবহ, রক্তক্ষয়ী, অসম এক যুদ্ধ। মূলত এ যুদ্ধের মাধ্যমেই পরবর্তী সময়ে রোমান সাম্রাজ্যের অঞ্চলসমূহ বিজয়ের পথ সুগম হয়েছিল। এই যুদ্ধে রাসূলুল্লাহ ﷺ তিনজন সেনাপতি নির্বাচন করে দিয়েছিলেন (যায়েদ বিন হারেসা রাদি., জাফর বিন আবু তালিব রাদি. আব্দুল্লাহ্ ইবনে রাওয়াহা রাদি.) এই শর্তে যে, একজন শহীদ হলে আরেকজন পতাকা তুলে নিবেন। মুতার যুদ্ধে মাত্র তিন হাজার মুসলিম সৈন্য দুই লক্ষাধিক রোমান-আরব সম্মিলিত বাহিনীর বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হয়। মুসলমানরা এই বিশাল সংখ্যক বাহিনীর বিরুদ্ধে যুদ্ধের ব্যাপারে

প্রস্তুত ছিলেন না। আসলে তারা কল্পনাও করেননি, কাফেরদের বাহিনী এত বিশাল হবে। তাই সিদ্ধান্ত হলো, রাসূলুল্লাহ ﷺ এর কাছে পত্র পাঠিয়ে শত্রুর লোক লস্করের সংখ্যা জানাবেন। তিনি হয় আরো সৈন্য পাঠাবেন, নচেত যা ভালো মনে করেন নির্দেশ দিবেন। হযরত আব্দুল্লাহ ইবনে রাওয়াহা রাদিয়ালাহু আনহু দাঁড়িয়ে গেলেন এবং মুসলমানদেরকে যুদ্ধের জন্য উৎসাহিত করে বললেন,

يَا قَوْمِ، وَاَللَّهِ إنَّ الَّتِي تَكْرَهُونَ، لَلَّتِي خَرَجْتُمْ تَطْلُبُونَ الشَّهَادَةُ، وَمَا نُقَاتِلُ النَّاسَ بِعَدَدِ وَلَا قُوَّةٍ وَلَا كَثْرَةٍ، مَا نُقَاتِلُهُمْ إلَّا بِهَذَا الدِّينِ الَّذِي أَكْرَمَنَا اللَّهُ بِهِ، فَانْطَلِقُوا فَإِنَّمَا هِيَ إحْدَى الْحُسْنَيَيْنِ إمَّا ظُهُورٌ وَإِمَّا شَهَادَةٌ

[عبد الملك بن هشام, سيرة ابن هشام ت السقا, ৩৭৫/২]

"হে মুসলমানগণ! আল্লাহ্র কসম! আজ তোমরা যা অপছন্দ করছ সেটাই তোমরা কামনা করছিলে। আর তা হলো শাহাদাত। আমরা সংখ্যা-শক্তি বা সংখ্যাধিক্যের জোরে লড়াই করি না। যে জীবনব্যবস্থার দ্বারা আল্লাহ আমাদেরকে সম্মানিত করেছেন সেটির জন্য আমরা লড়াই করি। অতএব এগিয়ে যাও, বিজয় বা শাহাদাত এ দুটো উত্তম জিনিসের যে কোন একটা অবশ্যই আমাদের জন্য নির্ধারিত আছে।"

হযরত আব্দুল্লাহ্ ইবনে রাওয়াহা রাদি. এর বক্তব্য শুনে সকলেই নবোদ্যমে বলীয়ান হয়ে ওঠে এবং শত্রুর মোকাবিলয় অগ্রসর হয়। শুরু হয় সাতদিনব্যাপী এক প্রচণ্ড রক্তক্ষয়ী লড়াই। যেন এক অনিঃশেষ যুদ্ধ। মাত্র তিন হাজার সৈন্য মুখোমুখি হয়েছে দুই লক্ষ সৈন্যের! পৃথিবী অবাক বিস্ময়ে অবলোকন করছে এক বিস্ময়কর ঘটনা। সকলেই হতবাক! এ-ও কি সম্ভব! কিন্তু ঈমানের পুষ্পিত বসন্ত যখন আগমন করে, তখন তো এমন বিস্ময়ই উপহার দেয়!

ষষ্ঠ দিনে এসে যুদ্ধ যেন চরমে পৌঁছে। মুসলিম সেনাপতি যায়দ বিন হারেসা রাদি., এরপর জাফর বিন আবু তালিব রাদি., এরপর আব্দুল্লাহ্ ইবনে রাওয়াহা রাদি.-একের পর এক বীর বিক্রমে যুদ্ধ করতে করতে শহিদ হয়ে যান। তিনজনই শহিদ হয়ে গেলে মুসলমানরা হযরত খালিদ বিন ওয়ালিদ রাদিয়াল্লাহু

আনহুকে সেনাপতি নিযুক্ত করেন। তিনি নানা কৌশল অবলম্বন করে রোমান বাহিনীকে ধোকা দিতে সক্ষম হন এবং মুসলিম বাহিনীকে ধীরে ধীরে পিছিয়ে আনতে সক্ষম হন। এই যুদ্ধেই তিনি নবীজি ﷺ কর্তৃক "আল্লাহ্‌র তরবারি" উপাধি লাভ করেন।

প্রিয় ভাই! জানেন কি- দুই লক্ষ বনাম তিন হাজারের রক্তক্ষয়ী ও ঐতিহাসিক যে যুদ্ধে মুসলিমদের তিন-তিন জন সেনাপতি শহিদ হয়েছিলেন, সে যুদ্ধে কতজন সাহাবী শহিদ হন?

অবিশ্বাস্য হলেও সত্য, মুসলিম বাহিনীর মাত্র বারো জন সাহাবী শহীদ হয়েছিলেন। আর রোমানদের কতজন নিহত হয়েছিল? অসংখ্য। শুধু এতটুকুই জেনে রাখুন এবং অনুমান করুন, এই যুদ্ধে 'আল্লাহ্‌র তরবারি' হযরত খালিদ রাদি. এর হাতে নয়টি তরবারি ভেঙ্গেছিল।

আশ্চর্য ও বিস্ময়ের কিছু নেই! এরই নাম ঈমান ও ঈমানি শক্তি! এটিই জিহাদ ও জিহাদের শক্তি!! এটিই আল্লাহ্ পাকের ফরয বিধান জিহাদ ফী সাবিলিল্লাহ্‌র অন্তর্নিহিত রহস্য, যাতে লুক্কায়িত রয়েছে মুসলমানদের ইজ্জত, সম্মান ও জীবন!

'মহাবিজয়' মক্কাবিজয়:

এটি সেই মহান বিজয়, যার মাধ্যমে আল্লাহ্ তা'আলা আপন দ্বীন ও রাসূলকে এবং তার বিশ্বস্ত বাহিনী ও জামাতকে মর্যাদাশীল করেছেন। এ বিজয়ের ফলেই মানুষ দলে দলে আল্লাহ্ পাকের দ্বীনে প্রবেশ করতে শুরু করে।

দশ হাজার সাহাবী নিয়ে নবীজী ﷺ মক্কার উদ্দেশ্যে রওনা হন। অষ্টম হিজরী সনের ২০ রমজান (৬৩০ খ্রিস্টাব্দের ১১ জানুয়ারি) তিনি মক্কায় প্রবেশ করেন। মক্কা দখল করার পর তিনি সাধারণ ক্ষমা ঘোষণা করেন।

- **হুনাইনের যুদ্ধঃ**

মক্কা বিজয়ের দু'সপ্তাহেরও কম সময়ের মাঝে নবীজির ﷺ কাছে খবর পৌঁছে যে হাওয়াযিন ও ছাকিফ গোত্র মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য সৈন্য

সমবেত করেছে। কায়স ও আয়লান গোত্রের কিছু শাখাও মিলিত হয়েছে। নবীজি ﷺ সিদ্ধান্ত নিলেন, কুফ্ফাররা আক্রমণ করার আগেই তিনি আক্রমণ করবেন। ফলে তিনি বার হাজার সাহাবীর একটি বাহিনী নিয়ে রওনা হন। এই একটি যুদ্ধে মুসলমানদের সৈন্য সংখ্যা কাফেরদের তুলনায় বেশি ছিল, ফলে কতক সাহাবীর মনে সংখ্যাধিক্যের প্রতি তুষ্টি চলে আসে। আল্লাহ্ পাক বিষয়টি পছন্দ করেননি। তাই তিনি সাহাবায়ে কেরামকে সাময়িক বিপর্যয় দিয়ে পরীক্ষায় ফেললেন। অবশেষে অদৃশ্য বাহিনী (ফিরিশতা) নাযিল করে তাঁর রাসূল ﷺ ও দৃঢ়পদ সাহাবায়ে কেরামকে বিজয় দান করেন। এই যুদ্ধে চারজন সাহাবী শহীদ হন, অন্যদিকে কাফেরদের সত্তরজন নিহত হয়। মুসলমানরা প্রচুর মালে গনীমত লাভ করে, এর মধ্যে ২৪,০০০ উট এবং ৬০০০ যুদ্ধ বন্দী ছিল।

- **তাবুকের যুদ্ধঃ**

নবম হিজরির রজব মাসে (৬৩০ খ্রিস্টাব্দে) তাবুক অভিযান সংগঠিত হয়। মদিনায় তখন চলছিল গ্রীষ্মের মৌসুম। গরমও ছিল প্রচণ্ড। তাছাড়া চলছিল ফসল কাটার মৌসুম। নবীজি ﷺ সংবাদ পান যে, রোমান সাম্রাজ্যের অধিপতিগণ মদিনায় হামলা চালাতে বিশাল সৈন্য সমাবেশ ঘটিয়েছে এবং আরব ভূ-খণ্ডের যেসব খ্রিস্টান তাদের অধীনস্থ ছিল, তারাও তাদের সাথে যোগ দিয়েছে। নবীজি ﷺ সকল সাহাবীকে যুদ্ধের জন্য প্রস্তুতি নিতে উৎসাহিত করেন। নবীজি ﷺ কোনো অভিযানে বের হলে সাধারণত গন্তব্য জানাতেন না, কিন্তু এ যুদ্ধে যেন সবাই যথাযথ প্রস্তুতি নিতে পারেন তাই এ নিয়মের ব্যতিক্রম করে গন্তব্য জানিয়ে দেন। নবীজির ﷺ নির্দেশ পাওয়া মাত্রই সাহাবায়ে কেরাম সর্বাত্মক প্রস্তুতি নেয়া আরম্ভ করলেন। একদল গরীব, ক্ষুধাতুর সাহাবী এসে নবীজির ﷺ কাছে যানবাহনের জন্য আবেদন করেন; নবীজি ﷺ অপারগতা প্রকাশ করলে তারা দারিদ্রতা হেতু জিহাদে শরীক হতে না পারার দুঃখে অশ্রু বিগলিত চোখে ফিরে যান। ইতিহাসে তাঁরা 'বাকুন' বা ক্রন্দনকারী হিসেবে পরিচিতি লাভ করেন।

ত্রিশ হাজার সৈন্যের বাহিনী নিয়ে নবীজি ﷺ রওনা হন। তাবুকে পৌঁছার পর রোমান বাহিনীর কোনো লক্ষণ না দেখতে পেয়ে দশ-বারো দিন অবস্থান করে মদিনায় ফিরে আসেন। মদীনা হতে তাবুক গমন, তাবুকে অবস্থান ও তাবুক হতে মদিনায় প্রস্থান- সব মিলিয়ে পঞ্চাশ দিন সময় লেগেছিল।

প্রকাশ্য মুনাফিক, নারী-শিশু ও অক্ষম ব্যতীত কেউ এ যুদ্ধ হতে পিছনে পড়েনি, কিন্তু নিষ্ঠাবান তিন সাহাবী উপযুক্ত তেমন কোনো কারণ ছাড়াই পিছনে পড়ে গেলেন। কা'আব ইবনে মালেক, মুরারা ইবনে রবি এবং হেলাল ইবনে উমাইয়া রাদিয়াল্লাহু আনহুম আযমাঈন; তিনজনই ছিলেন বিশ্বস্ত ও শ্রদ্ধাভাজন আনসার সাহাবী। জিহাদ হতে পিছনে পড়ায় তাঁদেরকে আল্লাহ তা'আলার ফয়সালা অনুযায়ী সামাজিক ভাবে 'অনির্দিষ্টকালের' জন্য বয়কট করা হয়, তাদের সাথে কথা বার্তা, সালাম বিনিময় নিষিদ্ধ করা হয়; চেনা মানুষগুলো অচেনা হয়ে গেল; তাদেরকে তাদের স্ত্রীদের থেকে পৃথক করে দেয়া হল; যমীন তাদের জন্য ভয়ানক হয়ে উঠল। তাদের জন্য পৃথিবী সংকীর্ণ হয়ে গিয়েছিল, অনিশ্চিত পরিণতির চিন্তায় তাদের ক্রন্দন করা ছাড়া আর কিছুই করার ছিল না।

প্রিয় ভাই! বলুনতো- তাঁদের এহেন পরিস্থিতির কারণ কি ছিল? অথচ তারা বায়'আতে আকাবা এবং রাসূলুল্লাহ ﷺ- এর সাথে অন্যান্য যুদ্ধে শরীক হয়েছিলেন। তাঁদের মধ্যে মুরারা ইবনে রবি এবং হেলাল ইবনে উমাইয়া রাদিয়াল্লাহু আনহুমা বদরী সাহাবী ছিলেন। হেলাল ইবনে উমাইয়া রাদিয়াল্লাহু আনহু ছিলেন একজন দুর্বল, বৃদ্ধ।

কারণ একটাই-'জিহাদে সময়মত জুড়তে না পারা'; অথচ তবুক যুদ্ধে আল্লাহর রাসূল ﷺ তো কেবল যুদ্ধ করার নিয়তে বের হয়েছিলেন কিন্তু কোন যুদ্ধ সংগঠিতই হয়নি।

যাইহোক, পঞ্চাশ দিন পর আল্লাহ তাআলা তাঁদেরকে ক্ষমা করার ঘোষণা দেন।

- **বিদায় হজ্জঃ** দশম হিজরি (৬৩২ খ্রিস্টাব্দে) বিদায় হজ্জ অনুষ্ঠিত হয়।

- **নবীজির ﷺ শেষ পদক্ষেপ:** হজ্জ সমাপ্ত করে মদিনায় আসার পরই নবীজি ﷺ সকলকে রোমান সাম্রাজ্যের বিরুদ্ধে যুদ্ধ প্রস্তুতি গ্রহণের নির্দেশ দেন। আসন্ন এই অভিযানের সেনাপতি নির্ধারণ করেন হযরত উসামা বিন যায়েদ রাদি.কে। তখন তাঁর বয়স মাত্র বিশ বছর।

- **নবীজি ﷺ-এর অসুস্থতা:** এদিকে নবীজি ﷺ অন্তিম অসুস্থতায় আক্রান্ত হন। বাহিনী বের হওয়ার পর জার্‌ফ নামক স্থানে পৌঁছার পর নবীজির ﷺ রোগযন্ত্রনা বৃদ্ধি পাওয়ার সংবাদ আসায় অভিযান স্থগিত হয়।

প্রিয় নবীজির ওফাত, পরম বন্ধুর সান্নিধ্যে গমন:

ধীরে ধীরে নবীজির ﷺ রোগযন্ত্রণা বৃদ্ধি পেতে থাকে। অবশেষে উপস্থিত হয় পার্থিব জীবনের শেষ দিন। একাদশ হিজরি সনের ১২ রবিউল আউয়াল (৬৩২ খ্রিস্টাব্দের জুন মাস) রোজ সোমবার চাশতের সময় প্রিয় নবীজি ﷺ আমাদেরকে ছেড়ে, আমাদেরকে ইয়াতীম করে 'রফীকে আ'লা'র সাথে মিলিত হন।

ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

নিশ্চয়ই আমরা আল্লাহ্‌র জন্য, আর আমরা তাঁরই কাছে প্রত্যাবর্তন করব।

ওফাতের সময় প্রিয় নবীজির ﷺ বয়স ছিল তেষট্টি বছর।

- **নবুওয়তের যামানার শাসনকাল-** ৬২২-৬৩২ ঈসায়ী/ ১-১১ হিজরি।

- **শাসন এলাকার বিস্তৃতিঃ** জাজিরাতুল আরব/আরব উপদ্বীপ। আয়তন ৬৪,০০,০০০ বর্গকিলোমিটার। (বর্তমানে- সৌদি আরব, ওমান, কুয়েত, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত, কাতার ও ইয়েমেন।)

খোলাফায়ে রাশেদার শাসন:

সময়কালঃ ৬৩২-৬৬১ ঈসায়ী/১১-৪০ হিজরী, ৩০ বছর।

খিলাফাতে রাশেদার খলিফাগণঃ

১. হযরত আবু বকর রাদি. : ১১- ১৩ হিজরি (৬৩২-৬৩৪ ঈসায়ী)
২. হযরত উমর ইবনুল খাত্তাব রাদি. : ১৩- ২৩ হিজরি (৬৩৪-৬৪৪ ঈসায়ী)
৩. হযরত উসমান ইবনে আফফান রাদি. : ৬৪৪-৬৫৬ ঈসায়ী
৪. হযরত আলী ইবনে আবী তালিব রাদি. : ৬৫৬-৬৬১ ঈসায়ী
৫. হযরত হাসান ইবনে আলী রাদি. : ৬৬১ ঈসায়ী

শাসন এলাকার বিস্তৃতিঃ সমগ্র আরব উপদ্বীপ, লেভান্ট থেকে উত্তর ককেসাস, পশ্চিমে মিসর থেকে বর্তমান তিউনিসিয়া ও পূর্বে ইরানীয় মালভূমি থেকে মধ্য এশিয়া পর্যন্ত।
(বর্তমানে যার অংশ ৩১টি দেশঃ আফগানিস্তান, আর্মেনিয়া, আজারবাইজান, বাহরাইন, সাইপ্রাস, মিশর, জর্জিয়া, গ্রীস, ইরান, ইরাক, ইসরায়েল, ইতালি, জর্ডান, কুয়েত, লেবানন, লিবিয়া, ওমান, পাকিস্তান, ফিলিস্তিন, কাতার, রাশিয়া, সৌদি আরব, সুদান, সিরিয়া, তাজিকিস্তান, তিউনিসিয়া, তুরস্ক, তুর্কমেনিস্তান, সংযুক্ত আরব আমিরাত, উজবেকিস্তান, ইয়েমেন)

উল্লেখযোগ্য বিজয়/যুদ্ধঃ রিদ্দার যুদ্ধ, ইয়ামামার যুদ্ধ, বাইজেন্টাইন (রোম) ও সাসানীয় (পারস্য) সাম্রাজ্যের পতন, মিশর জয়, জেরুজালেম জয়, আর্মেনিয়া-আজারবাইজান জয়, কাদেসিয়ার যুদ্ধ ইত্যাদি।

মানচিত্র: খোলাফায়ে রাশেদার আমলে (হযরত উসমান রা. এর খিলাফত এর সময়) মুসলিম বিশ্বের সর্বোচ্চ বিস্তৃতি।

হযরত আবু বকর রাদি.-এর খিলাফত :

সময়কালঃ ১১- ১৩ হিজরি (৬৩২-৬৩৪ ঈসায়ী)

হযরত আবু বকর রাদি. এর খিলাফতের সময় উল্লেখযোগ্য কিছু ঘটনা:

- **ইরতিদাদ ও ধর্মত্যাগের ফিতনা:** হযরত আবু বকর রাদি. খিলাফতের দায়িত্ব লাভের পর আরব উপদ্বীপের প্রতিটি প্রান্তে ধর্মত্যাগের ফিতনা ছড়িয়ে পড়ে। একদল মিথ্যা নবুওয়ত দাবী করল, যেমন ইয়ামামায় মুসায়লামা বিন হাবীব আল কাজ্জাব, বনু আসাদের তুলায়হা বিন খুওয়াইলিদ, ইয়েমেনে আসওয়াদ আল আনাসি, বনু তামিমের সুজা নাম্নী এক মহিলা ইত্যাদি; একদল ইসলাম ত্যাগ করে এই ভণ্ড নবীদের অনুসরণ করল; আরেকদল ইসলামের ফরয বিধান যাকাত প্রদান করাকে অস্বীকার করল। হযরত আবু বকর রাদি. এদের সকলের বিরুদ্ধে যুদ্ধ ঘোষনা করে রিদ্দাহ্‌র এই ফিতনাকে কঠোর হস্তে দমন করেন।

- **ইয়ামামার যুদ্ধঃ** ভন্ড নবী মুসায়লামাতুল কাজ্জাবের বিরুদ্ধে অত্যন্ত রক্তক্ষয়ী ও কঠিন এই যুদ্ধে বিশ হাজার মুরতাদকে খতম করা হয় এবং মুসলমানদের বারোশ মুজাহিদ শহিদ হন, যাদের মধ্যে চারশ ছিলেন কুরআনের হাফেয। ইতোপূর্বে কোনো যুদ্ধে এত সাহাবি শহিদ হননি। এই যুদ্ধের সেনাপতি ছিলেন হযরত ইকরামা বিন আবু জেহেল রাদিয়াল্লাহু আনহু।

- **ঘোড়ায় চড়ে সাগর পারঃ** মুরতাদদের দমন করতে হযরত আলা ইবনুল হাযরামি রাদি. এর নেতৃত্বে একটি বাহিনী বাহরাইনে প্রেরিত হয়েছিল। এই মহান বুযুর্গ সাহাবি মুরতাদদের পশ্চাদ্ধাবন করতে গিয়ে তার বাহিনী নিয়ে নির্দ্বিধায় সাগরবক্ষে নেমে গিয়েছিলেন। তারা পানির উপর দিয়ে পার হলেন, কিন্তু আল্লাহ্‌র কসম! সাহাবায়ে কেরামের কারও পা বা ঘোড়ার খুর পর্যন্ত পানিতে ভিজেনি।

- মুরতাদদের দমন করতে সাহাবায়ে কেরাম মোট এগারটি রণক্ষেত্রে যুদ্ধ করেন।

- হযরত আবু বকর রাদি. এর খিলাফতের সময়ই সর্বপ্রথম হযরত যায়েদ বিন ছাবিত রাদি. এর নেতৃত্বে কুরআন কারীমের প্রথম সংকলন করা হয়।

হযরত আবু বকর রাদি. এর খিলাফতের সময় বিজয়াভিযানসমূহঃ

- ### পারস্য সাম্রাজ্যভূক্ত ইরাকে বিজয়াভিযানঃ

ইসলামের প্রাথমিক যুগে সমকালীন বিশ্বের সর্ববৃহৎ ও শক্তিশালী সাম্রাজ্য ছিল পারস্য (সাসানি) ও রোমান (বাইজেন্টাইন) সাম্রাজ্য। পারস্য ছিল তৎকালীন বিশ্বের বৃহত্তম রাষ্ট্র। সুদীর্ঘ প্রায় তেরশ বছর পারস্য সাম্রাজ্য সভ্যতা, সংস্কৃতি ও সামরিক শক্তিবলে পৃথিবীজুড়ে টিকে ছিল। ইরাক তখন সাসানি সাম্রাজ্যের অন্তর্ভূক্ত ছিল। ইরাকের মাদায়েন বা টেসিফোন নগরী ছিল সাসানি রাজ্যের রাজধানী। দজলা নদীর উভয় তীর ঘেষে এর বিস্তৃতি ছিল।

কালের পরিক্রমায় ২২৪ খ্রিষ্টাব্দে পারস্যে পার্সিয়ান সাম্রাজ্যের (The Persian/Parthian Empire) পতন ঘটে এবং সাসানি সাম্রাজ্য (The

Sasanian Empire) প্রতিষ্ঠিত হয়। সাসানি সাম্রাজ্যের অধিপতিকে ‘কিসরা’ বলা হতো। সাসানি রাজবংশের প্রথম কিসরা ছিল প্রথম আরদ্‌শির (Ardashir I)। ইসলামের তৃতীয় খলিফা হযরত উসমান রাদি. এর খিলাফত আমলে ৬৫১ খ্রিস্টাব্দে (৩১ হিজরি সনে) শেষ সাসানি সম্রাট তৃতীয় ইয়াযদিগারদ্‌ (Yazdegard III)- এর মৃত্যুর মাধ্যমে পারস্যে চূড়ান্ত ভাবে এই বিশাল সাসানি সাম্রাজ্যের মুসলমানদের হাতে পতন ঘটে। মুসলমানদের এই বিজয়াভিযানের সূচনা হয়েছিল হযরত আবু বকর রাদি. এর খিলাফতকালে, রাজধানীর পতন ঘটে হযরত উমর রাদি. এর শাসনামলে আর সাম্রাজ্যের চূড়ান্ত পতন ঘটে হযরত উসমান রাদি. এর শাসনামলে (সম্রাটের মৃত্যুর মাধ্যমে)।

ইরতিদাদের ফিতনা দূর হওয়ার পর হযরত আবু বকর রাদি. হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি.কে ইরাকের দক্ষিণ-পশ্চিম দিক হতে বিজয়াভিযান পরিচালনা করার নির্দেশ দেন। ‘আল্লাহ্‌র তরবারি’ হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি. ইরাক অভিযানে এগারটি যুদ্ধের নেতৃত্ব দেন এবং মহান আল্লাহ্‌র অনুগ্রহে প্রতিটি যুদ্ধে জয়লাভ করেন। তাঁর সাথে ছিল মাত্র আঠার হাজার সৈন্য। যুদ্ধগুলো ছিল অত্যন্ত রক্তক্ষয়ী। নিম্নে কয়েকটি দৃষ্টান্ত তুলে ধরা হল-

১. **শিকলের যুদ্ধ (মুহাররাম, দ্বাদশ হিজরি):** এ যুদ্ধে পারসিকরা এক অভিনব যুদ্ধ কৌশল অবলম্বন করে। সৈন্যরা যেন ময়দান থেকে না পালাতে পারে, এজন্য তারা পরস্পরকে শিকল দ্বারা বেঁধে নিয়েছিল। কিন্তু তাদের এই কৌশল তাদের কাছেই বুমেরাং হয়ে ফিরে আসে। এ কারণেই এই যুদ্ধের নামকরণ করা হয় ‘যাতুস সালাসিল’ বা শিকলের যুদ্ধ। এ যুদ্ধেই হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি. উবুল্লার গভর্নর ও শত্রুবাহিনীর প্রধান হরমুযকে ঐতিহাসিক এই চিঠিটি প্রেরণ করেন-

“হামদ ও সালাতের পর, ইসলামগ্রহণ কর, তাহলে নিরাপদ থাকবে। অথবা নিজের ও আপন কওমের জন্য নিরাপত্তা-চুক্তি করে নাও এবং জিজিয়া প্রদান কর। দুটির একটিও গ্রহণ না করলে পরিণতির জন্য নিজেকে ছাড়া অন্য কাউকে দায়ী করতে পারবে না। কারণ, আমি এমন একদল সৈন্য নিয়ে তোমাদের উদ্দেশ্যে এসেছি, যারা মৃত্যুকে ততটাই ভালোবাসে, যতটা তোমরা ভালোবাসো জীবনকে।”

এই যুদ্ধে হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি. হরমুযকে হত্যা করেন।

২. **মাযারের যুদ্ধ (সফর, দ্বাদশ হিজরি):** এ যুদ্ধে মুসলমানরা কুফ্ফার পারসিক বাহিনীর ৩০,০০০ (ত্রিশ হাজার) সৈন্যকে হত্যা করে।

৩. **ওয়ালাজার যুদ্ধ (সফর, দ্বাদশ হিজরি):** এই যুদ্ধে পারসিক বাহিনীর বহু সৈন্য নিহত হয়। হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি. এই যুদ্ধে এমন এক অনারবি বীরের সাথে মল্লযুদ্ধে মুখোমুখি হয়েছিলেন, যে এক হাজার ব্যক্তির শক্তি রাখত। তিনি তাকে হত্যা করেন এবং তার লাশে হেলান দিয়ে সেদিনের আহার সারেন।

৪. **উল্লায়শ (বা আমগিশায়া)-এর যুদ্ধ (সফর, দ্বাদশ হিজরি):** 'রক্তের নদী' কথাটি সাহিত্যে বা প্রবাদে পাওয়া গেলেও বাস্তবে পৃথিবীর ইতিহাসে এমনটি পাওয়া না, একমাত্র ইসলামের ইতিহাস এর ব্যতিক্রম। মুসলিম সেনাপতি হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি. এই যুদ্ধে আল্লাহ্‌র কাছে দোয়া করেন- "হে আল্লাহ্! আমাদের সাহায্য করা আপনার ইখতিয়ার। আপনি যদি শত্রুবাহিনীকে আমাদের কর্তৃত্বে এনে দেন, তাহলে তাদের সকলকে নিশ্চিহ্ন করব; এমনকি তাদের রক্তে নদী প্রবাহিত করব।"

আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার অশেষ অনুগ্রহে মুসলমানরা পারসিক বাহিনীকে পরাজিত করে। হযরত খালিদ রাদি. ঘোষণা দেন- শত্রুদেরকে হত্যা করো না, জীবিত আটক করো। কেবল তাকেই হত্যা করো যে বাধা প্রদান করে।

সেনাপতির নির্দেশে মুসলমানরা পারসিক সৈন্যদেরকে আটক করে। এরপর হযরত খালিদ রাদি. এদেরকে হত্যার নির্দেশ দেন।

প্রিয় ভাই! দৃশ্যটি একটু কল্পনা করুন। সাহাবায়ে কেরাম কুফ্ফারদের প্রতি কেমন কঠোর ও নির্দয় ছিলেন!!! দুনিয়ার জীবনে এটিই তাদের আসল প্রাপ্তি, আর পরকালের আযাব তো আরো কঠিন! পারসিক বাহিনীর **সত্তর হাজার** বন্দীকে নদীর তীরে দাঁড় করিয়ে এমনভাবে হত্যা করা হয় যে, তরবারির আঘাতে মস্তক বিচ্ছিন্ন হয়ে পুরো শরীর নদীতে গিয়ে পড়ত। এভাবে তিনদিন ব্যাপী কুফ্ফার নিধন চলতে থাকে। নদীতে বাধ দেয়া ছিল, ফলে নদী প্রবাহিত হচ্ছিল না। হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি. বাধ কেটে দিতে নির্দেশ দেন,

ফলে রক্তের নদী প্রবাহিত হয়। এভাবে তিনি আল্লাহ্‌র সাথে কৃত ওয়াদা বাস্তবায়ন করেন।

৫. **আনবার বিজয় (চোখের যুদ্ধ):** হযরত খালিদ রাদি. আনবার এর দুর্গ অবরোধ করে দেখতে পান, সেখানে পারসিক সৈন্যরা সমবেত হয়েছে এবং নিজেদের দুর্গের চারপাশে পরিখা খনন করে সুরক্ষিত অবস্থান গ্রহণ করেছে। মুসলিম বাহিনীকে দেখতে পেয়ে পারসিক সৈন্যরা দুর্গ-প্রাচীরের ওপরে দাঁড়িয়ে তামাশা দেখতে থাকে। হযরত খালিদ বিন ওয়ালিদ নিখুঁত তিরন্দাজিতে পারদর্শি হাজার খানেক মুসলিম সৈন্য নির্বাচন করেন এবং পারসিকদের চোখ লক্ষ্য করে তীর ছুড়ার নির্দেশ দেন। প্রথমবারের নিক্ষেপেই প্রায় একহাজার পারসিক সৈন্য চোখে আক্রান্ত হয়। এ কারণে এ যুদ্ধের নাম হয় 'চোখের যুদ্ধ'।

৬. **ফিরাযের যুদ্ধ (জিলহজ্জ, দ্বাদশ হিজরী):** এই যুদ্ধে মুসলমানরা প্রথমবারের মত তৎকালীন বিশ্বের প্রাচ্যের সর্ববৃহৎ শক্তি পারস্য সাম্রাজ্য ও প্রতীচ্যের সর্ববৃহৎ শক্তি রোমান সাম্রাজ্যের সম্মিলিত বাহিনীর মুখোমুখি হয়। তাদের সাথে তাদের কতিপয় আরব মিত্র গোত্রও যোগ দিয়েছিল। এই যুদ্ধেও মুসলমানরা বিজয়ী হয় এবং হাজার হাজার কুফ্‌ফারদের জাহান্নামে পাঠান। ফিরাযের যুদ্ধ ছিল হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি. এর নেতৃত্বে একাদশ যুদ্ধ। আর এই অভিযানের মাধ্যমেই ইরাকে তাঁর অভিযান সমাপ্ত হয়।

৭. **এছাড়াও আরো উল্লেখযোগ্য কয়েকটি যুদ্ধাভিযান হল:** হিরা বিজয় (রবিউল আউয়াল, দ্বাদশ হিজরি), আইনুত তামারের অভিযান, দুমাতুল জানদালের অভিযান, হুসায়দের যুদ্ধ, মুছাইয়াখের যুদ্ধ ইত্যাদি।

- **(রোমান সাম্রাজ্যভুক্ত) শাম অঞ্চলে বিজয়াভিযান:**

রোমান সাম্রাজ্য পৃথিবীর অন্যতম প্রাচীন সাম্রাজ্য। রোমানদের উৎপত্তি যেহেতু ইতালির রোম নগরী, তাই তাদেরকে রোমান বলা হয়। রোমান সাম্রাজ্য দুই ভাগে বিভক্ত ছিল। পশ্চিম অংশের রাজধানী ছিল রোম। আর পূর্ব অংশের রাজধানী ছিল (বর্তমান তুরষ্কের) কনস্টান্টিনোপল। কনস্টান্টিনোপলের পূর্ব নাম অনুসারে এই পূর্ব অংশকে বাইজান্টাইন সাম্রাজ্যও বলা হত। ঐতিহাসিক শাম অঞ্চল (বর্তমান সিরিয়া, লেবানন, জর্ডান, ইসরাইল ও ফিলিস্তিন-এই পাঁচটি দেশ মিলে ছিল শাম অঞ্চল), মিশর, এশিয়া মাইনর বা আনাতোলিয়া

(বর্তমান তুরষ্ক) ও ইউরোপের বিশাল অঞ্চল তখন বাইজান্টাইন সাম্রাজ্যের অন্তর্ভূক্ত ছিল। এসময় সাম্রাজ্যের আয়তন ছিল প্রায় পয়তাল্লিশ লক্ষ বর্গ কিলোমিটার।

শামের অভিযানগুলোতেও হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি. নেতৃত্ব দেন। অভিযানসমূহের মাঝে বুছরা বিজয় ও আজনাদাইনের যুদ্ধ উল্লেখযোগ্য। আজনাদাইনের যুদ্ধে মুসলিম বাহিনীর সৈন্য সংখ্যা ছিল ত্রিশ হাজার। অপরদিকে রোমান বাহিনীতে সৈন্য সংখ্যা ছিল এক লক্ষ। আলহামদুলিল্লাহ! এই যুদ্ধেও মুসলমানরা বিজয়ী হয়। হাজার হাজার রোমান খ্রিস্টান কুফ্ফারদের কঁচুকাটা করে। এই যুদ্ধে চারশ মুজাহিদ শাহাদাত লাভ করেন।

হযরত আবু বকর রাদি. এর মৃত্যুঃ

উম্মাহ্র শ্রেষ্ঠ পুরুষ ও ইসলামের প্রথম খলিফা আবু বকর সিদ্দিক রাদি. ত্রয়োদশ হিজরীর ২২ জুমাদাল উখরা (৬৩৪ ঈসায়ীর ২৩ আগস্ট) মাসে তেষট্টি বছর বয়সে ইন্তেকাল করেন। তার খিলাফতকাল ছিল দু-বছর তিন মাস দশ দিন।

হযরত উমর ইবনুল খাত্তাব রাদি.-এর খিলাফত :

সময়কালঃ ১৩- ২৩ হিজরি (৬৩৪-৬৪৪ ঈসায়ী)

হযরত উমর রাদি. এর খিলাফতের সময় উল্লেখযোগ্য কিছু ঘটনা:

- হযরত উমর রাদি. মূলত তাঁর পূর্বসূরি আবু বকর রাদি. এর কর্মধারাকেই অব্যাহত রাখেন এবং বিজয়াভিযানের যে ধারা শুরু হয়েছে, তাকে আরও গতিময় ও বেগবান করেন।
- খিলাফতের দায়িত্ব গ্রহণের পর তিনি প্রথমেই যে সিদ্ধান্ত গ্রহণ করেন তা হলো হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি.কে সর্বাধিনায়কের দায়িত্ব হতে অব্যাহতি দান এবং হযরত আবু উবায়দা ইবনুল জাররাহ রাদি.কে শামের বাহিনীসমূহের সর্বাধিনায়ক নির্ধারণ। উম্মাহ হযরত খালিদ রাদি. এর প্রতি নির্ভরশীল হয়ে পড়বে এবং কঠিন পরিস্থিতির সম্মুখীন হবে; উম্মাহ যেন মনে-প্রাণে একথাই

বিশ্বাস করে যে, আল্লাহ্ই সবকিছুর কর্তা; উম্মাহ যেন ফিতনায় পতিত না হয়- এরূপ দুরদর্শী চিন্তা থেকে তিনি এ সিদ্ধান্ত নেন।

প্রিয় ভাই! হযরত খালিদ রাদি. সহ সকল সাহাবীর মনোভাব এই ছিল যে, আমাকে বাহিনীর অগ্রবর্তী অংশে নিযুক্ত করা হোক বা পশ্চাৎ অংশে দ্বিধাহীন চিত্তে প্রস্তুত আছি। পদ ও পদমর্যাদা, নেতৃত্ব ও ক্ষমতা লাভের জাগতিক মোহ থেকে 'তিনি' ও 'তাঁরা' ছিলেন সম্পূর্ণ মুক্ত। প্রকৃতপক্ষে এটিই ছিল ইখলাস ও নিষ্ঠা; জুহদ ও দুনিয়াবিমুখতার উজ্জ্বল নিদর্শন। তাই, হযরত খালিদ রাদি. কোন প্রতিবাদ বা বিদ্রোহ করেননি। মাথা পেতে নিয়েছেন আমিরুল মু'মিনিনের আদেশ।

হযরত উমর রাদি. এর খিলাফতের সময় উল্লেখযোগ্য কিছু সামরিক অভিযান:

- **ফিহল (বায়সান)-এর যুদ্ধ (ত্রয়োদশ হিজরি):** আশি হাজার রোমান সৈন্যের বিরুদ্ধে পঁচিশ হাজার মুজাহিদ যুদ্ধে অবতীর্ণ হয়। ভয়ংকর এই রক্তক্ষয়ী যুদ্ধে রোমানদের প্রায় সকল সৈন্যকে মরুসিংহ মুজাহিদরা হত্যা করে। এই যুদ্ধের সর্বাধিনায়ক যদিও হযরত আবু উবায়দা ইবনুল জাররাহ রাদি. ছিলেন, কিন্তু তাঁর অধীনে থেকে হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি.-ই যুদ্ধ পরিচালনা করেছিলেন। ফিহলের যুদ্ধে হযরত খালিদ রাদি. এর বীরত্ব প্রবাদবাক্যে পরিণত হয়। পরবর্তীতে কোনো মুসলমান বীরত্ব প্রদর্শন করলে তাকে বলা হত- সেতো বায়সান যুদ্ধে খালিদ রাদি. এর মত বীরত্ব প্রদর্শন করেছে। হযরত খালিদ রাদি. ফিহলের যুদ্ধে একাই রোমান বাহিনীর এগারোজন সেনাপতিকে হত্যা করেন।

- **দামেশক বিজয়:** হযরত আবু উবায়দা ইবনুল যার্‌রাহ রাদি. এর নেতৃত্বে চতুর্দশ হিজরীর রজব মাসে (সেপ্টেম্বর, ৬৩৫ ঈসায়ী) মুসলিম বাহিনী দামেশক বিজয় করেন।

- **ইয়ারমুকের যুদ্ধ (রজব, পঞ্চদশ হিজরি/আগস্ট ৬৩৬ ঈসায়ী):** দামেশক ও হিমসের পতনে উদ্বিগ্ন হয়ে মুসলমানদের সাথে সিদ্ধান্তমূলক যুদ্ধের জন্য তৎকালীন রোমান সম্রাট হিরাক্লিয়াস দুই লক্ষ চল্লিশ হাজার

(মতান্তরে চার লক্ষ) সৈন্যের এক বহুজাতিক বিশাল বাহিনী প্রস্তুত করে। রুশ, স্লাভ, ইংরেজ, রোমান, গ্রিক, জর্জিয়ান, আর্মেনিয়ান ও আরব খ্রিস্টানসহ বিভিন্ন জাতি হিরাক্লিয়াসের আহ্বানে সাড়া দিয়ে এই যুদ্ধে অংশ নেয়। যুদ্ধের ময়দানে তাদের বিস্তৃতি ছিল আঠার মাইল। পুরো বাহিনীর সর্বাধিনায়ক নির্বাচন করা হয় আর্মেনিয়ার শাসক বাহানকে।
অন্যদিকে মুসলিমদের সর্বসাকুল্যে সৈন্য সংখ্যা ছিল মাত্র ছত্রিশ হাজার, এঁদের মধ্যে এক হাজার সাহাবী ছিলেন, যাদের মাঝে মহান বদরি কাফেলার একশজন সদস্যও ছিল। মুসলিম বাহিনীর সর্বাধিনায়ক ছিলেন হযরত আবু উবায়দা ইবনুল যার্‌রাহ রাদি.।

শুরু হল প্রচণ্ড রক্তক্ষয়ী এক লড়াই, যেন বিশাল অগ্নিকুণ্ড দাউ দাউ করে জ্বলছে, আগুনের তেজ তীব্র থেকে তীব্রতর হচ্ছে, তরবারিগুলো প্রাণ কেড়ে নেওয়ার এক অনিঃশেষ খেলায় মেতে উঠেছে। তরবারির আঘাতে ঝরে পড়ছে খণ্ডিত মস্তক, খণ্ড বিখণ্ড মানবদেহ। এভাবে একটানা ছয়দিন অতিবাহিত হলে ষষ্ঠ দিনের সূর্যাস্তের পূর্বেই বিজয় মুসলিম বাহিনীর পদচুম্বন করে।

ইয়ারমুকের যুদ্ধে চার হাজার মর্দে মুজাহিদ শহিদ হন। অপরদিকে রোমান বাহিনীর সত্তর হাজার মতান্তরে একলক্ষ বিশ হাজার সৈন্য নিহত হয়। ইয়ারমুকের যুদ্ধে পরাজয়ের ফলে শামে রোমান সাম্রাজ্যের পতন ঘটে।

- **আজনাদাইন বিজয়ঃ** ইয়ারমুকের যুদ্ধের পর আমিরুল মু'মিনীন হযরত উমর রাদি. শাম অঞ্চলে অবস্থানরত অন্যতম সেনাপতি আমর ইবনুল আস রাদি.-এর কাছে বার্তা প্রেরণ করে তাকে আল কুদ্‌স অভিমুখে অভিযান পরিচালনা করার নির্দেশ দেন। রোমানদের একটি বাহিনী আল কুদসে ছিল, আরেকটি ছিল আজনাদাইনে। উভয় বাহিনীর সেনাপতি ছিল আরতাবুন নামের জনৈক রোমান সেনাপতি। আরতাবুন ছিল সমকালীন শ্রেষ্ঠতম ও নিষ্ঠুরতম সেনাপতি।

হযরত আমর ইবনুল আস রাদি. প্রথমে আজনাদাইন বিজয় করেন, এরপর বাইতুল মুকাদ্দাস অবরোধ করেন।

- **ইলিয়া (বাইতুল মুকাদ্দাস) জয়ঃ (রবিউস সানি, ষোড়শ হিজরি/ মে, ৬৩৭ ঈসায়ী)**

এদিকে মুসলিম বাহিনীর সর্বাধিনায়ক আবু উবাইদা রাদি. হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি.কে সঙ্গে নিয়ে শামের পুরো উত্তরাঞ্চলে কর্তৃত্ব প্রতিষ্ঠা করে বায়তুল মুকাদ্দাস অভিমুখে রওনা হন। তাঁরা সেখানে পৌঁছলে ইলিয়াবাসী হযরত আবু উবায়দা রাদি. এর কাছে বার্তা পাঠায় যে, ‘আমরা আপনাদের সাথে সন্ধি চুক্তি করতে চাই। আপনি দয়া করে আপনাদের খলিফা উমরকে বার্তা পাঠান যে, তিনি যেন সশরীরে বায়তুল মুকাদ্দাসে উপস্থিত হয়ে আমাদের সাথে চুক্তি করেন এবং আমাদেরকে নিরাপত্তানামা প্রদান করেন।’ তাদের এই দাবীর প্রেক্ষিতে আমীরুল মু‘মিনীন বাইতুল মুকাদ্দাসে উপস্থিত হন এবং সন্ধিচুক্তির মাধ্যমে বাইতুল মুকাদ্দাস বিজয় চুড়ান্ত করেন।

- **মিশর বিজয় (রবিউল আউয়াল, ২০ হিজরি/ফেব্রুয়ারি ৬৪১ ঈসায়ী):**

মিশর তখন রোমান সাম্রাজ্যের অধীন ছিল। মিশর অধিপতি ছিল মুকাওকিস। মুসলিম সেনাপতি হযরত আমর ইবনুল আস রাদি. বার হাজার সৈন্যের মুজাহিদ বাহিনী নিয়ে ব্যাবিলন অবরোধ করেন। হযরত আমর ইবনুল আস রাদি.-কে সহযোগিতা করার জন্য আমীরুল মু‘মিনীন হযরত উমর রাদি. চারজন সেনাপতি প্রেরণ করেন। তাঁরা হলেন- মিকদাদ ইবনুল আসওয়াদ রাদি., উবাদা বিন ছামেত রাদি., যুবায়র ইবনুল আওয়াম রাদি. ও মাসলামা বিন মুখাল্লাদ আল আনসারি রাদি.।

শত্রুপক্ষ মনে করেছিল, ব্যাবিলন দুর্গের অভ্যন্তরে তারা নিরাপদেই থাকবে। কারণ, দুর্গের প্রাচীরগুলো ছিল অনেক উঁচু আর পুরো দুর্গ পানির নালা দ্বারা বেষ্টিত ছিল। প্রাচীরদ্বারগুলোও ছিল যথেষ্ট মজবুত; দুর্গের অভ্যন্তরে যথেষ্ট পরিমাণ রসদ ও খাদ্যদ্রব্যেরও ব্যবস্থা ছিল।

কিন্তু মুসলিম বাহিনী সমস্ত প্রতিকূলতা জয় করতে সক্ষম হয়। হযরত যুবায়ের ইবনুল আওয়াম রাদি. কয়েকজন দুঃসাহসী সৈনিককে সঙ্গে নিয়ে সাঁতরে পরিখা পার হন, এরপর প্রাচীর বেয়ে ভেতরে প্রবেশ করে প্রাচীরদ্বয় খুলে ফেলতে সক্ষম হন। এবার মুসলিম বাহিনী দুর্গের অভ্যন্তরে প্রবেশ করে এবং দীর্ঘ সাত মাসের অবরোধের পর ব্যাবিলন দুর্গ জয় করে। মুকাওকিস তখন আত্মসমর্পন করে এবং জিযিয়া দেয়ার শর্তে সন্ধিচুক্তি করে।

- **আলেকজান্দ্রিয়া বিজয় (মুহাররম, ২১ হিজরি/ডিসেম্বর ৬৪১ঈসায়ী):** এরপর আমিরুল মু'মিনীন হযরত উমর রাদি. এর অনুমতিক্রমে হযরত আমর ইবনুল আস রা. আলেকজান্দ্রিয়া অবরোধ করেন। তিনমাস মতান্তরে চৌদ্দ মাস নগরীটি অবরোধ করে রাখার পর আলেকজান্দ্রিয়া মুসলমানদের হাতে বিজিত হয়।

পারসিকদের বিরুদ্ধে অব্যাহত বিজয়াভিযানসমূহ:

- **নামারিকের যুদ্ধ (শাবান, ত্রয়োদশ হিজরি):** হযরত আবু উবায়েদ রাদি. এর নেতৃত্বে দশ হাজার সৈন্য বিশিষ্ট মুসলিম বাহিনী ইরাক অভিমুখে রওনা হয়। মুজাহিদ বাহিনী ইরাকের নামারিক নামক স্থানে এক লক্ষ সৈন্যবিশিষ্ট পারসিক বাহিনীর মুখোমুখি হয় এবং শোচনীয়ভাবে কুফ্ফারদের পরাজিত করে।
- **সেতুর যুদ্ধ (শাবান, ত্রয়োদশ হিজরি):** উহুদের যুদ্ধে সাময়িক বিপর্যয়ের পর মুসলমানদের সর্বপ্রথম যে যুদ্ধে পরাজয় বরণ করে, তাহলো সেতুর যুদ্ধ। এ যুদ্ধে মুসলমানদের সর্বাধিনায়ক ছিলেন হযরত আবু উবায়েদ রাদি.। আর পারসিকদের সর্বাধিনায়ক ছিল বাহমান নামের জনৈক ধূর্ত ও সুদক্ষ সেনাপতি। এ যুদ্ধে শহিদানের সংখ্যা ছিল চার হাজার। অপরদিকে পারসিক বাহিনীর নিহত সংখ্যা ছিল ছয় হাজার। এটি ছিল পারসিক বাহিনীর বিরুদ্ধে মুসলিম বাহিনীর প্রথম ও শেষ পরাজয়।

- **বুওয়াইবের যুদ্ধ (রমজান, ত্রয়োদশ হিজরি):**

  অন্যদিকে পারসিকদের বিরুদ্ধে বিজয়াভিযান চলতে থাকে। পারসিকরা মিহরান বিন বাযানের নেতৃত্বে একলক্ষ ঘোড়সাওয়ার ও পঞ্চাশ হাজার পদাতিক সৈন্যের এক বিশাল বাহিনী নিয়ে মাত্র বারো হাজার সৈন্যের মুসলিম বাহিনীর সাথে যুদ্ধে অবতীর্ণ হয়। মুসলমানদের সেনাপতি ছিলেন হযরত মুসান্না রাদি.।

  প্রিয় ভাই! ভয়াবহ রক্তক্ষয়ী এই যুদ্ধের ফলাফল কী ছিল জানেন কি?

  পারসিক বাহিনীর একজন সৈন্যও সেদিন রেহায় পায়নি। হয় তারা মুসলিম সৈন্যদের তরবারির আঘাতে বা নদীতে ডুবে নিহত হয় অথবা মরুভূমিতে পালিয়ে নিখোঁজ হয়ে যায়।

- **কাদেসিয়ার যুদ্ধ (১৩-১৫ শাবান, পঞ্চদশ হিজরী/১৯-২২ সেপ্টেম্বর, ৬৩৬ ঈসায়ী): ইসলামের ইতিহাসে একটি নিষ্পত্তিমূলক যুদ্ধ**

আমিরুল মু'মিনীন হযরত উমর ইবনুল খাত্তাব রাদি. পারসিকদের সাথে ফাইনাল খেলা খেলতে চাচ্ছিলেন। এজন্য তিনি হযরত সা'দ বিন আবী ওয়াক্কাস রাদি. এর নেতৃত্বে একটি বাহিনী কাদেসিয়ায় প্রেরণ করেন।
পারসিকদের সেনাপতি ছিল পারস্যের বীর রুস্তম। এই যুদ্ধেই মুসলমানদের দূত হযরত রিবয়ি বিন আমির রাদি. পারসিক সেনাপতি রুস্তমকে মুসলমানদের জিহাদের উদ্দেশ্য বয়ান করেন-
"আল্লাহ্ তা'আলা আমাদেরকে এ উদ্দেশ্যে প্রেরণ করেছেন যে, আল্লাহ্ যাদের তাকদিরে মঞ্জুর করেন, আমরা যেন তাদেরকে সৃষ্টির দাসত্ব-লাঞ্ছনা হতে উদ্ধার করে স্রষ্টার দাসত্ব-গৌরবের পথে নিয়ে আসি; পৃথিবীর সংকীর্ণতা থেকে উভয় জগতের প্রশস্ততার দিকে এবং ভ্রষ্ট ধর্মসমূহের অবিচার হতে ইসলামের ন্যায় নীতির পথে নিয়ে আসি।"
চারদিন ব্যাপী যুদ্ধ চলে। ৬০,০০০ কাফেরের বিরুদ্ধে ৩০,০০০ মুসলমানের ভয়াবহ এক অসম যুদ্ধ। রক্তক্ষয়ী এই যুদ্ধে মুসলিমদের সাড়ে আট হাজার মুজাহিদ শহিদ হন। অন্যদিকে পারসিক বাহিনীর হতাহতের সংখ্যা ছিল গণনাতীত। হযরত কা'কা' ইবনে আমর ও তাঁর সঙ্গীগণ বীর রুস্তমের ভবলীলা সাঙ্গ করে দেন।

নবীজির ﷺ ওফাতের পর ইসলামি ইতিহাসে অনেক যুদ্ধই সংঘটিত হয়েছে, কিন্তু ইতিহাসবোদ্ধাদের নিকট অন্য কোনো যুদ্ধই কাদেসিয়ার যুদ্ধের মতো অধিক গুরুত্ব লাভ করেনি। এর কারণ- মূলত কাদেসিয়ার যুদ্ধের মাধ্যমেই পারস্যে মুসলিম বাহিনীর বিজয়াভিযান পূর্ণতা লাভ করে এবং শতাব্দীর পর শতাব্দী প্রবল প্রতাপে সুবিশাল ভূ-খণ্ড শাসনকারী পারস্য সাম্রাজ্যের পতন নিশ্চিত হয়ে যায়।

- **অশ্বপৃষ্ঠে দজলা পাড়ি!**

তৎকালীন পারস্য সাম্রাজ্যের রাজধানী মাদায়েনে পৌঁছতে মুসলিম বাহিনীর সামনে তখন বাধা কেবল দজলা নদী। দজলা ছিল ছয় মিটার গভীর প্রশস্ত ও খরস্রোতা নদী। সেনাপতি হযরত সাদ বিন আবী ওয়াক্কাস রাদি. মুসলিম বাহিনীর সকলকে নদীবক্ষে ঘোড়ায় চড়ে নেমে যেতে নির্দেশ দেন। আল্লাহ্‌র

কসম! এ সময় মুসলিম বাহিনীর কোনো সদস্য পানিতে ডুবে নি, তাদের কোনো সরঞ্জাম হারায়ওনি। এ দৃশ্য দেখে পারসিক সৈন্যরা পরস্পর বলাবলি করতে লাগল, আল্লাহ্‌র শপথ! তোমরা কোনো মানুষের বিরুদ্ধে লড়ছ না; তোমরা যে যুদ্ধ করছ একদল জীনের বিরুদ্ধে!

- **মাদায়েন বিজয়ঃ**

মুসলিম বাহিনীর আগমন সংবাদ পেয়ে কিসরাসহ পারস্য সাম্রাজ্যের বিশিষ্ট ব্যক্তিবর্গ ও মাদায়েনের অধিবাসীরা মাদায়েন ছেড়ে পালিয়ে যায়। তখন কিসরা ছিল তৃতীয় ইয়াযদিগার্‌দ। মুসলিম বাহিনী মাদায়েনে প্রবেশ করে দেখতে পায় পুরো নগরী জনশূন্য। ষোড়শ হিজরি সনের সফর মাসেই (৬৩৭ ঈসায়ী সনের মার্চ মাসে) মাদায়েন বিজিত হয়। মাদায়েনে মুসলিম বাহিনী প্রভূত গনিমত লাভ করে। পারস্য-কিসরার রাজপ্রাসাদ হতে মুসলিম বাহিনী যে সম্পদ লাভ করে, তা ছিল মানে ও পরিমাণে অবিশ্বাস্য। কিন্তু ইসলামের এই মহান সৈনিকগণের কেউ গনিমতের অবাধ প্রাচুর্য সত্ত্বেও তা থেকে এক দিরহাম সম্পদও আত্মসাৎ করার চিন্তা করেননি। সকল সম্পদ বায়তুল মালে জমা করে দেয়া হয়।

আল্লাহ্‌র শপথ! নিঃসন্দেহে এটি এক বিরল বিস্ময়কর ঘটনা। দজলা পাড়ি দেওয়ার চেয়েও বিস্ময়কর ও অলৌকিক ঘটনা এটি। উন্মুক্ত পৃথিবী ও অবারিত ধন-ভাণ্ডার এই সকল অভিযাত্রীদের হৃদয়ে সামান্য স্পন্দনও সৃষ্টি করতে পারেনি। তারা মনেপ্রাণে বিশ্বাস করতেন যে, আল্লাহ্‌র কাছে যা আছে, তা শ্রেয়তর ও স্থায়ী। সমস্ত প্রশংসা কেবল আল্লাহ্‌র তরে।

হযরত উমর ইবনুল খাত্তাব রাদি. এর শাহাদাতঃ

কুফার গভর্নর হযরত মুগিরা বিন শুবা রাদি. এর ফিরুয নামক একটি ক্রীতদাস ছিল। আবু লু'লুআ উপনামধারী এই নরাধম ফযরের সালাত আদায়রত অবস্থায় আমিরুল মু'মিনীনকে খঞ্জর দ্বারা আঘাত করে শহীদ করে দেয়। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

ইসলামের দ্বিতীয় খলিফা হযরত উমর রাদি. ২৩ হিজরি সনের ২৬ জিলহজ্জ (৬৪৪ খ্রিস্টাব্দের ৩ নভেম্বর) তেষট্টি বছর বয়সে শাহাদাত বরণ করেন। নবীজি ﷺ ও হযরত আবু বকর রাদি. এর পাশে তাঁকে দাফন করা হয়

হযরত উসমান রাদি.-এর খিলাফত :

সময়কালঃ ২৩- ৩৫ হিজরি (৬৮৪-৬৫৬ ঈসায়ী)। খিলাফতকাল ছিল ১২ দিন কম ১২ বছর।

হযরত উসমান রাদি. এর খিলাফতের সময় উল্লেখযোগ্য কিছু ঘটনা:

- খলিফা উসমান রাদি. এর আমলে শামে নিযুক্ত গভর্নর বিশিষ্ট সাহাবী হযরত মুয়াবিয়া বিন আবু সুফিয়ান রাদি. মুসলমানদের জন্য প্রথম নৌবহর প্রতিষ্ঠা করেন। (২৮ হিজরি/৬৪৮ ঈসায়ী)
- **সাইপ্রাস বিজয়:** হযরত মুয়াবিয়া বিন আবু সুফিয়ান রাদি.-এর নেতৃত্বাধীন মুসলিম নৌবাহিনী ২৮ হিজরীতে সাইপ্রাস জয় করেন।

- **যাতুস সাওয়ারির বা মাস্তুলের যুদ্ধ (The Battle of Masts):**
রোমান সম্রাট হিরাক্লিয়াসের পুত্র তৃতীয় কনস্টান্টাইন নবগঠিত মুসলিম নৌবাহিনীকে চরম শিক্ষা দেওয়ার জন্য এক হাজার নৌযান নিয়ে অভিযান পরিচালনা করে হিজরি ৩৫ সনে (৬৫৫ ঈসায়ী)। মুসলিম বাহিনীর নৌযানের সংখ্যা ছিল মাত্র দুইশ। এ যুদ্ধে নৌপ্রধান হিসেবে ছিলেন হযরত বুছর রাদি.। তাঁর নির্দেশে একদল মুসলিম সৈন্য জীবনের ঝুঁকি নিয়ে পানিতে নেমে মজবুত রশি দিয়ে রোমান জাহাজগুলোর সঙ্গে মুসলিম জাহাজগুলো বেঁধে ফেলে। যেন সমুদ্রবক্ষে একখণ্ড মাটি, যেখানে সংগঠিত হচ্ছে প্রাণপণ লড়াই। মুসলিম বাহিনী আল্লাহ্‌র শত্রুদের মোকাবিলায় অসাধারণ দৃঢ়তা ও অবিচলতার পরিচয় দেয়। লড়াই এমন প্রচণ্ড ও দীর্ঘ হয় যে, এ যুদ্ধে হতাহতের রক্তে পানি রক্তবর্ণ ধারণ করেছিল। অবশেষে আল্লাহ তাআলা মুসলিম বাহিনীকে বিজয় দান করেন। কনস্টান্টাইন পরাজিত হয়ে পালিয়ে যায়। এই বিজয়ের ফলে ভূ-মধ্যসাগরে (রোম সাগরে) মুসলিম বাহিনীর কর্তৃত্ব আরও সুদৃঢ় হয়।
- হযরত উসমান রাদি. এর খিলাফতকালে কুরআন কারীমের দ্বিতীয়বারের মত সংকলন হয়।

- **ফিতনার আত্মপ্রকাশ ও উসমান রাদি. এর শাহাদাত:**

এই ফিতনার আগুন প্রথমে প্রজ্বলিত করে সানআ অঞ্চলের আব্দুল্লাহ্ ইবনে সাবা নামক জনৈক ইহুদি। সে নিজেকে একজন মুসলমান আলেম দাবী করে

গ্রামে ও মরু অঞ্চলের নওমুসলিমদের আকীদা নষ্ট ও বিভ্রান্ত করতে থাকে। সে মানুষকে এটা বুঝাতে সক্ষম হয় যে, হযরত উসমান রাদি. এর তুলনায় হযরত আলি রাদি.-ই খিলাফতের অধিক হকদার। মিশর, বসরা ও কুফার জনসাধারণকে খিলাফতের বিরুদ্ধে খেপিয়ে তুলতে সক্ষম হয়। মদীনার ভিতরেও একদল খলীফার বিরুদ্ধাচরণ করা শুরু করে। একপর্যায়ে প্রায় দুই হাজার বিদ্রোহী মদীনায় এসে খলীফার গৃহ অবরোধ করে। মদীনায় অবস্থানরত সাহাবায়ে কেরামগণ এমনকি স্বয়ং হযরত আলী রাদি. নিজেও বিদ্রোহীদের শায়েস্তা করতে খলীফার কাছে যুদ্ধের অনুমতি চান। কিন্তু খলিফা উসমান রাদি. নিজের নিরাপত্তার জন্যও রক্তপাতকে প্রত্যাখ্যান করেন এবং আলোচনা ও সদুপদেশের মাধ্যমে বিদ্রোহীদেরকে নিবৃত্ত করতে চেয়েছিলেন। কিন্তু বিদ্রোহীরা চরম দুঃসাহস দেখায়। অবরোধের চল্লিশতম দিন (৩৫ হিজরি সনের ১৮ জিলহজ্জ/৬৫৬ ঈসায়ীর ১৭ জুন) তারা খলিফার বাড়ির অভ্যন্তরে ঢুকে পড়ে এবং কয়েকজন মিলে কুরআন তিলাওয়াতরত অবস্থায় খলিফাকে নির্মমভাবে হত্যা করে। এভাবে প্রিয় নবীজির ﷺ ভবিষ্যদ্বানীকে সত্য প্রমাণিত করে তৃতীয় খলিফা উসমান রাদি.-এর শহিদি আত্মা ছুটে চলে পরম প্রভুর পানে।

একটি ইতিহাস ভিত্তিক পর্যালোচনা:

প্রিয় ভাই! ইসলামের প্রাথমিক পর্যায়ের ইতিহাস যদি আমরা একটু মনোযোগের সাথে পর্যালোচনা করি, তাহলে দেখতে পাই, নিশ্চয়ই আল্লাহ তা'আলা এ দ্বীনের প্রচার-প্রসার আর সংরক্ষণ করেছেন তাদের দ্বারা, যারা আল্লাহ্র দ্বীনকে সমুন্নত করার জন্য নিজেদের জানমাল জিহাদের (যুদ্ধের) জন্য ব্যয় করেছেন। ইসলাম নামক বৃক্ষটি যুগে যুগে শহিদের রক্তে স্নাত হয়ে চিরসবুজ রয়েছে, ডালপালা বিস্তৃত করেছে, আর মানবতা তার শীতল ছায়ায় আশ্রয় নিয়ে মুক্তির দিশা লাভ করেছে।

আমরা যদি রাসূলুল্লাহ্ -এর তিরোধানের পর ১১ থেকে ৩১ হিজরি (৬৩২-৬৫৩ ঈসায়ী) পর্যন্ত মাত্র বিশ বছর সময়ে শহিদগণের হিসাব করি, তাহলে নিম্নোক্ত পরিসংখ্যান উঠে আসে:

- রিদ্দার শহিদের সংখ্যা- ১২০০ জন।
- ইয়ারমুকের যুদ্ধে শহিদের সংখ্যা- ৩০০০ জন।
- জিসর বা সেতুর যুদ্ধে শহিদের সংখ্যা- ৪০০০ জন।
- কাদিসিয়ার যুদ্ধে শহিদের সংখ্যা- ৮৫০০ জন।
- নাহাওয়ান্দ যুদ্ধে ও রোম-পারস্য বিজয়কালে হওয়া শহিদদের হিসাব বাদই দিলাম, যাদের সংখ্যা ঐতিহাসিকরা নির্ণয় করতে পারেননি। অনুরূপ মাস্তুলের যুদ্ধের শহিদদের হিসাবও করিনি, যে যুদ্ধের ব্যাপারে ইমাম তাবারি বলেছেন, এ যুদ্ধে পানির উপর রক্ত প্রাধান্য পেয়েছিল।

সবমিলিয়ে বিশ বছরে শহিদের সংখ্যা বিশ হাজারের উপর হবে, সন্দেহ নেই। অর্থাৎ 'খাইরুল কুরুন' এর সাহাবায়ে কেরাম ও তাবেয়ীগণের মাঝে প্রতি বছর গড়ে প্রায় এক হাজার শহিদ হয়েছেন, যারা দ্বীনের জন্য নিজেদের প্রাণ উৎসর্গ করেছেন। তারা মানব পূজা থেকে মুক্ত করে মানুষকে মহাপরাক্রমশালী এক আল্লাহ্‌র উপাসনার দিকে আনার জন্য বিভিন্ন দেশ জয় করেছেন। এভাবে পারস্য সম্পূর্ণ বিজিত হয়েছে। এখান থেকে বস্তুপূজা দূরীভূত হয়েছে এবং মানুষ আনুগত্য ও ভালোবাসার সাথে দলে দলে ইসলামে প্রবেশ করেছে।

সুতরাং, যারা মনে করে বা বলে, 'তরবারি দ্বারা ইসলাম প্রচার হয়নি।'- এটি মূলত একটি ঐতিহাসিক 'ডাহা মিথ্যা কথা'; ইসলামের বিরুদ্ধে জ্বলজ্যান্ত মিথ্যাচার, শহিদানের রক্তের অবমাননা, ইতিহাস বিকৃতি, উম্মাহ্‌কে বিভ্রান্ত ও জিহাদ বিমুখ করার হীনপ্রচেষ্টা মাত্র। আল্লাহ্‌ পাক আমাদের সঠিক বুঝ দান করুন। আমীন।

হযরত আলি রাদি.-এর খিলাফত :

সময়কালঃ ৩৫- ৮০ হিজরি (৬৫৬-৬৬১ ঈসায়ী)।

হযরত আলি রাদি. এর খিলাফতের সময় উল্লেখযোগ্য কিছু ঘটনা:

- ✓ জঙ্গে জামাল বা উটের যুদ্ধ ও জঙ্গে সিফফীন সংঘটিত হয় হযরত আলি রা. এর খিলাফতকালে।
- ✓ এই সময়ই তাকফিরি উগ্র খারেজি সম্প্রদায়ের উদ্ভব ঘটে।

হযরত আলি রাদি. এর শাহাদাত:

জঙ্গে জামালের পর হযরত আলি রাদি. ইসলামী সাম্রাজ্যের রাজধানী কুফাতে স্থানান্তরিত করেন। ৪০ হিজরি সনের সতেরই রমজান (৬৬১ ঈসায়ী সালের ২৪ জানুয়ারি) তারিখে ফজরের সময় কুফার মসজিদের সামনে আব্দুর রহমান বিন মুলজিম নামক এক খারেজি গুপ্তঘাতকের হামলায় শাহাদাত বরণ করেন ইসলামের চতুর্থ খলিফা হযরত আলি রাদি.।

শিয়া সম্প্রদায়ের উদ্ভব ও বিকাশ

মুশরিক ও ইহুদি সম্প্রদায় ইসলামের জন্মশত্রু। হঠকারিতা, অঙ্গীকার ভঙ্গ করা, ধোকাবাজি আর ইসলামের বিরুদ্ধে ষড়যন্ত্র করা, মুসলিম নেতাদের হত্যা করা- ইহুদিদের যেন জ্বীনগত বৈশিষ্ট্য। নবীজি ﷺ এদেরকে তাই মদীনা থেকে বিতাড়িত করেন। ইহুদির জাত, মুনাফিক আব্দুল্লাহ্ ইবনে সাবা ও তার অনুসারীদের ষড়যন্ত্রে তৃতীয় খলিফা হযরত উসমান রাদি. এর মর্মান্তিক শাহাদাতের পর এরা প্রকাশ্যে ইসলামের বিরুদ্ধে ষড়যন্ত্র করা শুরু করে। মুসলমানের বেশে এরা মুসলিমদের আকীদা নষ্ট করা, ঐক্য বিনষ্ট করা, মুসলমানে-মুসলমানে যুদ্ধ লাগানো, জাল হাদীস ছড়ানো ইত্যাদি ফেতনা ছড়ানো শুরু করে।

চতুর্থ খলিফা হযরত আলি রাদি. এর খিলাফতকালে মুসলমানদের অন্তর্বিরোধের সময় উম্মাহ দু-ভাগে বিভক্ত হয়ে পড়ে। একদল হযরত আলি রাদি. এর পক্ষালম্বন করে, যারা পরিচিতি লাভ করে 'শিয়ানে আলি' বা আলির দল নামে। আর দ্বিতীয় দলটি হযরত উসমান রাদি. এর হত্যার বিচারের

দাবিতে মুয়াবিয়া রাদি. এর পক্ষালম্বন করে, যারা 'শিয়ানে উসমান' বা উসমানের দল হিসেবে খ্যাতি লাভ করে। প্রথমোক্ত 'শিয়ানে আলি' নামটিই কালের পরিক্রমায় সংক্ষেপে শিয়া নামে পরিচিতি লাভ করতে থাকে। যেহেতু তখনও পর্যন্ত উভয় দলের উদ্দেশ্য ছিল নির্দোষ ও নিষ্ঠাপূর্ণ, তাই সাহাবায়ে কেরামের যামানা পর্যন্ত এই দলটি আহলে সুন্নাত ওয়াল জামাআর অন্তর্ভূক্ত ছিল।

কিন্তু হযরত আলি রাদি. এর প্রতি হৃদ্যতা পোষণকারী দলটির মাঝে ধীরে ধীরে আকিদাগত নানা ধরনের প্রান্তিকতা সৃষ্টি হতে থাকে। প্রথমে এই দাবি তোলা যে, হযরত আলি রাদি. নবীজির ﷺ সর্বাপেক্ষা নিকটাত্মীয় হিসেবে খলিফা হওয়ার অধিক উপযুক্ত ছিলেন, এরপর পর্যায়ক্রমে নবীজির ﷺ সরাসরি খলিফা দাবী করা, প্রথম তিন খলিফাকে অবৈধ ও কাফের সাব্যস্ত করা, আলি রাদি. কে নবুওয়তের উপযুক্ত দাবি করা, নবীদের তুলনায় মর্যাদায় শ্রেষ্ঠ দাবী করা, ইলাহ পর্যায়ের দাবি করা, আলীমুল গায়েব দাবী করা, এমনকি সৃষ্টিজগৎ পরিচালনার দাবি করা- ইত্যাদি এমন কুফুরী আকীদা শিয়ারা লালন করতে থাকে।

শিয়াদের দল উপদলের সংখ্যা একশর কাছাকাছি। এদের মধ্যে সবচেয়ে প্রসিদ্ধ ইমামিয়া সম্প্রদায়। বর্তমান বিশ্বের অধিকাংশ শিয়ারাই এই ইমামিয়া সম্প্রদায়ের শাখাপ্রশাখা। ইমামিয়া সম্প্রদায়ের মধ্যে সবচেয়ে প্রসিদ্ধ তিনটি শাখা- ইছনা আশারিয়া (বারো ইমামের আকীদা পোষণকারী), যায়দিয়া ও ইসমাইলিয়া। বর্তমান ইরানের অধিকাংশ ইছনা আশারিয়া সম্প্রদায়ভূক্ত। (বর্তমানে রাষ্ট্রক্ষমতাও এদের দখলে)। নুসাইরিয়া সম্প্রদায়ও ইছনা আশারিয়ার অন্তর্ভূক্ত।

২৮৬ হিজরি সনে (৮৯৯ ঈসায়ী) শামে ইসমাইলিয়া মতাদর্শের প্রচারক (পরবর্তী সময়ে উবায়দি বা ফাতিমি সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা) উবায়দুল্লাহ আল মাহদি নিজেকে হযরত ফাতিমা রাদি. এর বংশধর দাবী করতো। এর অনুসারীদেরকে 'ফাতিমিয়া' শিয়া নামে অভিহিত করা হয়।

হিজরি পঞ্চম শতকে আবির্ভূত কুখ্যাত ফেদায়ী 'হাশাশিন' গোষ্ঠীর প্রতিষ্ঠাতা হাসান ইবনে সাবাহ ছিল ইসমাইলি ধর্মপ্রচারক।

শিয়ারা সাধারণভাবে কাফের। তবে কিছু কিছু দল এর ব্যতীক্রম।

তৃতীয় অধ্যায়: উমাইয়া খিলাফত

সময়কালঃ ৪১-১৩২ হিজরি (৬৬১-৭৫০ ঈসায়ী)। ৭১১-১০৩১ ঈসায়ী (ইউরোপের স্পেনের কর্ডোভা অংশ)

শাসন এলাকার বিস্তৃতিঃ জাযীরাতুল আরব, আফ্রিকার উত্তর অংশ, ইউরোপের বিশাল বিস্তৃত এলাকা, পূর্বে ভারতবর্ষের ও চীনের কিছু অংশ, উত্তরে শামদেশ ও রাশিয়ার কিছু অংশ পর্যন্ত বিস্তৃত এলাকা। আয়তন ১,৫০,০০,০০০ বর্গ কিমি।

(বর্তমানে- আফগানিস্তান, আলজেরিয়া, অ্যান্ডোরা, আর্মেনিয়া, আজারবাইজান, বাহরাইন, চীন, সাইপ্রাস, মিশর, ইরিত্রিয়া, ফ্রান্স, জর্জিয়া (রাষ্ট্র), জিব্রাল্টার (যুক্তরাজ্য), গ্রীস, ইরান, ইরাক, ইসরায়েল, জর্ডান, কাজাখস্তান, কুয়েত, কিরগিজিস্তান, লেবানন, লিবিয়া, মৌরিতানিয়া, মরক্কো, ওমান, পাকিস্তান, ফিলিস্তিন, পর্তুগাল, কাতার, রাশিয়া, সৌদি আরব, সোমালিয়া, স্পেন, সিরিয়া, তাজিকিস্তান, তিউনিসিয়া, তুরস্ক, তুর্কমেনিস্তান, সংযুক্ত আরব আমিরাত, উজবেকিস্তান, ইয়েমেন, পশ্চিম সাহারা)

UMAYYAD CALIPHATE AT ITS GREATEST EXTENT, 750 CE

সংক্ষিপ্ত ইতিহাসঃ

হযরত আলি রাদি. এর ইন্তেকালের পর মদিনার মুসলমানগণ হযরত হাসান বিন আলি রাদি. এর হাতে খিলাফতের বাইয়াত গ্রহণ করে। এর মাত্র ছয় মাস পর ৪১ হিজরি সনে হযরত হাসান রাদি. উম্মাহর ঐক্য ও সম্প্রীতির বৃহত্তর স্বার্থে হযরত মুয়াবিয়া রাদি. এর হাতে খিলাফতের দায়িত্ব ছেড়ে দেন। এভাবে, উমাইয়া বংশের শাসন হযরত আমির মুয়াবিয়া বিন আবু সুফিয়ান (রাঃ) কর্তৃক সূচিত হয়। তিনি দীর্ঘদিন সিরিয়ার গভর্নর ছিলেন। ফলে সিরিয়া উমাইয়াদের ক্ষমতার ভিত্তি হয়ে উঠে এবং দামেস্ক তাদের রাজধানী হয়।

উমাইয়ারা মুসলিমদের বিজয় অভিযান অব্যাহত রাখে। পশ্চিমে তাদের অভিযান আন্দালুস পর্যন্ত পৌঁছে গিয়েছিল। পূর্ব দিকে **মুহাম্মাদ বিন কাসিম আস্ সাকাফির** হাতে বিজিত হয়েছিল সিন্ধু অঞ্চল, **কুতায়বা বিন মুসলিম আল বাহিলির** হাতে বিজিত হয়েছিল ট্রান্সঅক্সিয়ানা (মধ্য এশিয়া/মাওরাউন নাহার) অঞ্চল; তার বিজয়াভিযান বিস্তৃত হয়েছিল সুদূর চীন পর্যন্ত। আর **মাসলামা বিন আব্দুল মালিক আল মারওয়ানির** হাতে বিজিত হয়েছিল উত্তরের ককেশাস অঞ্চল। সীমার সর্বোচ্চে পৌছালে উমাইয়া খিলাফত মোট ৫৭৯ মিলিয়ন বর্গ মাইল (১,৫০,০০,০০০ বর্গ কিমি) অঞ্চল অধিকার করে রাখে। তখন পর্যন্ত বিশ্বের দেখা সাম্রাজ্যগুলোর মধ্যে এটি সর্ববৃহৎ ছিল। অস্তিত্বের সময়কালের দিক থেকে এটি ছিল পঞ্চম। পরবর্তীতে ১৩২ হিজরি/ ৭৫০ ঈসায়ীতে আব্বাসীদের হাতে এই খিলাফতের পতন ঘটে। আর এই পরিবারের একটি শাখা উত্তর আফ্রিকা হয়ে আন্দালুস চলে যায় এবং সেখানে উমাইয়া সাম্রাজ্য (আন্দালুস) প্রতিষ্ঠা করে। এ খিলাফত ৪২২ হিজরি (১০৩১ ঈসায়ী) পর্যন্ত টিকে ছিল এবং আন্দালুসের ফিতনার পর এর পতন হয়।

ঐতিহাসিক ইবনে কাছির বলেন, "উমাইয়া রাজপরিবারের সদস্যদের মধ্যে জিহাদের প্রেরণা সর্বদা উজ্জীবিত ছিল। তাদের যেন জিহাদ ছাড়া অন্য কোনো ব্যস্ততাই ছিল না। তাদের শাসনামলে পৃথিবীর পূর্বে-পশ্চিমে, জলে স্থলে সর্বত্র ইসলামের কালিমা সমুন্নত হয়। তারা কুফর ও কুফুরি শক্তিকে পর্যুদস্ত করেছেন। উমাইয়া শাসনামলে কাফির মুশরিকদের অন্তরাত্মা মুসলিম জাতির

প্রভাব-ভীতিতে প্রকম্পিত থাকত। মুসলিম অভিযাত্রীগণ যে অঞ্চলেই অভিযান পরিচালনা করত , তা-ই জয় করত।”

উমাইয়া খিলাফতের সময় কিছু গুরুত্বপূর্ণ ঘটনাবলিঃ

- **কারবালার হৃদয় বিদারক ঘটনা:** উমাইয়া বংশের দ্বিতীয় খলিফা ইয়াযিদ বিন মুয়াবিয়া বিন আবু সুফিয়ান এর শাসনামলে ইরাকের কুফাবাসীর প্রতারণামূলক আহ্বানে হযরত হুসাইন রাদি. বিদ্রোহের উদ্দেশ্যে মক্কা থেকে কুফার দিকে গমন করেন। ৬১ হিজরি সনের ১০ মুহার্‌রম (৬৮০ ঈসায়ীর ১০ অক্টোবর) তারিখ হযরত হুসাইন রাদি. কারবালার সন্নিকটে ইরাক থেকে আগত কুফার গভর্নর উবায়দুল্লাহ বিন যিয়াদের বাহিনীর হাতে শহিদ হন। এরপর হুসাইন রাদি. এর কর্তিত মস্তক খলিফা ইয়াযিদের কাছে পাঠিয়ে দেয়া হয়। হযরত হুসাইন রাদি. কে হত্যা করার ইচ্ছা ইয়াযিদের ছিল না, তিনি কেবল চেয়েছিলেন হুসাইন রাদি. যেন বিদ্রোহ থেকে সরে এসে তার হাতে বাইয়াত দেন। হুসাইন হত্যাকাণ্ডের সংবাদ পেয়ে ইয়াযিদ ব্যথিত হয়ে অশ্রুপাত করেন এবং হুসাইন পরিবারের সদস্যদের সঙ্গে সদাচরণ করেন।
- **ইসলামী রাষ্ট্রের নিজস্ব মুদ্রা চালু:** ৭৬ হিজরি সনে (৬৯৫ ঈসায়ীতে) উমাইয়া পঞ্চম খলিফা আব্দুল মালিক বিন মারওয়ান ইসলামী রাষ্ট্রের জন্য নিজস্ব মুদ্রা ব্যবস্থা চালু করেন এবং এর দ্বারা মুসলিম সমাজ যথেষ্ট উপকৃত হয়।
- পঞ্চম খলিফা আব্দুল মালিক বিন মারওয়ান বাইতুল মুকাদ্দাসের কুব্বাতুস্ সাখরা (The Dome of the Rock) নির্মাণ করেন।
- **আন্দালুস বিজয়:** তাঞ্জিয়ার প্রশাসক তারিক বিন যিয়াদ রাহি. ৯৩ হিজরী সনে (৭১২ ঈসায়ী) আন্দালুসের রাজধানী টলেডো (বর্তমান স্পেনের অন্যতম প্রাচীন নগরী) জয় করেন।
- **বালাতুশ শুহাদার যুদ্ধ:** আন্দালুসের প্রশাসক আব্দুর রহমান আল গাফিকি’র নেতৃত্বে ১১৪ হিজরিতে (৭৩২ ঈসায়ী) ফ্রান্সের তুরস্ (Tours) নগরীতে এই যুদ্ধ সংঘটিত হয়। এই যুদ্ধে মুসলমানদের ব্যাপক বিপর্যয় হয়। অনেক মুজাহিদ শহীদ হন।

- **হযরত উমর বিন আব্দুল আজিজ রহ. এর খিলাফত: [৯৯-১০১ হিজরি (৭১৭-৭২০ ঈসায়ী)]**
  তিনি ছিলেন উমাইয়া বংশের অষ্টম খলিফা। তাঁর মাতা ছিলেন ইসলামের দ্বিতীয় খলিফা হযরত উমর ইবনুল খাত্তাব রাদি. এর পুত্র আছিমের কন্যা। তিনি ছিলেন হিজরি প্রথম শতাব্দির মুজাদ্দিদ ও সংস্কারক। 'আদল ও ইনসাফের' জন্য তাঁকে ইসলামের খোলাফায়ে রাশেদার পঞ্চম খলিফা হিসেবে আখ্যায়িত করা হয়। জনৈক ক্রীতদাস বনু উমাইয়ার পক্ষ হতে ষড়যন্ত্র করে তার খাবার বা পানীয়তে বিষ প্রয়োগ করে শহিদ করে।

- **বুখারা ও সমরখন্দ বিজয়:** বীর সেনানী কুতায়বা বিন মুসলিম আল বাহিলি রহ. ৯০ হিজরি সনে (৭০৯ ঈসায়ী) তুর্কিস্থানের বুখারা এবং ৯৩ হিজরি সনে (৭১১ ঈসায়ী) সমরকন্দ জয় করেন।

- **ভারতবর্ষে অভিযান:** উমাইয়া খলিফা ওয়ালিদ বিন আব্দুল মালিকের শাসনামলে ৯০ হিজরি সনে একটি আরব বণিক কাফেলা সরনদ্বীপ (সিলন/বর্তমান শ্রীলংকা) থেকে আঠারটি জাহাজে করে ইরাকে ফেরার পথে সিন্ধুর দেবল বন্দর (বর্তমানে পাকিস্তানের করাচী) অতিক্রম করার সময় একদল দস্যু কর্তৃক আক্রান্ত হয়। দস্যুরা জাহাজগুলোকে লুট করে ও মুসলিম নারী-পুরুষ ও শিশুদের দেবলে নিয়ে কারাগারে আটকে রাখে। এই ঘটনার পিছনে সিন্ধুর ব্রাহ্মণ রাজা দাহিরের সরাসরি মদদ ছিল। এই খবর তৎকালীন ইরাকের গভর্নর হাজ্জাজ বিন ইউসুফের কাছে পৌঁছলে তিনি প্রথমে কূটনৈতিকভাবে বিষয়টি সমাধান করতে চেয়েছিলেন। কিন্তু তার এই প্রচেষ্টা ব্যর্থ হলে হাজ্জাজ বিন ইউসুফ প্রথমে পরপর দুটি বাহিনী প্রেরণ করেন, যার দুটি অভিযানই ব্যর্থ হয় এবং দুজন সেনাপতিই শহিদ হন।
  অতঃপর ৯২ হিজরি সনে হাজ্জাজ তার ভাতিজা ও জামাতা মুহাম্মাদ বিন কাসিম আস্ সাকাফির নেতৃত্বে সিন্ধু অভিমুখে বার হাজার সৈন্যের একটি বাহিনী প্রেরণ করেন। মুহাম্মাদ বিন কাসিম পথিমধ্যে অনেক অঞ্চল জয় করে অবশেষে ৯৩ হিজরীতে দেবল নগরী ও দেবল দুর্গ জয় করে মুসলমান নর-নারী আর শিশুদের উদ্ধার করেন।

এরপর মুহাম্মাদ বিন কাসিম আরো কিছু অঞ্চল জয় করে একই বছর মুসলমান বাহিনী নিয়ে জয়পুরে শিবির স্থাপন করেন। সিন্ধু পৌঁছলে হাজ্জাজ বিন ইউসুফ আরও চার হাজার সৈন্য প্রেরণ করেন। সব মিলিয়ে মুসলিম সৈন্যের সংখ্যা দাঁড়ায় ষোল হাজার।

কাছেই রাজা দাহিরের শিবির ছিল। রাজা দাহির একশ হাতিসহ পাঁচ হাজার রাজপুতদের একটি বিশেষ বাহিনী, দশ হাজার অশ্বারোহী সৈন্য, ত্রিশ হাজার পদাতিক সৈন্য ও অসংখ্য স্বেচ্ছাসেবী সৈন্য (সব মিলিয়ে প্রায় এক লক্ষ সৈন্য) নিয়ে মুসলমানদের উপর ঝাঁপিয়ে পড়ে। শুরু হয় উভয় পক্ষের মধ্যে ভয়াবহ অসম এক রক্তক্ষয়ী যুদ্ধ। অবশেষে রব্বে কারীমের সাহায্যে তাওহীদবাদী মুজাহিদগণ বিজয় অর্জন করেন।

- **উমাইয়া খিলাফতের পতন:** উমাইয়া খিলাফতের শেষ সাত বছর ছিল নানা ট্রাজেডি এবং 'মানহাজে নববী' হতে বিচ্যুতির ইতিহাস। কুদরতের নিয়ম মেনেই তখন 'সুন্নাতুল্লাহ' কার্যকর হয়, উমাইয়া খিলাফতের পতন ঘটে আর বনু আব্বাসের শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত হয়।

চতুর্থ অধ্যায়: আন্দালুসের ইতিহাস

- **আন্দালুস বিজয়:**

সিউটা প্রশাসক জুলিয়ানের আহ্বানে তাঞ্জিয়ার প্রশাসক তারিক বিন যিয়াদ রাহি. ৯২ হিজরি সনে (৭১১ ঈসায়ী) মোট বার হাজার সৈন্য নিয়ে আন্দালুসে বিজয়াভিযান পরিচালনা করেন। আইবেরিয়ান উপদ্বীপকেই অতীতে আন্দালুস বলা হত। আধুনিক রাষ্ট্রসীমার স্পেন, পর্তুগাল ও অ্যান্ডোরা এই তিনটি দেশের, পাশাপাশি ফ্রান্সের অংশ এই আইবেরিয়ান উপদ্বীপের অন্তর্ভূক্ত। আন্দালুসের শাসক রডারিক রাজধানী টলেডো হতে এক বিশাল বাহিনী নিয়ে রওনা হয়। উভয় বাহিনী সাজুনা নগরীর নিকটবর্তী বারবাত বা লুক্কা উপত্যকায় মুখোমুখি হয়। একটানা আটদিন যুদ্ধ চলার পর রডারিক বাহিনীর পরাজয়ের মাধ্যমে যুদ্ধ শেষ হয়। তারিক বিন যিয়াদ বিজয়াভিযান অব্যাহত রেখে ৯৩ হিজরী সনে (৭১২ ঈসায়ী) আন্দালুসের রাজধানী টলেডো (বর্তমান স্পেনের অন্যতম প্রাচীন নগরী) জয় করেন।

মানচিত্র: উমাইয়া শাসনামলে মুসলিম আন্দালুস (সবুজ অংশ)

সেনাপতি তারিক বিন যিয়াদ রাহি. ছিলেন আফ্রিকার প্রশাসক মুসা বিন নুসায়রের রাহি. অধীন। বাহিনীর নিরাপত্তা-ঝুঁকি বিবেচনা করে তারিকের প্রতি মুসা বিন নুসায়রের নির্দেশ ছিল, তিনি যেন আন্দালুসের বেশি গভীরে প্রবেশ না করেন। কিন্তু একের পর এক সহজ বিজয় তারিক বিন যিয়াদকে সম্মুখে অগ্রসর হতে উদ্বুদ্ধ করে। এক পর্যায়ে তিনি পুরো বাহিনী সহ নিজেকে অবরুদ্ধ আবিষ্কার করেন। ফলে বাধ্য হয়ে তিনি মুসার কাছে সাহায্যের আবেদন জানান। ফলে ৯৩ হিজরিতে মুসা বিন নুসায়ের রাহি. আঠার হাজার সৈন্য নিয়ে

সমুদ্র পাড়ি দিয়ে নিজেই আন্দালুসে পা রাখেন এবং উভয়ে মিলে একের পর এক নগরী জয় করতে থাকেন।

মুসলিম জাহানের তৎকালীন খলিফা ছিলেন ষষ্ঠ উমাইয়া খলিফা ওয়ালিদ বিন আব্দুল মালিক বিন মারওয়ান। মুসা বিন নুসায়ের তার কাছে বিজয়-বার্তা পাঠালে তিনি কৃতজ্ঞতায় সিজদাবনত হয়ে পড়েন।

- **বালাতুশ শুহাদার যুদ্ধঃ**

আন্দালুসের প্রশাসক আব্দুর রহমান আল গাফিকি রাহি. ১১৪ হিজরিতে (৭৩২ ঈসায়ী) সত্তর হাজার (মতান্তরে এক লক্ষ) মুসলিম সৈন্যের এক বাহিনী নিয়ে ফ্রান্স আক্রমন করেন। ফ্রান্সের তুরস্ (Tours) নগরীতে ফ্রাঙ্কদের সাথে মুসলিম বাহিনী মুখোমুখি হয়। আটদিন চলে এই রক্তক্ষয়ী যুদ্ধ। দ্বিতীয় দিন যুদ্ধের পাল্লা মুসলমানদের দিকে ভারী ছিল। ফ্রাঙ্ক বাহিনীর একটি অংশ মুসলমানদের সারি ভেদ করে সামনে অগ্রসর হয়ে মুসলমানদের পূর্বে অর্জিত যুদ্ধলব্ধ সম্পদের স্তুপের কাছে পৌঁছে যায়। গনিমত হারানোর চিন্তায় মুসলমানদের মাঝে অস্থিরতা বৃদ্ধি পায় এবং তারা ছত্রভঙ্গ হয়ে যায়। সেনাপতি আব্দুর রহমান আল গাফিকি রাহি. মুসলিম সৈন্যদের যুদ্ধে অবিচল থাকার এবং গনিমতের জন্য অস্থির না হওয়ার জন্য সর্বোচ্চ চেষ্টা করা সত্ত্বেও তার প্রচেষ্টা ব্যর্থ হয়। সেনাপতি নিজে শহীদ হন। অনেক মুসলিম সৈন্য এ যুদ্ধে শহীদ হন। যে গনিমতের লোভে মুসলমানদের পরাজয় হল সেগুলোকে রাতের আঁধারে ফেলে রেখে মুসলিম বাহিনী গোপনে কেটে পড়ে।

প্রখ্যাত বৃটিশ ঐতিহাসিক এডওয়ার্ড গিবন (Edward Gibbon) বলেন, "আরবরা যদি তুরসের যুদ্ধে জয়লাভ করতো, তাহলে আজ অক্সফোর্ড ও ক্যামব্রিজে কুরআন তিলাওয়াত ও তাফসির চর্চা হতো।"

- আন্দালুসে বনু উমাইয়ার স্বাধীন শাসন প্রতিষ্ঠিত হওয়ার মাত্র একশ বছর পর ২৩৮ হিজরি থেকে ৩০০ হিজরি পর্যন্ত সময়ে ইসলামি আন্দালুস খণ্ডে খণ্ডে বিভক্ত হয়ে পড়ে। কয়েকটি এলাকা নিয়ে একেকটি ক্ষুদ্র ক্ষুদ্র রাষ্ট্র গঠিত হতে থাকে এবং বিচ্ছিন্ন রাষ্ট্রগুলো নিজেদেরকে সাম্রাজ্য দাবী করতে থাকে। অপরদিকে বনু উমাইয়ার শাসন ও কর্তৃত্ব রাজধানী কর্ডোভা ও তার পার্শ্ববর্তী কিছু এলাকায় সীমাবদ্ধ হয়ে পড়ে। সবচেয়ে খারাপ বিষয় হলো, এই রাষ্ট্রগুলো

একে অপরের বিরুদ্ধে পার্শ্ববর্তী উত্তরের খ্রিস্টান রাজ্যগুলোর কাছে সহযোগিতা কামনা করা শুরু করে।

- উমাইয়া শাসক আব্দুর রহমান আন নাসির লি দ্বীনিল্লাহ্-এর নেতৃত্বে ইসলামি আন্দালুস পুনরায় একক সাম্রাজ্যের পরিণত হয়। তার শাসনকাল ৩০০-৩৫০ হিজরি (৯১৩-৯৬১ ঈসায়ী)। ৩১৬ হিজরি সনে আন্দালুসে আব্দুর রহমান আন-নাসির নিজেকে স্বতন্ত্র খলিফা ঘোষনা করে। এরফলে মুসলিম বিশ্ব তখন খিলাফত প্রশ্নে তিনভাগে বিভক্ত হয়ে যায়- বাগদাদ কেন্দ্রিক আব্বাসী খিলাফাহ, কর্ডোবা কেন্দ্রিক উমাইয়া খিলাফাহ আর আফ্রিকায় মিশর কেন্দ্রিক উবায়দি (ফাতিমি শিয়া) খিলাফাহ।

মানচিত্র: আব্দুর রহমান আন নাসির লি দ্বীনিল্লাহ্‌র সময় ইসলামিক আন্দালুসে বিজয়াভিযান। (হলুদ অংশ)

- ৪২২ হিজরি সনে (১০৩১ ঈসায়ী) খলিফা মুতামিদ বিল্লাহ্‌র পতনের মধ্য দিয়ে আন্দালুসে উমাইয়া সাম্রাজ্যের চূড়ান্ত পতন ঘটে। আন্দালুসে মোট উমাইয়া শাসকের সংখ্যা ছিল উনিশজন।
উমাইয়াদের পতনের পর আন্দালুস আবারো খণ্ড বিখণ্ড হয়ে যায়। একে তাইফা (বিভক্ত) শাসকদের যুগ হিসেবে অভিহিত করা হয়।

- হায়! তৎকালীন আন্দালুসের খ্রিস্টান অংশের প্রতাপশালী নেতা ষষ্ঠ আলফোন্সোকে ইসলামী শাসকগণ উপহার সামগ্রী ও উচ্চ মূল্যের কর প্রদান করে তার সুদৃষ্টি ও সহযোগিতা লাভের প্রতিযোগিতা করত। মুসলিম শাসকদের এই নতজানু নীতি এবং ইসলামী আন্দালুসের অস্থিতিশীল

মানচিত্র: ষষ্ঠ আলফোন্সোর সময় ইসলামিক আন্দালুস (সবুজ অংশ)

ও সংঘাতপূর্ণ পরিস্থিতি আলফান্সোকে ইসলামি ভূ-খণ্ডের প্রতি লালায়িত করে তোলে এবং সে মুসলমানদের কাছ থেকে লাভ করা সম্পদ ব্যবহার করেই ইসলামি ভূমিতে ধ্বংসযজ্ঞ চালিয়ে একের পর এক ইসলামি দুর্গ জয় করতে থাকে। এরই ধারাবাহিকতায় ৪৭৮ হিজরি (১০৮৫ ঈসায়ী)-তে আন্দালুসের অত্যন্ত গুরুত্বপূর্ণ নগরী টলেডো জয় করে ফেলে। অবস্থাদৃষ্টে মনে হচ্ছিল, কয়েকদিনের মধ্যেই সে পুরো ইসলামী আন্দালুস গিলে ফেলবে।

- **ইউসুফ বিন তাশফীনঃ লাঞ্ছনার মাঝে এক টুকরো বীরত্ব-গৌরব!**

এসময় মুসলিম শাসকবৃন্দ অনুভব করেন যে, প্রণালির ওপারের আফ্রিকার মুরাবিতি সাম্রাজ্যের শাসক ইউসুফ বিন তাশফিনই পারেন এই দুর্যোগপূর্ণ পরিস্থিতিতে ইসলামি আন্দালুসের সহায়তায় এগিয়ে আসতে। ইউসুফ বিন তাশফিনের নেতৃত্বাধীন মুরাবিতি সাম্রাজ্য ছিল তৎকালীন মাগরিব অঞ্চলের সবচেয়ে শক্তিশালী রাষ্ট্র। আর তাই আন্দালুসবাসী তার কাছেই সাহায্য প্রার্থনা করেছিল। ইসলামি ভ্রাতৃত্ববোধ আর জিহাদ ফী সাবীলিল্লাহ্‌র প্রতি সহজাত আকর্ষণের দাবীতে ইউসুফ বিন তাশফিন তাদের ডাকে সাড়া দেন।

- **জাল্লাকার যুদ্ধঃ (The Battle of Zallaqa/ Sagrajas):**

ইউসুফ বিন তাশফিন আন্দালুসের খ্রিস্টানদের বিরুদ্ধে জিহাদ করার জন্য বাহিনী নিয়ে 'জাবালে তারিক' (জিব্রাল্টার) প্রণালি পাড়ি দিয়ে আন্দালুস উপকূলের জাযিরাতুল খাযরায় অবতরণ করেন।

এদিকে খ্রিস্টান অধিপতি ষষ্ঠ আলফোন্সো এক বিশাল বাহিনী গঠন করে। তার বাহিনীর বিশালতা দেখে মুগ্ধ হয়ে নিজেই বলে উঠে, "এই সুবিশাল বাহিনী নিয়ে আমি জিন-মানুষ এমনকি আসমানের ফেরেশতাদের বিরুদ্ধেও লড়াই করতে পারি।" তার বাহিনীর সৈন্য সংখ্যা সম্পর্কে সর্বোচ্চ যে হিসাব পাওয়া যায় তা এই- তার বাহিনীর অশ্বারোহীই ছিল আশি হাজারের উপর। পদাতিক ছিল দুই লক্ষের উপর। সব মিলিয়ে তিন লক্ষের উপর। [ইসলামী ইতিহাস, ড. রাগেব সারাজানী] অন্যদিকে, মুসলিম সৈন্যদের প্রকৃত সংখ্যা জানা যায়নি। তবে মুসলিম বাহিনীর সৈন্য সম্পর্কে সর্বনিম্ন যে হিসাব পাওয়া যায় সে অনুযায়ী মুসলমানদের সৈন্য সংখ্যা ছিল মাত্র বিশ হাজার। [https://bit.ly/zallaqa]

বাতালইয়ুসের নিকটবর্তী জাল্লাকা প্রান্তরে দুই বাহিনী মুখোমুখি হয়।

যখন উভয়পক্ষের মধ্যে যুদ্ধের দিন নির্দিষ্ট করার জন্য পত্র বিনিময় হয়, তখন আলফোন্সো প্রতারণার আশ্রয় নেয় এবং বলে যে, "আগামীকাল শুক্রবার আর তা মুসলিমদের সাপ্তাহিক আনন্দের দিন। তাই সেদিন আমরা আপনাদের বিরুদ্ধে লড়তে চাই না। তার পরের দিন শনিবার, আর তা ইহুদীদের আনন্দের দিন। যেহেতু আমাদের এ অঞ্চলে প্রচুর ইহুদী আছে, তাই আমাদের উচিত তাদের দিকটিও খেয়াল রাখা। আর এর পরদিন হলো রোববার, আমাদের আনন্দের দিন।। সুতরাং , আসুন, আমরা এসব আনন্দের দিনগুলোর সম্মান বজায় রাখি। সোমবারেই পরস্পরের সাক্ষাৎ হবে।"

৪৭৯ হিজরি সনের ১২ রজব (১০৮৬ ঈসায়ীর ২৩ অক্টোবর) শুক্রবার বাদ ফযর ইউসুফ বিন তাশফীন যখন ফজরের নামাজের উদ্দেশ্যে বের হন, তখনই খ্রিস্টান বাহিনী প্রতিশ্রুতি ভঙ্গ করে মুসলিম বাহিনীর উপর ঝাঁপিয়ে পড়ে। অবশ্য আন্দালুসের খ্রিস্টানদের সম্পর্কে পূর্ব অভিজ্ঞতা থাকায় মুসলিমরা আগে থেকেই প্রস্তুত ছিল। শুরু হয় ইতিহাসের অন্যতম আরেকটি ভয়ংকর রক্তক্ষয়ী অসম যুদ্ধ। মুসলিম বাহিনী প্রবল বিক্রমে খ্রিষ্টান সৈন্যদের মুলা-গাজর আর টমেটোর মত কাটতে থাকে। অল্পসময়ের মাঝে সুবিশাল খ্রিষ্টান বাহিনীর পতন ঘটে। এরপর আলফোন্সো বাহিনীর কী হল, জানেন কী? দাম্ভিক আলফোন্সো মাত্র পাঁচশ ক্রুসেডার সৈন্য নিয়ে যুদ্ধক্ষেত্র থেকে পালাতে সক্ষম হয়। তার মানে?

তার মানে হল, প্রায় তিন লক্ষ ক্রুসেডার সৈন্য মুজাহিদদের হাতে একদিনেই নিহত হয়। অন্যদিকে মাত্র তিন হাজার মুজাহিদ শহিদ হন। সুব্হানাল্লাহ। সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহ্ তা'আলারই জন্য, যিনি মুজাহিদদের পাশে সব সময় থাকেন।

وَمَا ٱلنَّصۡرُ إِلَّا مِنۡ عِندِ ٱللَّهِ ٱلۡعَزِيزِ ٱلۡحَكِيمِ ١٢٦

"আর সাহায্য শুধুমাত্র পরাক্রান্ত, মহাজ্ঞানী আল্লাহ্রই পক্ষ থেকে।" (সূরা আল ইমরান ৩:১২৬)

فَلَمۡ تَقۡتُلُوهُمۡ وَلَٰكِنَّ ٱللَّهَ قَتَلَهُمۡۚ وَمَا رَمَيۡتَ إِذۡ رَمَيۡتَ وَلَٰكِنَّ ٱللَّهَ رَمَىٰ

"সুতরাং তোমরা তাদেরকে হত্যা করনি, বরং আল্লাহ্ই তাদেরকে হত্যা করেছেন। আর তুমি নিক্ষেপ করনি, যখন তা নিক্ষেপ করেছিলে, বরং তা নিক্ষেপ করেছিলেন স্বয়ং আল্লাহ।" (সূরা আনফাল ৮:১৭)

- **আন্দালুসে মুরাবিতি শাসনঃ**
  আন্দালুসের শাসকদের বিভক্তি, অবাধ্য আচরণ, খ্রিস্টানদের সঙ্গে সখ্যতা, বিলাসিতা, অপচয় ও প্রজাদের উপর অন্যায় করারোপ, অন্যদিকে মুসলিম জনগণের চাহিদা, ন্যায় শাসন প্রতিষ্ঠার অনুরোধ জানিয়ে ইউসুফ বিন তাশফিন রাহি. এর প্রতি উলামায়ে কেরামের ফতোয়া-ইত্যাদি বিবেচনা করে তিনি আন্দালুসের বিজয়াভিযান পরিচালনা করতে উদ্বুদ্ধ হন। গ্রানাডা হতে তিনি তার অভিযান শুরু করেন এবং ৪৯৫ হিজরি (১১০২ ঈসায়ী) পর্যন্ত ব্যাপ্ত অভিযানের মাধ্যমে বিভক্ত রাষ্ট্রসমূহে কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে সমর্থ হন। এর ফলে পুরো ইসলামী আন্দালুস আফ্রিকার মুরাবিতি সাম্রাজ্যের অন্তর্ভূক্ত হয়। মুরাবিতি শাসনের মাধ্যমে শান্তি ফিরে আসায় আন্দালুসের মুসলমানগণ সীমাহীন আনন্দিত হয়।

- এরপর আন্দালুসে মাগরিবকেন্দ্রিক মুওয়াহিদি শাসন চলে ৫৪১-৬২০ হিজরি (১১৪৭-১২২৪ ঈসায়ী) পর্যন্ত। এই আমলে ইকাবের যুদ্ধে মুসলিম বাহিনী খ্রিস্টানদের হাতে পরাভূত হয় এবং মারাত্মক ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়। ইকাব যুদ্ধ পরবর্তী সময়ে আন্দালুসের অধিকাংশ বড় বড় নগরী খ্রিষ্টানদের হাতে চলে যায়। একমাত্র গ্রানাডা থেকে যায় মুসলিমদের হাতে। এবং সেখানে বনু আহমার (বনু নাসর) এর শাসন প্রতিষ্ঠিত হয়। এরপর প্রায় আড়াইশ বছর মুসলিম গ্রানাডা অঞ্চল খ্রিস্টান স্পেনের মোকাবিলায় টিকে থাকে।

চিত্র: বনু্ আহমারের সময় ইসলামিক আন্দালুস। (সবুজ অংশ)

- **আন্দালুসের পতনঃ** কালের পরিক্রমায় আন্দালুসের মুসলমানগণ ঐশ্বর্য ও বিলাসী জীবনের হাতছানিতে মোহাচ্ছন্ন হয়ে পড়ে। তারা ভুলে যায় নিজেদের পরিচয় এবং শত্রুর পরিচয়। তারা ভুলে যায় 'আল ওয়ালা ওয়াল বারাআহ্'র আকীদা। ভুলে যায় জিহাদ ফী সাবীলিল্লাহ্র আদর্শ! ভুলে যায় যুগে-যুগে কারা তাদের বিরুদ্ধে চক্রান্ত করেছে এবং কারা তাদের অস্তিত্ব মুছে ফেলতে একজোট হয়েছে। আর তাই আন্দালুস ও ইসলামের শত্রুরা যখন তরবারিতে শান দিচ্ছিল

এবং ঐক্যবদ্ধ হয়ে ঝাঁপিয়ে পড়ার প্রস্তুতি নিচ্ছিল, আন্দালুসের মুসলমানরা তখন মত্ত ছিল সুর ও সুরার নেশায় এবং বিভেদ ও বিচ্ছিন্নতায়। ফলাফল যা হওয়ার, তা-ই হয়েছিল।

গ্রানাডার মুসলমান শাসকরা যখন বিলাসী জীবনে গা ভাসিয়ে দিচ্ছিল, খিস্টান স্পেন তখন নবোদ্যমে জেগে উঠে ঐক্যের শক্তি অর্জনে সচেষ্ট ছিল। অ্যারোগানের শাসক ফার্ডিনান্ড এ সময় ক্যাস্টোলার রানি ইসাবেলাকে বিয়ে করে এবং গ্রানাডার বিরুদ্ধে উভয় খ্রিস্টান রাষ্ট্র ঐক্যবদ্ধ শক্তিতে পরিণত হয়। ফার্ডিনান্ড বাহিনী একের পর এক অভিযান চালিয়ে গ্রানাডার বিভিন্ন অঞ্চল জয় করতে থাকে। অবশেষে ৮৯৭ হিজরি সনের ২ রবিউল আউয়াল মোতাবেক ১৪৯২ ঈসায়ীর ২ জানুয়ারি আন্দালুসের শেষ ইসলামি দুর্গ গ্রানাডার পতন ঘটে।

গ্রানাডার পতনের পর পোপের পক্ষ থেকে মুসলমানদেরকে ক্যাথলিক ধর্মগ্রহণে বাধ্য করার নির্দেশ জারি করা হয়। মুসলমানদের উপর নেমে আসে ভয়াবহ-দুর্বিষহ অত্যাচার, নির্যাতনের ষ্টীমরোলার আর গণহত্যা। রানি ইসাবেলা মরিস্কোদের (আন্দালুসী মুসলিম) নির্যাতন করার জন্য স্প্যানিশ তদন্ত কমিশন (The Tribunal of Inquisition) নামে খুনি একটি সংস্থা প্রতিষ্ঠা করে। শতাব্দীকাল পরেই ১০১৭ হিজরি সনের (১৬০৯ ঈসায়ীর) মধ্যে স্পেন মুসলিমশূন্য হয়ে যায়। স্পেনের পতনের পর সেখান থেকে বিতাড়িত করা হয় প্রায় ত্রিশ লক্ষ মুসলমানকে। অপরদিকে যারা স্প্যানিশ খ্রিস্টানদের নির্মম গণহত্যার শিকার হয়, তাদের সংখ্যাও এর কম নয়। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন.........

হায়! কোথায় গ্রানাডা, কোথায় লড়াই, কোথায় সংগ্রামের পুন্যভূমি? কোথায় হাজারো সিংহপুরুষ, বীর মুজাহিদের হুংকারধ্বনি?! কোথায় গ্রানাডার সেই বিখ্যাত মসজিদ? হাজারো নামাজির তিলাওয়াতের গুঞ্জরণ? কত আলিম, কত আলোক প্রদীপ! কোথায় তাদের জ্ঞান বিতরণ?? কোথায় হারাল আল্লাহপ্রেমে গণ্ডদেশে অশ্রুতুফান! কত আবিদ! কত আল্লাহপ্রেমিক! কত রোনাজারি আর কত ক্রন্দন!

পঞ্চম অধ্যায়: আব্বাসী খিলাফত

সময়কালঃ ১৩২-৯২৩ হিজরি (৭৪৯-১৫১৭ ঈসায়ী)।

শাসন এলাকার বিস্তৃতিঃ পশ্চিমে জাযীরাতুল আরব, আফ্রিকার উত্তর অংশ, পূর্বে ভারতবর্ষের ও চীনের কিছু অংশ, উত্তরে শামদেশ ও রাশিয়ার কিছু অংশ পর্যন্ত বিস্তৃত এলাকা। আয়তন ১,১১,০০,০০০ বর্গ কিলোমিটার।

(বর্তমানে দেশসমূহঃ অ্যান্ডোরা, আজারবাইজান, আফগানিস্তান, আর্মেনিয়া, আলজেরিয়া, ইয়েমেন, ইরাক, ইরান, ইসরায়েল, উজবেকিস্তান, ওমান, কাজাখস্তান, কাতার, কিরগিজিস্তান, কুয়েত, জর্জিয়া, জর্ডান, জিব্রাল্টার, তাজিকিস্তান, তিউনিসিয়া, তুরস্ক, তুর্কমেনিস্তান, পর্তুগাল, পাকিস্তান, ফিলিস্তিন, মাল্টা, মিশর, রাশিয়া, লিবিয়া, লেবানন, সংযুক্ত আরব আমিরাত, সাইপ্রাস, সিরিয়া, সৌদি আরব।)

আব্বাসী খিলাফতের সংক্ষিপ্ত ইতিহাসঃ

আব্বাসীয় খিলাফত নবী মুহাম্মদ (সা) এর চাচা আব্বাস ইবনে আবদুল মুত্তালিবের বংশধরদের কর্তৃক ১৩২ হিজরি (৭৫০ ঈসায়ী) কুফায় প্রতিষ্ঠিত হয়। আস্‌-সাফাহ আবুল আব্বাস আব্দুল্লাহ বিন মুহাম্মাদ বিন আলি বিন আব্দুল্লাহ ইবনে আব্বাস রাদি. এর বাহিনী উমাইয়াদের সমূলে নিঃশেষ করে উমাইয়া খিলাফতের পশ্চিমাঞ্চলের প্রদেশ আন্দালুস ব্যতীত পুরো মুসলিম বিশ্বে আব্বাসী খিলাফা কায়েম করেন। ৭৬২ ঈসায়ীতে বাগদাদে রাজধানী স্থানান্তরিত করা হয়। এই যুগে মুসলিমদের জ্ঞান-বিজ্ঞানের প্রভূত উন্নতি হয়। এক পর্যায়ে খলিফারা বিলাসিতায় গা ভাসালে মোঙ্গল নেতা হালাকু খানের বাগদাদ দখলের পর ১২৫৮ ঈসায়ীতে (৬৫৬ হিজরি) আব্বাসীয় খিলাফত বিলুপ্ত হয়। এর পর মামলুক শাসিত মিশরে অবস্থান করে তারা ১৫১৭ ঈসায়ী সাল পর্যন্ত নামে মাত্র ধর্মীয় ব্যাপারে কর্তৃত্ব থাকে। ১৫১৭ সালে (৯২৩ হিজরি) মিশরে উসমানীয়দের দ্বারা মামলুকদের পতন ঘটলে আব্বাসী খিলাফাতের চূড়ান্ত বিলুপ্তি ঘটে ও উসমানী খেলাফত শুরু হয়।

আব্বাসী খিলাফত আমলে প্রতিষ্ঠিত স্বাধীন রাষ্ট্রসমূহঃ

হিজরি তৃতীয় শতাব্দীর মাঝামাঝি এসে আব্বাসি খিলাফত বিভিন্ন স্বতন্ত্র রাষ্ট্র দ্বারা পরিবেষ্টিত হয়ে পড়ে। এসব রাষ্ট্র ছিল সম্পূর্ণই স্বাধীন ও আব্বাসী খলিফার কর্তৃত্বমুক্ত। সৈন্যবাহিনী প্রেরণ করে এসব বিচ্ছিন্নতা দাবীদারদের দমন করার শক্তি তখন খিলাফতের ছিল না। আব্বাসী খলিফাদের উপর তুর্কি মামলুকদের একচ্ছত্র আধিপত্যের কারণে ইসলামী খিলাফত দুর্বল হয়ে পড়ে। কেননা তারা কেবল প্রভাব বিস্তার করেই তুষ্ট ছিল, খিলাফতকে শক্তিশালী করার কোন ফিকির তাদের ছিল না। ফলে আশপাশের বিভিন্ন অঞ্চলের গভর্নররা খিলাফতের দুর্বলতার সুযোগে স্বাধীনতা ঘোষণা করে। এসব

স্বাধীনরাষ্ট্রের মধ্যে কিছু ছিল আব্বাসি খিলাফতের সাথে মিত্রতা বজায়কারী, তারা মিম্বরে খুৎবায় আব্বাসি খলিফার জন্য দুআ করতো, মুদ্রায় খলিফার নাম উৎকীর্ণ করত। আর বিপরীতে কিছু রাষ্ট্র ছিল সম্পূর্ণ স্বাধীন পরিচয়ধারী। এরা আব্বাসী খিলাফতের সাথে সম্পর্ক তো রাখতই না, বরং খিলাফতের ক্ষতিসাধনের চেষ্টা করতো।

নিম্নে তৎকালীন সময়ের কয়েকটি স্বাধীন রাষ্ট্রের নাম উল্লেখ করা হল-

১. আন্দালুস রাষ্ট্র।
২. মসুল ও আলেপ্পো কেন্দ্রিক জিনকি রাষ্ট্র।
৩. আফ্রিকার মিশরে ছিল যথাক্রমে উবায়দিদের (ফাতিমি শিয়া) শাসন, আইয়ুবী শাসন, মামলুক শাসন।
৪. মরক্কোয় ছিল ইদরিসি শাসন।
৫. মিশর ও শামে ছিল ইখশিশিদের শাসন।
৬. ইরাকে ছিল দায়লামিদের শাসন।
৭. আম্মান, ইয়েমেন, বাহরাইন ও বসরার বাদিয়া অঞ্চলে ছিল কারামাতিয়াদের শাসন।
৮. পারস্য ও আহওয়াজে ছিল শিয়া বুওয়াইহি পরিবারের শাসন।
৯. মাওরাউন নাহার ও খোরাসানের কিছু অংশ নিয়ে ছিল সামানি পরিবারের শাসন।
১০. খোরাসান ও মাআরাউন নাহার কেন্দ্রিক খাওয়ারিজম রাষ্ট্র।
১১. বর্তমান আফগানিস্তানে ছিল গজনবি বা সুবুক্তগীন রাষ্ট্র, ইত্যাদি।

বি.দ্রঃ উমাইয়া শাসনব্যবস্থার পতন ও আব্বাসী খিলাফতের প্রতিষ্ঠার পর ইসলামি বিশ্বের নানা অংশে বিভিন্ন স্বতন্ত্র রাষ্ট্র প্রতিষ্ঠিত হলেও আব্বাসি খলিফা ব্যতীত কেউ নিজেকে খলিফা দাবী করেনি। ২৯৭ হিজরি সনে যখন উবায়দি (ফাতিমি শিয়া) সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা উবায়দুল্লাহ আল মাহদি নিজেকে খলিফা ও আমিরুল মুমিনিন দাবি করে, মূলত তখনই মুসলিমবিশ্ব প্রথমবারের মত খিলাফত প্রশ্নে বিভক্তির শিকার হয়। উনিশ বছর পর ৩১৬ হিজরি সনে আন্দালুসে আব্দুর রহমান আন-নাসিরও নিজেকে খলিফা ঘোষণা করে, তখন মুসলিম বিশ্ব খিলাফত প্রশ্নে তিন ভাগে বিভক্ত হয়ে পড়ে। সাতাশি বছর পর ৪০৩ হিজরিতে কর্ডোভা কেন্দ্রিক খিলাফতব্যবস্থার পতন ঘটলে মুসলিমবিশ্ব

আবারো দুই খলিফার যুগে প্রবেশ করে। এরপর ৫৬৭ হিজরিতে উবায়দি (ফাতিমি) খিলাফতের পতন হলে, মুসলিম বিশ্ব আবারো একক আব্বাসী খলিফার অধীনে চলে আসে।

আব্বাসী খিলাফতের সময় উল্লেখযোগ্য কিছু ঘটনা:

আব্বাসী খিলাফতের দীর্ঘ সময়কালকে ছয়টি মৌলিক ভাগে ভাগ করা যায়।

১. **প্রথম ভাগ: আব্বাসী খিলাফতের প্রতাপ ও সমৃদ্ধিকালের খলিফাগণের শাসনামল:**

সময়কাল: ১৩২-২৪৭ হিজরি (৭৪৯-৮৬১ঈসায়ী)

খলিফাগণ: ১-১০নং আব্বাসী খলিফা

✓ বাগদাদ নগরী নির্মাণ: দ্বিতীয় খলিফা মানসুর ১৪৬ হিজরি সনে আঠারো লক্ষ দিনার ব্যয়ে বাগদাদ নগরী নির্মাণ করেন। খলিফা মানসুর ইসলামী বিশ্বের প্রত্যেক অঞ্চল ও নগরী হতে আলিমদেরকে এনে বাগদাদে সমবেত করেন। আব্বাসি শাসনামলে বাগদাদ পৃথিবীর প্রাণকেন্দ্র, সর্বশ্রেষ্ঠ নগরী এবং ইসলামি সভ্যতা ও সংস্কৃতির সূতিকাগারে পরিণত হয়। একসময় বাগদাদের জনগণ বিশ লক্ষ ছাড়িয়ে গিয়েছিল।

✓ পঞ্চম খলিফা হারুনুর রশিদ প্রতিদিন নিজ সম্পদ হতে এক হাজার দিনার সাদাকা দিতেন এবং প্রতিদিন একশ রাকাত নফল নামায পড়তেন। তিনি মোট নয়বার হজ্ব করেন। তিনি এক বছর হজ্বে যেতেন, আরেক বছর জিহাদ ফী সাবিলিল্লাহ্য় বের হতেন। তিনি সশরীরে সাতবার জিহাদে বের হয়েছেন এবং স্থল ও নৌপথে জিহাদের উদ্দেশ্যে প্রেরণ করেছেন বিশটি বাহিনী। তিনি বাগদাদে একটি পাঠাগার প্রতিষ্ঠা করেছিলেন যা প্রায় পাঁচ শতক ধরে পৃথিবীর শ্রেষ্ঠ পাঠাগার বলে বিবেচিত হয়।

✓ সপ্তম খলিফা মামুনের আমলে মুসলিম বিশ্বে ইলমুল কালাম চর্চার সূচনা ও উৎকর্ষ ঘটে। মেধা ও যুক্তিনির্ভর এই শাস্ত্রের মূল আলোচ্য বিষয় হলো আকিদা-বিশ্বাস, ধর্মতত্ত্ব ও ধর্মের মৌলিক নীতিসমূহ। উমাইয়া শাসনামলের শেষের দিকে উদ্ভূত ভ্রান্ত মুতাজিলা সম্প্রদায় আব্বাসি আমলে উৎকর্ষ ও বিস্তৃতি লাভ করে। এতে খলিফা মামুন, মুতাসিম ও ওয়াসিকের সরাসরি পৃষ্ঠপোষকতা ছিল। কুরআন ও সুন্নাহ ভিত্তিক আহলুস্ সুন্নাহ ওয়াল জামাতের

সাথে মুক্তচিন্তা ও বুদ্ধিভিত্তিক মুতাজিলা সম্প্রদায়ের যেসব বিষয়ে মতানৈক্য ঘটে, তার মধ্যে প্রসিদ্ধ ছিল- আল্লাহ্‌র কালাম কুরআন নিত্য ও শাশ্বত, নাকি মাখলুক ও সৃষ্ট?

- ✓ অষ্টম খলিফা মুতাসিম বিল্লাহ ছিলেন বীর, দুঃসাহসী ও সুউচ্চ সংকল্পশক্তির অধিকারী। তিনি ছিলেন অস্বাভাবিক শক্তির অধিকারী। কয়েকজন পুরুষের ভার একাই বহন করতে পারতেন। বড় বড় বীর যোদ্ধারা অক্ষম হওয়ার পর তিনি কয়েকবার লোহাকে দু-টুকরা করতে পারতেন।
- ✓ বাইজান্টাইন সম্রাট থিওফেল (Theophilos) আব্বাসী রাষ্ট্রের সীমান্ত নগরী যিবাতরায় হামলা চালিয়ে হত্যাযজ্ঞ চালানোর পাশাপাশি অনেক মুসলিম মা-বোনকে বন্দি করে নিয়ে যায়। জনৈক হাশিমি বোন রোমানদের হাতে বন্দি অবস্থায় 'হায় মু'তাসিম!' বলে চিৎকার করেছে, খলিফা মুতাসিম যখন এই সংবাদ জানতে পারলেন, তখন সিংহাসন ছেড়ে দাঁড়িয়ে গেলেন ও অস্থির চিত্তে বলে উঠলেন, লাব্বাইক! আমি উপস্থিত আছি, হে আমার বোন। এরপর তিনি নফীরে আম-এর ঘোষণা দেন এবং যুদ্ধ প্রস্তুতি শুরু করেন। রোমান সাম্রাজ্যের সবচেয়ে দুর্ভেদ্য ও সুরক্ষিত নগরী 'আম্মুরিয়া'কে পঞ্চান্ন দিন অবরোধ করে রাখার পর মুজাহিদ বাহিনী তা জয় করে এবং অপহৃত হাশিমি মুসলিম বোনকে উদ্ধার করে।
- ✓ খলিফা মামুনের মতো মুতাসিমও 'কুরআন মাখলুক/সৃষ্ট'-এই আকীদায় বিশ্বাসী ছিল। সে জনগণকে এ মতবাদ মেনে নিতে চাপ প্রয়োগ করে। বিশেষ করে বিখ্যাত ইমাম আহমাদ বিন হাম্বল রহ.-কে জেলবন্দি ও তাঁর উপর অমানুষিক নির্যাতন চালানো হয়।
- ✓ নবম খলিফা ওয়াসিক বিল্লাহ্ পূর্ববর্তী দুই খলিফার মতো মুতাজিলা মতাদর্শী ছিল। সে রাতদিন খালকুল কুরআন মতাদর্শ প্রচার করত। তার সবচেয়ে গর্হিত ও অমার্জনীয় অপরাধ ছিল 'কুরআন সৃষ্ট' এই মতবাদ বিরোধী বিশিষ্ট আলিম আহমাদ বিন নছর বিন মালিক রাহি. কে নিজ হাতে শহীদ করা এবং তার কর্তিত মস্তক ২৩১-২৩৭ হিজরি (৮৪৬-৮৫২ঈসায়ী) পর্যন্ত বাগদাদে ঝুলিয়ে রাখা।

২. দ্বিতীয় ভাগ: তুর্কি মামলুকদের প্রত্যক্ষ প্রভাব-নিয়ন্ত্রিত আব্বাসী খলিফাগণের বিবরণ:

সময়কাল: ২৪৭-৩৩৩ হিজরি (৮৬১-৯৪৪ ঈসায়ী)

খলিফাগণ: ১১-২১ নং আব্বাসী খলিফা

- ✓ আরবি 'মামলুক' (বহুবচন 'মামালিক') অর্থ ক্রীতদাস। আব্বাসী খলিফা মামুন এবং পরবর্তী খলিফা মুতাসিম বিল্লাহ দাস বাজার থেকে প্রচুর দাস ক্রয় করেন এবং কুরআন-সুন্নাহর শিক্ষাদানের পাশাপাশি সুদক্ষ প্রশিক্ষণ ও সুবিবিড় তত্ত্বাবধানের মাধ্যমে বিশুদ্ধ ইসলামি সামরিক চিন্তাধারায় গড়ে তুলে সেনাবাহিনীসহ রাষ্ট্রের গুরুত্বপূর্ণ বিভিন্ন উচ্চপদে তাদের অধিষ্ঠিত করেন। এদেরকে মামলুক বলা হত। এসব দাস মা-অরাউন নাহার (ট্রান্স অক্সিয়ানা) অঞ্চল থেকে সংগ্রহ করা হত। কেননা এসব অঞ্চলে যুদ্ধ লেগেই থাকত। আর এসব এলাকায় তুর্কি আদিবাসীরা বসবাস করত। তাই এসব মামলুক অধিকাংশ তুর্কিই হত। ইসলামের ইতিহাসের পরবর্তী অধ্যায়ে তারা আলাদা রাষ্ট্র প্রতিষ্ঠা করে এবং ক্রুসেডারদের প্রতিরোধ ও তাতার-মোঙ্গল আগ্রাসন মোকাবিলায় মামলুকদের ভূমিকা ইতিহাসে অম্লান হয়ে আছে।
- ✓ এসময় আব্বাসী সাম্রাজ্যে তুর্কি মামলুকদের প্রভাব-প্রতিপত্তি অনেক বৃদ্ধি পায়। তাদের ক্ষমতার হাত খলিফাদের ব্যক্তিজীবনেও প্রবেশ করে। পুতুল খলিফাদের আড়ালে মূলত তুর্কি মামলুকরাই সাম্রাজ্য পরিচালনা করতে থাকে। তারা যাকে ইচ্ছা খলিফা বানাত, যাকে ইচ্ছা অপমান-অপদস্তির সাথে হত্যা করতো।

৩. তৃতীয় ভাগ: শিয়া বুয়াইহি পরিবার-নিয়ন্ত্রিত আব্বাসী খলিফাগণের বিবরণ:

সময়কাল: ৩৩৪-৪৪৭ হিজরি (৯৪৫-১০৫৫ ঈসায়ী)

খলিফাগণ: ২২-২৬ নং আব্বাসী খলিফা

- ✓ ইতিহাসের এই স্তরে হিজরি চতুর্থ শতাব্দীর মধ্যভাগে আমরা যদি ইসলামি বিশ্বের দিকে দৃষ্টিপাত করি, তাহলে দেখতে পাব- এক সময়ের সুবিশাল ইসলামি সাম্রাজ্য বিস্ময়করভাবে বহুধা বিভক্ত এবং বিভিন্ন রাজ পরিবারের করতলগত।
- ✓ ৩৩৪-৪৪৭ হিজরি-এই সময় আব্বাসী খলীফাদের কোনো কর্তৃত্বই আর বাকী থাকেনি। খিলাফতের অধীনস্থ অতি সীমিত অঞ্চলও আমিরুল উমারা পদবিধারী শিয়া বুওয়াইহি পরিবারের সুলতানগণই শাসন করত। তারা

খলিফার জন্য নামমাত্র ভাতা নির্ধারণ করে দিয়েছিল। কখনো কখনো তা প্রদান না করা হলে খলিফাকে নিজ আসবাবপত্র বিক্রি করে জীবিকা নির্বাহ করতে হতো। খলিফার কাজ শুধু এতটুকু ছিল যে, বাইরের কোনো দূত আগমন করলে তার সাথে সৌজন্য সাক্ষাৎ করা আর সুলতানের নির্দেশমত কথাবার্তা বলা। খলিফা পদটি এখন আর প্রশাসনিক পদ রইল না, নিছক একটি ধর্মীয় সম্মানজনক পদ হয়ে গেল।

- ✓ ২২ নং আব্বাসী খলিফা মুসতাকফি বিল্লাহ্ ইরাকের সুলতান শিয়া বুওয়াইহি পরিবারের আহমাদ বিন বুওয়াইহিকে 'মুইযযুদ্দৌলা' উপাধি প্রদান করে।
- ✓ ৩৫২ হিজরি সনের ১০ মুহাররম (৯৬৩ ঈসায়ী) মুইযযুদ্দৌলা ফরমান জারি করে যে, এখন থেকে ১০ মুহাররম সবধরণের কাজকর্ম বন্ধ রেখে সবাইকে বিলাপ করতে হবে, কৃত্রিম গম্বুজ তৈরি করতে হবে, নারীদের মুখে কালি মেখে পরিধেয় বস্ত্র বিদীর্ণ করে 'হায় হুসাইন! হায় হুসাইন! মাতম করে সড়ক প্রদক্ষিণ করতে হবে। একই বছর হতে শিয়ারা ১৮ জিলহজ 'ঈদুল গাদির' নামে ঈদ পালন করা শুরু করে।

৪. চতুর্থ ভাগ: তুর্কি সেলজুক পরিবার-নিয়ন্ত্রিত আব্বাসী খলিফাগণের বিবরণ:

সময়কাল: ৪৪৭-৫৯০ হিজরি (১০৫৫-১১৯৪ ঈসায়ী)

খলিফাগণ: ২৬-৩৪ নং আব্বাসী খলিফা

- ✓ ২৬ নং আব্বাসী খলিফা কায়িম বি আমরিল্লাহ্ এর আমলে ৪৪৭ হিজরি সনে (১০৫৫ ঈসায়ী) সেলজুক সুলতান তুগরুল বেগ বাগদাদে কর্তৃত্ব প্রতিষ্ঠা করার পর হতে এক শতাব্দীর অধিক কাল ব্যাপ্ত বুওয়াইহি শাসনের যবনিকাপাত ঘটে।
- ✓ খলিফা কায়িম বি আমরিল্লাহ্র আমলেই ৪৪৩ হিজরি সনে শিয়া-সুন্নি দাঙ্গা শুরু হয় এবং উভয় পক্ষের প্রচুর মানুষ নিহত হয়। তুর্কি সেলজুক পরিবারের সালতানাত প্রতিষ্ঠিত হওয়া অবধি ৪৪৮ হিজরি পর্যন্ত দাঙ্গা চলতে থাকে।

✓ **মানজিকার্টের যুদ্ধ (The Battle of Manzikert):** (৪৬৩ হিজরি/১০৭১ ঈসায়ী)

কায়িম বি আমরিল্লাহ্‌র খিলাফত আমলেই তুগরুল বেগের ইন্তেকালের পর স্থলাভিষিক্ত হন সেলজুক সুলতান আলপ আরসালান।

৪৬৩ হিজরি সনে (১০৭১ ঈসায়ী) বাইজান্টাইন সম্রাট চতুর্থ রোমানোস (Romanos IV Diogenes) দুই লক্ষ সৈন্যের এক বিশাল বাহিনী নিয়ে ইসলাম ও মুসলমানদের চূড়ান্তভাবে নিঃশেষ করার লক্ষ্যে রওনা হয়।

এদিকে সুলতান আলপ আরসালান মাত্র বিশ হাজার মুজাহিদের এক বাহিনী নিয়ে মানজিকার্টের নিকটবর্তী যাহওয়া নামক স্থানে বাইজেন্টাইন বাহিনীর মুখোমুখি হন। প্রতিপক্ষের দিকে অগ্রসর হওয়ার সময় সুলতান আলপ আরসালান ঘোড়া থেকে নেমে সিজদায় পড়ে যান এবং আপন মুখমণ্ডল মাটিতে ঘর্ষণ করে আল্লাহর দরবারে সাহায্য কামনা করে দোয়া করতে থাকেন।

আল্লাহ্ তা'আলা তাঁর সুন্নাতকে বাস্তবায়িত করেন। তাঁর সাহায্যে অসম এ যুদ্ধে মুমিনদের বিজয় লাভ হয়। বাইজান্টাইন বাহিনী শোচনীয়ভাবে পরাজয় বরণ করে। ভয়াবহতা ও ক্ষয়ক্ষতির কারণে ইতিহাসে এই যুদ্ধ 'দ্বিতীয় ইয়ারমুকের যুদ্ধ' নামে খ্যাত।

✓ সুলতান আলপ আরসালানই প্রথম বাগদাদে নিযামিয়া মাদরাসা প্রতিষ্ঠা করেন। ৪৫৮ হিজরি সনে (১০৬৬ ঈসায়ী) এর প্রতিষ্ঠা সমাপ্ত হয়।

✓ বাগদাদের উজির নিযামুল মুলক ছিলেন সমকালের শ্রেষ্ঠতম আলেমদের একজন এবং তিনি অত্যন্ত বিদ্যানুরাগীও ছিলেন। তিনি অনেকগুলো মাদরাসা স্থাপন করেন। তাঁর নামানুসারেই মাদরাসাগুলোকে 'নিযামিয়া মাদরাসা' বলা হয়। এই মাদরাসারই ছাত্র ছিলেন বিশ্ববিখ্যাত আলেম ও ইসলামী দার্শনিক হযরত ইমাম গায্‌যালী রহ., ইতিহাস-কাঁপানো বীর সিপাহ্‌সালার সালাহ্‌উদ্দিন আইয়ুবী রহ., বিখ্যাত মনীষী ও ঐতিহাসিক বাহাউদ্দিন শাদ্দাদ রহ. প্রমুখ।

✓ ৩৪ নং আব্বাসী খলিফা আন-নাসির লি দ্বীনিল্লাহ ছিলেন সবচেয়ে দীর্ঘমেয়াদি আব্বাসি খলিফা। তার খিলাফতকাল ছিল সাতচল্লিশ বছর। তার আমলে খাওয়ারিজম রাষ্ট্রের সুলতান আলাউদ্দিন তিকিশের হাতে তৃতীয় তুগরুল বিন আরসালান শাহর হত্যার মধ্য দিয়ে ইরাকে সেলজুক সালতানাতের পতন ঘটে।

সুলতান আলাউদ্দিন তিকিশের পর তার স্থলাভিষিক্ত হয় তার পুত্র সুলতান আলাউদ্দিন মোহাম্মাদ।

৫. পঞ্চম ভাগ: তাতারদের আগ্রাসন চলাকালীন আব্বাসী খলিফাগণের বিবরণ:

সময়কাল: ৬১৫-৬৫৬ হিজরি (১২১৮-১২৫৮ ঈসায়ী)

খলিফাগণ: ৩৪-৩৭ নং আব্বাসী খলিফা

- ✓ ৬৫৬ হিজরির ১২ মুহাররাম মোঙ্গল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা চেঙ্গিস খানের পৌত্র তাতার শাসক হালাকু খান তাতারী বাহিনী নিয়ে বাগদাদ আক্রমণ করে ইতিহাসের জঘন্যতম গণহত্যা চালায় এবং পুরো বাগদাদ নগরী ধ্বংস করে দেয়।
- ✓ বাগদাদের পতনের মাধ্যমে বাগদাদে আব্বাসি খিলাফতের ইতি ঘটে।
- ✓ এরপর মিশরের মামলুক সুলতান সাইফুদ্দিন কুতুজ রাহি. এর নেতৃত্বে ৬৫৮ হিজরি সনের রমজান মাসে (১২৬০ ঈসায়ীর সেপ্টেম্বর মাসে) আইনে জালুতের প্রান্তরে মুজাহিদ বাহিনী ও তাতারদের মধ্যে এক রক্তক্ষয়ী যুদ্ধ সংগঠিত হয়। এই যুদ্ধে অংশগ্রহণকারী তাতার বাহিনী সম্পূর্ণরূপে ধ্বংস হয়ে যায়। এই যুদ্ধে সাইফুদ্দিন কুতুজ. রাহি.-র সেনাপতি ছিলেন রুকনুদ্দিন বাইবার্স।

৬. ষষ্ঠ ভাগ: তাতারদের হাতে বাগদাদ পতন-পরবর্তী সময়ের মিশর কেন্দ্রিক আব্বাসী খলিফাগণের বিবরণ:

সময়কাল: ৬৫৯-৯২৩ হিজরি (১২৬১-১৫১৭ ঈসায়ী)

- ✓ আইনে জালুতের যুদ্ধ হতে মিশরে ফেরার পর সেনাপতি রুকনুদ্দিন বাইবার্স সাইফুদ্দিন কুতুজ রাহি.কে হত্যা করে মিশরের দায়িত্ব গ্রহণ করেন।
- ✓ **খিলাফত পুনঃপ্রতিষ্ঠা:** বাগদাদের পতনে পুরো মুসলিম বিশ্বে শোকের ছায়া নেমে আসে, বিশেষতঃ মুসলমানদের ঐক্য, সম্প্রীতি ও অবিচ্ছিন্নতার প্রতীক খিলাফাহ্ বিদায় নেয়ায় মুসলিম বিশ্ব উদ্বিগ্ন ছিল। অন্যদের মত তৎকালীন মিশরকেন্দ্রিক মামলূক রাষ্ট্রের অধিপতি সুলতান রুকনুদ্দিন বাইবার্সও খিলাফতশূন্যতায় দুশ্চিন্তাগ্রস্ত ছিলেন। ৬৫৯ হিজরি সনে (১২৬১ ঈসায়ীতে) তিনি আব্বাসী বংশের আবুল কাসিম আহমাদকে আল মুসতানসির বিল্লাহ (২য়) উপাধি দিয়ে মুসলিম জাহানের খলিফা ঘোষণা করেন।

✓ **আব্বাসী খিলাফতের চূড়ান্ত পতন:** মিশরকেন্দ্রিক এই আব্বাসী খিলাফত আড়াইশ বছর টিকে ছিল। ১৩২ হিজরি সনে (৯২৩ ঈসায়ী) প্রথম আব্বাসী খলিফা আস্ সাফ্ফাহর দায়িত্ব গ্রহণের মাধ্যমে যে খিলাফতের সূচনা হয়েছিল, দীর্ঘ আট শত বছর পর ৯২৩ হিজরি সনে (১৫১৭ ঈসায়ী) উসমানি সুলতান ১ম সেলিম কর্তৃক মিশর জয়ের মাধ্যমে ও ৫৪ নং আব্বাসী খলিফা ৩য় মুতাওয়াককিলের পতনের মধ্য দিয়ে তার সমাপ্তি ঘটে।

ষষ্ঠ অধ্যায়: ক্রুসেড যুদ্ধের ইতিহাস

মুসলিম ভূ-খণ্ডে খ্রিষ্টান ক্রুসেডারদের হিংস্র ও বর্বর আগ্রাসন আব্বাসী খিলাফতের প্রতি অনুগত দুটি মহান রাষ্ট্রের প্রবল বাধার সম্মুখীন হয়- জিনকি রাষ্ট্র ও আইয়ুবি রাষ্ট্র। আল্লাহ্‌ সুবহানাহু ওয়া তা'আলা এই দুটি রাষ্ট্রকে যেন সৃষ্টিই করেছিলেন-ইসলামি প্রাচ্যে ইউরোপীয়দের কর্তৃত্ব প্রতিষ্ঠার ব্যাপারে প্রতিবন্ধক হয়ে দাঁড়াতে এবং তাদের এই কর্তৃত্ব প্রতিষ্ঠার স্বপ্নকে ছয়শ বছরেরও অধিক সময় পিছিয়ে দিতে।

প্রথম ক্রুসেড:

বাইতুল মোকাদ্দাসকে মুসলমানদের হাত হতে ছিনিয়ে নিতে রোমান ক্যাথলিক চার্চের পোপ দ্বিতীয় আরবানের আহ্বানে তিন লক্ষ সৈন্যের বহুজাতিক খ্রিস্টান বাহিনী ফ্রান্স হতে বাইতুল মুকাদ্দাসের উদ্দেশ্যে রওনা হয়। পথিমধ্যে তারা সেলজুক মুসলিম ও সাধারণ জনগণের দ্বারা প্রতিবন্ধকতার শিকার হয়। অবশেষে তারা আল কুদ্‌স এ পৌঁছে যায়। আল কুদ্‌স তখন উবায়দি (ফাতিমি শিয়া)-দের দখলে ছিল। একচল্লিশ দিন অবরোধের পর ক্রুসেডাররা আল কুদ্‌স জয় করে এবং ব্যাপক গণহত্যা চালায়। মুসলমানদের রক্তে কুদ্‌স নগরী প্লাবিত হয়। প্রায় সত্তর হাজার সাধারণ মুসলমান ক্রুসেডারদের হত্যাযজ্ঞের শিকার হয়।

৪৯২ হিজরি সনের শাবান মাসে (১০৯৯ ঈসায়ীর জুলাই মাসে) বাইতুল মুকাদ্দাসের পতন ঘটে।

এদিকে খ্রিস্টানরা যখন বাইতুল মুকাদ্দিস দখল করে তখন তাদের সাথে (সাথে আগত তিন লক্ষ সৈন্যের মধ্যে) সৈন্য ছিল মাত্র চল্লিশ হাজার। পথিমধ্যে এডেসা অভিযানের জন্য চল্লিশ হাজার সৈন্য আলাদা হয়ে যায়। তার মানে হল- সেলজুক ও সাধারণ জনগণের প্রতিরোধের মুখে খ্রিস্টানদের দুই লক্ষ বিশ হাজার সৈন্য নিহত হয়।

সুব্হানাল্লাহ! প্রিয় ভাই, একটু চিন্তা করি। যদি সকল মুসলিম শক্তি ক্রুসেডারদের মোকাবিলায় ঐক্যবদ্ধ হত, তাহলে কেমন হত ক্রুসেডারদের পরিণতি??

প্রথম ও দ্বিতীয় ক্রুসেড হামলার মধ্যবর্তী সময়ের পরিস্থিতিঃ

- ✓ ক্রুসেডাররা বাইতুল মুকাদ্দাস দখল করার এক বছরের মধ্যে তারা চতুর্দিকের মুসলিম শক্তিগুলোর পক্ষ থেকে ব্যাপক আক্রমনের সম্মুখীন হতে থাকে।
- ✓ ৫২১ হিজরি পরবর্তী সময়ে ক্রুসেডারদের মোকাবিলায় অনন্যসাধারণ ভূমিকা রাখেন সুলতান ইমামুদ্দিন জিনকি ও তার বংশধরগণ।
- ✓ ইরাকের মসুল, জাযিরা ও শামের বিজিত এলাকাগুলোতে ইমাদুদ্দিন জিনকির হাতে সূচিত হয় জিনকি রাষ্ট্র।
- ✓ ৫৩৯ হিজরিতে (১১৪৪ ঈসায়ী) সুলতান ইমামুদ্দিন জিনকি অর্ধশতাব্দী ক্রুসেডার কর্তৃক অধিকৃত এডেসা নগরীকে পুনরুদ্ধার করেন।
- ✓ ৫৪১ হিজরি (১১৪৬ ঈসায়ী) ইমাদুদ্দিন জিনকি শিয়া ইসমাইলি গুপ্তঘাতকের হাতে নিহত হন।
- ✓ ইমাদুদ্দিন জিনকির মৃত্যুর পর তার রাষ্ট্র দুই ভাগে বিভক্ত হয়ে পড়ে। পূর্ব অংশের নিয়ন্ত্রণ গ্রহণ করেন তার জ্যেষ্ঠ্য পুত্র সাইফুদ্দিন গাজি, এ অংশের কেন্দ্র ছিল মসুল। আর পশ্চিম অংশের দায়িত্ব গ্রহণ করেন দ্বিতীয় পুত্র নুরুদ্দিন মাহমুদ, এ অংশের কেন্দ্র ছিল আলেপ্পো।

দ্বিতীয় ক্রুসেডঃ

১১৪৫ ঈসায়ীর ডিসেম্বর মাসে তৎকালীন পোপ তৃতীয় ইউজেন দ্বিতীয় ক্রুসেডের ডাক দেয়। এই ক্রুসেডের উদ্দেশ্য ছিল, মুসলমানদের হাত হতে এডেসাসহ অন্যান্য অঞ্চল যেগুলো মুসলমানরা খ্রিস্টানদের থেকে দখল করে, সেগুলোকে পুনরুদ্ধার করা ও শাম অঞ্চলে খ্রিস্টানদের অবস্থান দৃঢ় করা। দ্বিতীয় ক্রুসেড অভিযানে নেতৃত্ব দেয় ফ্রান্সের রাজা সপ্তম লুই (Loius VII) ও জার্মানির রাজা তৃতীয় কনরাড।

জার্মান বাহিনী উপকূলীয় পথ ধরে বাইতুল মুকাদ্দাসের উদ্দেশ্যে রওনা হয়। পথিমধ্যে দোরিয়ালুমে রোমান সেলজুক বাহিনী তাদের উপর হামলা করে

শোচনীয়ভাবে পরাজিত করে। বিশ হাজার সৈন্যের মধ্যে আঠারো হাজার সৈন্যই নিহত হয়। জার্মান রাজা তৃতীয় কনরাড মাত্র দুই হাজার সৈন্য নিয়ে চরম নিঃস্ব, রিক্ত ও লাঞ্ছনাকর অবস্থায় কোনোমতে বাইতুল মুকাদ্দাস পৌঁছায়। অন্যদিকে ফ্রান্সের রাজা সপ্তম লুইও সেলজুকদের আক্রমণ হতে রেহাই পায়নি। বাধ্য হয়ে মূল লক্ষ্য এডেসা পুনরুদ্ধারের চিন্তা ভুলে গিয়ে সে বাইতুল মুকাদ্দাস পৌঁছে।

বাইতুল মুকাদ্দাসে পৌঁছার পর সেখান থেকে তারা সুবিশাল ক্রুসেডার বাহিনী নিয়ে (৭ম লুই আর তৃতীয় কনরাডের নেতৃত্বে) ৫৪৩ হিজরি সনে (১১৪৮ ঈসায়ী) শামের (বর্তমান সিরিয়ার) দামেশক অবরোধ করে। ক্রুসেডার বাহিনীর মোকাবিলায় দামেশকের এক লাখ ত্রিশ হাজার সৈন্যের এক বাহিনী বেরিয়ে আসে। উভয়পক্ষের মধ্যে তুমুল যুদ্ধ হয়। যুদ্ধের প্রথম দিন দুই শত মুজাহিদ শহিদ হন। আর খ্রিস্টানদের অগণিত জাহান্নামবাসী হয়।

যুদ্ধ দীর্ঘায়িত হলে দামেশকের প্রশাসক মুজিরুদ্দিন আবিক আলেপ্পোর অধিপতি নুরুদ্দিন মাহমুদ ও তার ভাই মসুলের শাসক সাইফুদ্দিন গাজির কাছে সাহায্য প্রার্থনা করেন। তারা দুজন অন্যান্য আরো সেনাপতিসহ দ্রুত সত্তর হাজার সৈন্য নিয়ে দামেশকের উদ্দেশ্যে অবতরণ করেন। নুরুদ্দিন ও সাইফুদ্দিনের আগমনের কথা শুনে ক্রুসেডার বাহিনী পলায়ন করে। কিন্তু মুসলিম বাহিনী তাদের পশ্চাদ্ধাবন করে এবং অসংখ্য খ্রিস্টান সৈন্যকে জাহান্নামে পাঠায়।

- ✓ এদিকে উবায়দি সাম্রাজ্যের অভ্যন্তরীন দুরবস্থার সুযোগ নিয়ে বাইতুল মুকাদ্দাসের খ্রিস্টান অধিপতি তৃতীয় বল্ডউইন ৫৪৮ হিজরি (১১৫৩ ঈসায়ী) সনে আসকালান নৌবন্দর দখল করে নেয়। এর ফলে পুরো শাম ও ফিলিস্তিনের উপকূলীয় অঞ্চলে ক্রুসেডারদের নিরঙ্কুশ আধিপত্য নিশ্চিত হয়।
- ✓ আসকালানের পতনের পর নুরুদ্দিন জিনকি ৫৪৯ হিজরিতে (১১৫৪ ঈসায়ী) দামেশক অবরোধ করে দামেশক প্রশাসক মুজিরুদ্দিনের কাছ থকে দামেশক দখল করে নেন। কারণ দামেশকের কারণেই তিনি বাইতুল মুকাদ্দাস অভিমুখে অগ্রসর হতে পারছিলেন না।
- ✓ ৫৫৮ হিজরি সনে ক্রুসেডাররা বিশাল সামরিক শক্তি নিয়ে মিশর দখলের উদ্দেশ্যে রওনা হয়। কিন্তু নুরুদ্দিন জিনকি তাদের প্রতিহত করেন।

✓ ইসলামের এই ক্ষণজন্মা মহান শাসক ও সেনানায়ক নুরুদ্দিন জিনকি রাহি. একের পর এক ক্রুসেডীয় আগ্রাসন মোকাবিলা করার পাশাপাশি বহু অঞ্চল খ্রিস্টানদের কাছ থেকে পুনরুদ্ধার করেন।

✓ এদিকে মিশরকে কেন্দ্র করে নাটকীয় নানা ঘটনা ঘটতে থাকে এবং উবায়দি (ফাতিমি শিয়া) খিলাফতের পতন ঘটে। অবশেষে মিশরের শাসনভার চলে আসে সালাহুদ্দিন আইয়ুবির কাছে। ৫৬৭ হিজরি সনের প্রথম জুমার দিন (১১৭১ ঈসায়ী) সুলতান নুরুদ্দিন জিনকি সালাহুদ্দিন আইয়ুবিকে মিশরে আব্বাসি খলিফার নামে খুতবা পাঠ করার নির্দেশ জারি করেন। এর মাধ্যমে সালাহুদ্দিনের শিক্ষক নুরুদ্দিন জিনকি পুরো বিশ্বের মুসলিম উম্মাহ্‌র একক খিলাফাহ্‌র ঘোষনা করলেন। এ পদক্ষেপের মাধ্যমেই তিনি মিশরের উবায়দি সাম্রাজ্যের চূড়ান্ত পতন ঘটান।

✓ ৫৬৯ হিজরির ১১ শাওয়াল (১১৭৪ ঈসায়ীর ১৫ মে) বুধবার আটান্ন বছর বয়সে সুলতান নুরুদ্দিন জিনকি রাহি. আপন প্রভুর আহ্বানে সাড়া দেন। আল্লাহ্‌ সুব্‌হানাহু ওয়া তা'আলা তাঁর উপর রহম করুন।

✓ সুলতান নুরুদ্দিন জিনকির মৃত্যুর পর সুলতান সালাহুদ্দিন আইয়ুবি মুসলমানদের ঐক্যবদ্ধ করার অব্যাহত প্রচেষ্টার মাধ্যমে এক সুবিশাল রাষ্ট্র প্রতিষ্ঠা করেন যার ব্যাপ্তি ছিল উত্তর ইরাক (কুর্দিস্থান), শাম, মিশর ও বারকা অঞ্চলজুড়ে। এটিই ইতিহাসে 'আইয়ুবি রাষ্ট্র' হিসেবে পরিচিত।

✓ ৫৮২ হিজরি সনে বাইতুল মুকাদ্দাস রাজ্যের অধীনস্থ কারাক অঞ্চলের প্রশাসক রেনাল্ড মুসলমানদের একটি বাণিজ্য কাফেলার উপর আক্রমণ করে। অথচ বাইতুল মুকাদ্দাস রাজ্যের সাথে তখন সুলতান সালাহুদ্দিন আইয়ুবির শান্তিচুক্তি কার্যকর ছিল। অভিশপ্ত রেনাল্ড কাফেলার সদস্যদের বন্দি করে এবং রাসূলুল্লাহ্‌

এর প্রতি চরম ধৃষ্টতা প্রদর্শন করে বন্দিদেরকে বলে, ‘তোমরা যদি মুহাম্মাদের ধর্মে বিশ্বাসী হয়ে থাকো, তাহলে তাকে ডাকো, সে এসে তোমাদের মুক্ত করুক এবং এই বিপদ থেকে উদ্ধার করুক!’ সালাহুদ্দিন আইয়ুবির কাছে এ সংবাদ পৌঁছলে তিনি রেনাল্ডকে বন্দি করতে পারলে নিজ হাতে হত্যা করার শপথ করেন।

খ্রিস্টান ক্রুসেডারদের এই চরম ধৃষ্ঠতাপূর্ণ আচরণের পর সুলতান সালাহুদ্দিন আইয়ুবি দ্রুত যুদ্ধ প্রস্তুতি গ্রহণ করেন এবং সর্বশক্তি দিয়ে বাইতুল মুকাদ্দাস জয় করার সংকল্প করেন।

✓ হিত্তিনের যুদ্ধঃ

৫৮৩ হিজরি সনে (১১৮৭ ঈসায়ী) সুলতান সালাহুদ্দিন আইয়ুবি মুজাহিদ বাহিনী নিয়ে দামেশক থেকে বের হন। এদিকে সুলতান সালাহুদ্দিন আইয়ুবির বিস্তৃত পরিকল্পনা সম্পর্কে নিশ্চিত হয়ে সমকালীন খ্রিস্টান নেতৃবৃন্দ ঐক্যবদ্ধ হয়ে সৈন্য সমাবেশ শুরু করে। উভয় বাহিনী হিত্তিন নামক স্থানে পরস্পর মুখোমুখি হয়। মুসলিম বাহিনী পূর্বেই যুদ্ধক্ষেত্রের আশেপাশের পানির উৎসগুলোর উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করায় ক্রুসেডার বাহিনী এসময় প্রচণ্ড পানির স্বল্পতার সম্মুখীন হয়।

উভয় পক্ষের মধ্যে প্রচণ্ড রক্তক্ষয়ী এক যুদ্ধের পর সুলতান সালাহুদ্দিন আইয়ুবি নিরঙ্কুশ বিজয় অর্জন করেন। চরমভাবে পরাজিত ক্রুসেডার বাহিনীর একজন সদস্যও পালিয়ে যেতে পারেনি। তারা হয়তো নিহত হয়, নতুবা বন্দী হয় । যুদ্ধে নিহত ক্রুসেডার সৈন্য সংখ্যা ছিল দশ হাজার।

বাইতুল মুকাদ্দাসের রাজা গাই (Guy of Lusignan) ও কারকের প্রশাসক রেনাল্ড মুসলিম বাহিনীর হাতে বন্দি হয়। অতঃপর দুই বন্দীকে সুলতান সালাহুদ্দিন আইয়ুবীর সামনে উপস্থিত করা হয় এবং সুলতানের তাঁবুর ভিতরে বসানো হয়। সীমালঙ্গনকারী শাতিমে রাসূল বদবখত রেনাল্ডকে সুলতান নিজ হাতে হত্যা করে তার প্রাপ্য তাকে বুঝিয়ে দেন। অপরদিকে, বাইতুল মুকাদ্দাসের রাজা ও তার জীবিত অনুচরদের সসম্মানে দামেশকে নিয়ে যাওয়ার নির্দেশ দেন।

✓ **বাইতুল মুকাদ্দাস পুনরুদ্ধারঃ**

অবশেষে সুলতান সালাহুদ্দিন আইয়ুবী ৫৮৩ হিজরি (১১৮৭ ঈসায়ী)-তে বাইতুল মুকাদ্দাস জয় করেন। আল কুদ্স জয় করার পর সেখানকার খ্রিস্টান অধিবাসীদের সাথে তিনি অত্যন্ত সদাচরণ করেন।

প্রিয় ভাই! মনে আছে একশ বছর আগের কথা, যখন খ্রিস্টান ক্রুসেডাররা বাইতুল মুকাদ্দাস দখল করেছিল, একদিনে সত্তর হাজার মুসলিমকে গণহত্যা করেছিল। আহ! কত ব্যবধান ৪৯২ হিজরি ও ৫৮৩ হিজরির মাঝে! এটাই ইসলামের শিক্ষা। মুসলিম জাতিই পৃথিবীকে দান করেছে ন্যায় ও সুবিচার, সদাচরণ ও উদারতার শিক্ষা।

তৃতীয় ক্রুসেডঃ

✓ ইউরোপের রাজন্যবর্গ সালাহুদ্দিনের হাত হতে বাইতুল মুকাদ্দাস পুনরুদ্ধারের লক্ষ্যে তৎকালীন পোপ অষ্টম গ্রেগরির নির্দেশে তৃতীয় ক্রুসেড অভিযানে বের হয়। এ অভিযানের নেতৃত্বে ছিল-

- জার্মানির রাজা প্রথম ফ্রেডেরিক (ফ্রেডেরিক বারবারোসা)- সে পথিমধ্যে পানিতে ডুবে মারা যায়।
- ফরাসি রাজা দ্বিতীয় ফিলিপ (ফিলিপ অগাস্টাস)
- ইংল্যান্ডের রাজা 'সিংহহৃদয়' খ্যাত প্রথম রিচার্ড।

৫৮৭ হিজরি সনের ১৭ জুমাদুল উখরা (১১৯১ ঈসায়ীর ১২ জুলাই) আক্কা নগরী ক্রুসেডারদের বর্বর গণহত্যার শিকার হয়। ষাট হাজার মুসলমান শহিদ হওয়ার পর আক্কা নগরীর কর্তৃত্ব চলে যায় ক্রুসেডার কুকুরদের হাতে।

এরপর আরসুফের (Apollonia) যুদ্ধেও ক্রুসেডাররা জয় লাভ করে। তাদের দৃষ্টিতে এ বিজয় ছিল হিত্তিনের যুদ্ধের প্রতিশোধ।

এরপর ৫৮৮ হিজরিতে কুকুররা দারুম দুর্গ দখল করে নেয় এবং দুর্গের অভ্যন্তরে ব্যাপক ধ্বংসযজ্ঞ চালায়, অসংখ্য নাগরিককে হত্যা করে এবং শিশুদেরকে বন্দি করে। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

অবশেষে তারা একযোগে আল-কুদ্সের উদ্দেশ্যে রওনা হয়। সুলতান সালাহুদ্দিন আইয়ুবী মুজাহিদদের নিয়ে তাদের প্রতিরোধে বের হন। উভয় দল মুখোমুখি হলে শয়তানের দল পলায়ন করে। সুলতান আল-কুদ্সে ফিরে আসেন।

✓ এরপর ইংল্যান্ডের রাজা প্রথম রিচার্ড (আল্লাহ্ তার উপর অভিসম্পাত করুন) মুসলমানদের একটি ছোট্ট দলের উপর রাতের আঁধারে হামলা চালায় এবং অনেক মুসলমানকে হত্যা করে। বন্দি হয় পাঁচশ মুসলমান। তিন হাজার উটসহ প্রচুর ঘোড়া ও খচ্চর তারা মুসলমানদের কাছ থেকে যুদ্ধলব্দ সম্পদ হিসেবে লাভ করে। অবশেষে অভিশপ্ত প্রথম রিচার্ড উপকূলীয় খ্রিস্টান বহুজাতিক বাহিনী নিয়ে আল কুদ্স অবরোধ করে।

সুলতান আইয়ুবি (আল্লাহ্ পাক তার উপর রহম করুন) খ্রিস্টানদের প্রতিহত করার জন্য যথাযথ প্রস্তুতি গ্রহণ করে রেখেছিলেন। তিনি নগর প্রাচীর নির্মাণ করেন, নগরীর চারপাশে গভীর পরিখা খনন করেন, প্রাচীরের উপর মিনজানিক ক্ষেপনাস্ত্র স্থাপন করেন এবং আল কুদসের পার্শ্ববর্তী পানির উৎসগুলোর পানি সেচে ফেলার নির্দেশ দেন। অতঃপর সুলতান সিজদাবনত হয়ে কায়মনোবাক্যে আল্লাহ্ তা'আলার দরবারে দোয়া ও কাকুতি মিনতি করতে থাকেন। আল্লাহ্ তা'আলার কাছে নিজের দুর্বলতা ও অসহায়ত্ব প্রকাশ করে এই সংকট হতে মুক্তি প্রার্থনা করতে থাকেন।

এদিকে আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার ইচ্ছায়, শত্রপক্ষ নিজেদের মধ্যে বিবাদে জড়িয়ে পড়ে। ফ্রান্সের রাজা চাচ্ছে অবরোধ অব্যাহত রেখে আল-কুদ্স জয় করতে আর ইংরেজরা চাচ্ছে ফিরে যেতে। ইংরেজদের যুক্তি হল- এই নগরী অবরোধ করা আমাদের জন্য কঠিন হয়ে দাঁড়িয়েছে। কারণ, আশেপাশের পানির উৎসগুলো ফুরিয়ে গেছে। দীর্ঘ কষ্টের পর যতদিনে আমাদের কাছে পানি পৌঁছবে, ততদিনে আমাদের অবরোধ প্রচেষ্টাই কেবল ব্যর্থ হবে না; সৈন্যদের প্রাণও ওষ্ঠাগত হয়ে পড়বে। অবশেষে সুলতান সালাহুদ্দিন আইয়ুবির সাথে তারা ঐতিহাসিক 'রমলা' চুক্তি করে নিজ নিজ দেশে ফিরে যায়।

✓ এর কিছুদিন পর মহান সুলতান সালাহুদ্দিন আইয়ুবি অসুস্থ হয়ে পড়েন। বারো দিন অসুস্থ থাকার পর ৫৮৯ হিজরি সনের ২৭ সফর (১১৯৩ ঈসায়ীর ৩ মার্চ)

বুধবার তার বিদেহী আত্মা পরম প্রভুর সান্নিধ্যে গমন করেন। এসময় তাঁর ব্যক্তিগত সঞ্চয়ে ছিল মাত্র সাতচল্লিশটি দিরহাম এবং একটি দিনার। এ ছাড়া তাঁর অন্য কোনো স্থাবর-অস্থাবর সম্পত্তি ছিল না।

চতুর্থ ও পঞ্চম ক্রুসেড:

সুলতান সালহুদ্দিন আইয়ুবির মৃত্যুর পরই তার কাছ থেকে হৃত ভূখণ্ড পুনরুদ্ধারের লক্ষ্যে খ্রিস্টানদের প্রধান ধর্মীয় গুরু পোপ তৃতীয় ইনোসেন্ট ইউরোপে নতুন ক্রুসেডের ডাক দেন। তার ডাকে পরপর দুটি ক্রুসেড অভিযান পরিচালনা করা হয়। কিন্তু আল্লাহ্ পাকের ইচ্ছায় দুটিই ব্যর্থ হয়।

ষষ্ঠ ক্রুসেড:

✓ ৬২৫ হিজরি সনে (১২২৮ ঈসায়ী) জার্মানির রাজা দ্বিতীয় ফ্রেডেরিক বাইতুল মুকাদ্দাসের শাসনক্ষমতা দখলের উদ্দেশ্যে অভিযান পরিচালনা করে। ইউরোপের সম্মিলিত বাহিনী এ অভিযানে তার সাথে যোগ দেয়নি। তখন আইয়ুবি রাষ্ট্রের শাসনকর্তা ছিল সুলতান সালাহুদ্দিন আইয়ুবির চাচাতো ভাই সুলতান আল কামিল। সে দ্বিতীয় ফ্রেডেরিকের সাথে এই শর্তে সন্ধিচুক্তি করে যে, আল কামিল আল কুদ্স, (তীর্থ যাত্রীদের যাত্রাপথে অবস্থিত) আক্কা ও জাফার নিয়ন্ত্রন ফ্রেডেরিকের হাতে ছেড়ে দিবেন এবং বন্দি ফিরিঙ্গিদের মুক্তি দিবেন। অপরদিকে আল কামিল যখন যে কোনো প্রতিপক্ষের বিরুদ্ধে লড়াই করবেন, হোক সে খ্রিস্টান, ফ্রেডেরিক তখন কামিলকে সহায়তা করবেন এবং পরবর্তী সাড়ে দশ বছর শামে অন্যান্য ক্রুসেড শাসকের কাছে কোনো ধরনের সামরিক সাহায্য পৌঁছতে বাধা প্রদান করবেন। লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ।

এভাবে জার্মান রাজা ফ্রেডেরিক বিনা যুদ্ধেই আল কুদসের কর্তৃত্ব লাভ করে। আল কামিল নিজের ক্ষমতা রক্ষা করার জন্য মুসলমানদের পবিত্র ভূমি আল-কুদ্স সহ বিভিন্ন ইসলামি ভূ-খণ্ড খ্রিস্টানদের হাতে তুলে দেয়।

হায় আল কামিল! তোমাকে তোমার সেই সাধের ক্ষমতা ত্যাগ করতে হয়েছে, ত্যাগ করতে হয়েছে পৃথিবীর মায়াও, পৃথিবীর ক্ষমতা তুমি ধরে রাখতে পারনি, পারেনি তোমার পরবর্তী প্রজন্মও। কিন্তু ইসলামের ইতিহাস তোমাকে ভুলেনি,

ইসলামী ইতিহাস তোমাকে কখনোই ক্ষমা করবে না! কী কাজে এসেছে তোমার প্রচুর মাদরাসা নির্মাণ, তোমার বিদ্যানুরাগ, উলামায়ে কেরামের মজলিসে শরিক হওয়া?

✓ আল কামিলের মৃত্যুর পর তার পুত্র (দ্বিতীয় আদিল) সাইফুদ্দিন আবু বকর তার স্থলাভিষিক্ত হয়। কিন্তু তিনি শাসনকার্যে মনোনিবেশ করার পরিবর্তে খেল-তামাশায় লিপ্ত হন। ফলে প্রশাসকগণ তাকে অপসারণ করেন।

✓ দ্বিতীয় বার আল কুদ্স পুনরুদ্ধার:

এরপর আইয়ুবি রাষ্ট্রের হাল ধরেন আল কামিলের আরেক পুত্র আল মালিকুস সালিহ আইয়ুব। সালিহ আইয়ুব ছিলেন আইয়ুবি রাষ্ট্রের অন্যতম শ্রেষ্ঠ শাসক। তিনি সব ধরণের ফেতনা ও বিশৃঙ্খলা নির্মূল করে যথাযথভাবে রাষ্ট্র পরিচালনা করেন।

সুলতান আস্ সালিহ আইয়ুব ৬৪২ হিজরি সনে (১২৪৪ খ্রিস্টাব্দে) আল কুদ্স পুনরুদ্ধারের লক্ষ্যে অভিযান পরিচালনার ঘোষনা দেন। তেরো হাজার সৈন্যের এক বাহিনী নিয়ে তিনি রওনা হন আল-কুদ্স অভিমুখে। সংবাদ পেয়ে শামের বিভিন্ন এলাকার ক্রুসেডাররা সমবেত হয়ে ব্যাপক সৈন্য সমাবেশ ঘটায়।

অত্যন্ত দুঃখ ও পরিতাপের বিষয়!! এ সময় হিমস ও আলেপ্পোসহ শামের বিভিন্ন এলাকার আইয়ুবি প্রশাসকগণ ক্রুসেডারদের সমর্থনে আল মালিকুস্ সালিহ্র প্রতিরোধের লক্ষ্যে ক্রুসেডারদের সঙ্গে নিজ নিজ বাহিনী নিয়ে জড়ো হয়!!! সম্মিলিত বাহিনীর সৈন্য সংখ্যা দাঁড়ায় বিশ হাজার। আল-কুদসের পথে গাজার নিকটে আল-মালিকুস্ সালিহের বাহিনী প্রতিপক্ষের মুখোমুখি হয় এবং তাদেরকে শোচনীয়ভাবে পরাজিত করে। এরপর তারা সামনে অগ্রসর হয়ে আল-কুদ্স অবরোধ করে। মুসলিম বাহিনীর প্রবল আক্রমনে এগারো হাজার সৈন্যবিশিষ্ট আল-কুদসের স্থানীয় ক্রুসেডার বাহিনীর প্রতিরোধ ভেঙে পড়ে; পনেরো বছর পর আবারও আল কুদ্সে ইসলামী শাসন প্রতিষ্ঠিত হয়। সালাম তোমায় হে আল মালিকুস্ সালিহ!!!

এরপর থেকে একটানা ছয়শ তিরানব্বই বছর পবিত্র আল-কুদ্স নগরী ইসলামী শাসনাধীন ছিল। ১৩৩৫ হিজরি সনে (১৯১৭ ঈসায়ী) ব্রিটিশ বাহিনী আল-কুদ্স দখল করে নেয় এবং পরবর্তী সময়ে ১৯৪৭ ঈসায়ীতে ইহুদীদের হাতে তুলে দেয়।

সপ্তম ক্রুসেড:

সুলতান আস সালিহ আইয়ুবের হাতে আল কুদসের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে বিক্ষুব্ধ ইউরোপ নতুন করে ক্রুসেডের ডাক দেয়। ফ্রান্সের রাজা নবম লুই ইউরোপজুড়ে ক্রুসেড যুদ্ধের প্রচারণা চালায় এবং তৎকালীন পোপ ৪র্থ ইনোসেন্ট-এর সমর্থন লাভ করে। দীর্ঘ তিন বছর ব্যাপক প্রস্তুতির পর আস্ সালিহ আইয়ুবের শাসনামলের শেষদিকে ৬৪৬ হিজরি (১২৪৮ ঈসায়ী) লুই আঠারোশ জাহাজের একটি বিশাল নৌবহর নিয়ে মিশর অভিমুখে রওনা হয়। ক্রুসেডার বাহিনীর সৈন্যসংখ্যা ছিল এক লক্ষের অধিক।

এরইমধ্যে সুলতানের মৃত্যু হলে সুলতানের স্ত্রী শাযারাতুদ-দুর তার মৃত্যুসংবাদ গোপন করে নকল স্বাক্ষরের মাধ্যমে বিভিন্ন নির্দেশনা জারি করে বুঝাতে চান যে, সুলতানই সবকিছু নিয়ন্ত্রণ করছেন। তিনি সেনাপতি ও রাষ্ট্রের নেতৃস্থানীয় লোকদের সমবেত করে জানান যে, সুলতান তাদেরকে সুলতানপুত্র তুরান শাহের নামে বায়আত গ্রহণ করতে বলেছেন। তুরান শাহ তখন জাযিরা অঞ্চলে ছিলেন। ফলে সকলে তুরান শাহের নামে বাইয়াত গ্রহণ করে।

এদিকে ক্রুসেডার বাহিনীর একটি অংশ রাজা নবম লুইয়ের ভাই রবার্টের নেতৃত্বে মূল বাহিনী থেকে গোপনে সরে পড়ে এবং এবং আল বাহরুস সগির নামক নদী পেরিয়ে পেছন দিক থেকে ছোট্ট একটি মুসলিম বাহিনীর উপর হামলা করে সম্পূর্ণ বিধ্বস্ত করে ফেলে।

তুরান শাহ না থাকায় শাজারাতুদ দুর তার স্বামির প্রতিষ্ঠিত বাহরি মামলুক বাহিনীকে প্রেরণ করেন। বাহরি মামলুক বাহিনীর প্রবল আক্রমনে নদী অতিক্রমকারী বাহিনীটি পুরোপুরি ধ্বংস হয়ে যায়।

শাজারাতুদ দুরের আহ্বানে তুরান শাহ ইতোমধ্যে উপস্থিত হন। তিনি তার বাহিনী নিয়ে ক্রুসেডার বাহিনীর জন্য আগত রসদপত্র বোঝাই একটি নৌবহর আক্রমন করে আশিটি জাহাজ আটক করেন। ফলে ক্রুসেডার শিবিরে প্রচণ্ড খাদ্যাভাব দেখা দেয়। তুরানশাহ তার বাহিনী নিয়ে ফারিস্কুর নামক স্থানে ক্রুসেডারদের নৌবাহিনীর মোকাবিলা করে পাঁচ হাজার সৈন্যকে হত্যা করেন। এদিকে রাজা নবম লুইয়ের নেতৃত্বে মূল ক্রুসেডার বাহিনী নদী পাড়ি দিয়ে মামলুক বাহিনীর মুখোমুখি হয়। মুসলিম বাহিনীর প্রচণ্ড আক্রমনে প্রায় ত্রিশ হাজার ক্রুসেডার জাহান্নামী হয়। তাছাড়া নদীতে ডুবে জাহান্নামী মিছিলে যোগ

দেয় বহু সৈন্য। রাজা নবম লুই জীবিতাবস্থায় বন্দী হয়। প্রায় এক কোটি ফ্রাংক মুক্তিপণ আদায় করে সে ও তার পরিজন অন্যান্য বন্দিসহ মুক্তি লাভ করে।

মিশরে মামলুকদের উত্থান:

তুরান শাহ ক্রুসেডারদের দমন করার পর আইয়ুবি রাষ্ট্রের দায়িত্বভার গ্রহণ করেন। তিনি শাজারাতুদ দুরের নিকট পিতার সম্পদ দাবি করেন এবং মামলুক দের বিভিন্নভাবে হুমকি দিতে থাকেন। অবশেষে দায়িত্ব গ্রহণের সত্তর দিনের মাথায় মামলুকরা তুরান শাহকে হত্যা করে এবং শাজারাতুদ দুরকে শাসন ক্ষমতায় অধিষ্ঠিত করে। ইসলামের ইতিহাসে এই প্রথম কোনো নারী মুসলমান দের শাসক নিযুক্ত হল। মিশরের নারী নেতৃত্ব নিয়ে পুরো মুসলিম বিশ্বে হইচই শুরু হয়ে যায় এবং প্রতিবাদের ঝড় উঠে। অবশেষে তিন মাস পর শাজারাতুদ দুর নিজেই দায়িত্ব হতে নিজেকে সরিয়ে নেন।

এরপর মামলুকরা আইয়ুবি পরিবারের জনৈক রাজপুত্র আট বছর বয়সী আল আশরাফ মুসা বিন ইউসুফকে সুলতান পদে অধিষ্ঠিত করে এবং আল মালিকুস সালিহের কৃতদাস ইযযুদ্দিন আইবেক তুর্কমানিকে অপ্রাপ্তবয়স্ক মুসার তত্ত্বাবধায়ক নিযুক্ত করা হয়। ইযযুদ্দিন শাজারাতুদ দুরকে বিবাহ করেন এবং কিছুদিন না যেতেই মূসাকে অপসারণ করে রাষ্ট্রের একচ্ছত্র ক্ষমতা লাভ করেন। এরই মধ্য দিয়ে মিশরে আইয়ুবি রাষ্ট্রের পতন ঘটে এবং মামলুক রাষ্ট্রের গোড়াপত্তন হয়।

কিন্তু ৬৫৫ হিজরি সনে (১২৫৭ ঈসায়ী) ইয্যুদ্দিন আইবেক নিহত হন। কিছু দিন পর শাজারাতুত দুরকেও হত্যা করা হয়। এরপর ইযযুদ্দিনের পুত্র নুরুদ্দিন আলি মিশরের শাসনভার গ্রহণ করে। সুলতানের বয়স তখন এগারোও পেরোয়নি। ফলে তার তত্ত্বাবধানের দায়িত্ব গ্রহণ করেন সাইফুদ্দিন কুতুজ রাহি.। নুরুদ্দিনের আমলেই মুসলিম উম্মাহর জীবনে এক বিরাট বিপর্যয় সংঘটিত হয়- তাতারদের হাতে বাগদাদের পতন হয় ও খিলাফতব্যবস্থার সমাপ্তি ঘটে। পরিবর্তিত অবস্থার প্রেক্ষিতে সাইফুদ্দিন কুতুয রাহি. আলিম উলামাদের পরামর্শ ও ফতোয়াক্রমে কিশোর সুলতানকে অপসারণ করে ৬৫৭ হিজরি (১২৫৯ ঈসায়ী) সনে 'আল মালিকুল মুযাফ্ফার' উপাধি ধারণ করে মিশরের ক্ষমতা গ্রহণ করেন।

এরপর ৬৫৮ হিজরি সনের রমজান মাসে (১২৬০ ঈসায়ী) আইনে জালুতের প্রান্তরে এক রক্তক্ষয়ী যুদ্ধে মুজাহিদ বাহিনী সাইফুদ্দিন কুতুয রাহি. এর নেতৃত্বে তাতারদের কঁচুকাটা করেন। মিশরে ফেরার পর সাইফুদ্দিন কুতুজ রাহি.র সেনাপতি রুকনুদ্দিন বাইবার্স তাকে হত্যা করে মিশরের শাসনক্ষমতা দখল করেন।

মামলুক রাষ্ট্রকে একই সঙ্গে তিন তিনটি প্রবল শক্তিধর প্রতিপক্ষের মোকাবিলা করতে হয়েছিল। একদিকে ছিল ধেয়ে আসা তাতারিদের হুমকি, আরেকদিকে ছিল খ্রিস্টান ক্রুসেডীয় আগ্রাসন। আর তৃতীয় শত্রু হিসেবে আবির্ভূত হয়েছিল শিয়া বাতিনি গোষ্ঠী।

সুলতান রুকনুদ্দিনের সময় তাতারিদের সাথে আরো কয়েকটি যুদ্ধ সংগঠিত হয়, যার সবগুলোতেই মুসলমানরা জয়লাভ করে।

সুলতান রুকনুদ্দিন বাইবার্স শামের শিয়া বাতিনিদের সবকটি দুর্গের পতন ঘটান। এর ফলে পৃথিবী শিয়া বাতিনী গোষ্ঠীর বর্বরতা থেকে চিরতরে নিষ্কৃতি লাভ করে।

সুলতান বাইবার্স ৬৬১ হিজরি সনে (১২৬৩ ঈসায়ী) শামের ক্রুসেডারদের বিরুদ্ধে এক দীর্ঘ লড়াই শুরু করেন। তিনি খ্রিস্টানদের কাছ থেকে একে একে নাজারেথ, আরসুফ, আথলিথ, কায়সারিয়া, কিলিকিয়া, সাফাদ, আসকালান, জাফা নগরীসমূহ জয় করেন। এভাবে 'বাইতুল মুকাদ্দাস' ক্রুসেড রাজ্যের দফারফা করে সুলতান বাইবার্স ৬৬৬ সনে (১২৬৮ ঈসায়ী) এন্টিয়কে অভিযান পরিচালনা করে তা জয় করে নেন।

অষ্টম ক্রুসেড:

এন্টিয়কের পতন যেন ছিল ইসলামি প্রাচ্যে ক্রুসেডারদের চূড়ান্ত পতনধ্বনি। দুই ক্রুসেড রাজ্য এন্টিয়ক ও এডেসা ইতিমধ্যে বিলুপ্ত হয়ে গেছে। অবশিষ্ট দুই রাজ্য বাইতুল মোকাদ্দাস ও ত্রিপোলি টিকে আছে কোনমতে। স্বভাবতই ইউরোপ প্রবলভাবে প্রকম্পিত হয়ে উঠে। তৎকালীন পোপ চতুর্থ ক্লিমেন্ট তাই নতুন করে ক্রুসেড যুদ্ধের ডাক দেন।

এ যুদ্ধে ইংল্যান্ড, সাইপ্রাস ও ফ্রান্স যোগ দেয়। সঙ্গী হিসেবে তারা পেয়ে যায় তাতার রাজ্য ইলখানাতের শাসক ও হালাকু খানের পুত্র আবাগা খানকে।

রাজা নবম লুইয়ের নেতৃত্বে ফরাসি বাহিনী ৬৬৮ হিজরি (১২৭০ ঈসায়ী) সনে তিউনিসিয়ায় পৌঁছেই মহামারির শিকার হয় এবং আমাশয়ে আক্রান্ত হয়ে অনেক সৈন্য ইহধাম ত্যাগ করে। খোদ রাজা লুই ও পটল তোলেন। এ সংবাদ শুনে ইংল্যান্ড ও সাইপ্রাসের বাহিনী এবং আবাগা খানের তাতার বাহিনীরও অভিযান পরিচালনার খাহেশ উবে যায়।
এদিকে সুলতান বাইবার্স ১২৭১ ঈসায়ীর শুরুতে ত্রিপোলি রাজ্যের বুর্জসাফিতা জয় করেন। এরপর তিনি অবরোধ করেন ত্রিপোলি নগরী।

নবম ক্রুসেড:

ত্রিপোলি অবরোধের সংবাদ জানতে পেরে ইউরোপের টনক নড়ে ওঠে। আল-কুদস, এডেসা, এন্টিয়ক সবই হাতছাড়া হয়ে গেছে। এখন যদি ত্রিপোলি ও আক্কারও পতন ঘটে, তাহলে ইসলামী প্রাচ্য থেকে ক্রুসেডারদের নাম নিশানাই মুছে যাবে। তাতারদের সহায়তায় এবার ঘোষিত হয় নবম ক্রুসেড।
অষ্টম ক্রুসেডের মত এবারও যুদ্ধে অংশ নেয় ইংল্যান্ড, ফ্রান্স, সাইপ্রাস ও তাতার রাজ্য ইলখানাত।
৬৭০ হিজরি সনে (১২৭১ ঈসায়ী) তাতার আবাগা খানের সেনাপতি সামাগারের নেতৃত্বে ত্রিশ হাজার সৈন্যের বিশাল এক বাহিনী উত্তর দিক থেকে মামলুক রাষ্ট্রে হামলা করে ব্যাপক ধ্বংসযজ্ঞ চালায়। সংবাদ পেয়ে রুকনুদ্দিন বাইবার্স তার বাহিনী নিয়ে অগ্রসর হলে সংবাদ পেয়েই তাতার বাহিনী ভীত-সন্ত্রস্ত হয়ে উর্ধ্বশ্বাসে পালাতে শুরু করে। বাইবার্স তাদেরকে ধাওয়া করে মামলুক সাম্রাজ্যের শেষ সীমায় খাবুর নদী পর্যন্ত পৌঁছে যান। কিন্তু তার আগেই তাতাররা পালিয়ে তাদের ইলখানাত রাজ্যে চলে যায়।
ঐদিকে ক্রুসেডাররা ফিলিস্তিন অঞ্চলে হামলা চালায়। বাইবার্স তাতারীদের তাড়িয়ে দিয়ে বিশ হাজার সৈন্যের বাহিনী নিয়ে বত্রিশ হাজার সৈন্য বিশিষ্ট ক্রুসেডার বাহিনীর মোকাবিলা করতে আক্কায় পৌঁছান। বাইবার্সের আগমনে ইংল্যান্ডের যুবরাজ অ্যাডওয়ার্ডের যুদ্ধস্পৃহা মুহূর্তেই নিভে যায়। সে বাইবার্সের কাছে দূত প্রেরণ করে সন্ধিচুক্তির আবেদন জানায়। ৬৭০ হিজরি সনে (১২৭২ ঈসায়ী) উভয়পক্ষের মধ্যে ঐতিহাসিক 'কায়সারিয়ার চুক্তি' স্বাক্ষরিত হয়।
৬৭৬ হিজরির ২৭ মুহাররম (১২৭৭ ঈসায়ীর ৩০ জুন) সুলতান রুকনুদ্দিন বাইবার্স ইন্তেকাল করেন।

বাইবার্সের ইন্তেকালের পর তার দুই পুত্র পরপর ক্ষমতায় আসে। অবশেষে মিশরের দায়িত্বভার গ্রহণ করেন আল মালিকুল মানসুর সাইফুদ্দিন কালাউন আস্ সালিহি। তার সময়ই তাতারদের সাথে ৬৮০ হিজরি (১২৮১ ঈসায়ী) সনে প্রচণ্ড রক্তক্ষয়ী হিম্সের যুদ্ধ সংঘঠিত হয়। যুদ্ধে তাতাররা পরাজিত হয়।

ত্রিপোলি (বর্তমান লেবাননের ২য় বৃহত্তম নগরী) পুনরুদ্ধার:

তাতারদের দমন করে সুলতান কালাউন ক্রুসেডারদের প্রতি মনোনিবেশ করেন। প্রথমেই তিনি লাতাকিয়া অবরোধ করে তা জয় করে নেন। এরপর ত্রিপোলির খ্রিস্টানরা মুসলিম বণিক কাফেলার উপর হামলা চালিয়ে চুক্তিভঙ্গ করলে তিনি ত্রিপোলি অভিযানে বের হন। ৬৮৮ হিজরি (১২৮৯ ঈসায়ী) সুলতানের নির্দেশে মামলুক বাহিনী ত্রিপোলিতে চূড়ান্ত হামলা চালিয়ে ত্রিপোলি জয় করে নেয়।

৫০৩ হিজরি সনে খ্রিস্টান কর্তৃক দখলকৃত ত্রিপোলি দীর্ঘ একশ পঁচাশি বছর পর সুলতান কালাউন আবারো উদ্ধার করেন।

বিদায় হে কুকুরের দল!

ত্রিপোলির পতনের পর শামে ক্রুসেডারদের দখলে রয়ে যায় কেবল সুর, আক্কা ও বৈরুত নগরী।

সুলতান কালাউনের মৃত্যুর পর তার পুত্র আল আশরাফ সালাউদ্দিন খলিল ৬৯০ হিজরি (১২৯১ ঈসায়ী) সনে ক্রুসেডারদের সবচেয়ে সুরক্ষিত নগরী আক্কা জয় করেন। ইতিপূর্বে সুলতান বাইবার্স ও সুলতান কালাউন বহু চেষ্টা করেও যে আক্কা নগরী জয় করতে পারেননি, অবশেষে আল্লাহ তা'আলা আল আশরাফের হাতে সেই বিজয় দান করেন।

আক্কার পতনের পর সুর, সিডন ও বৈরুতসহ একে একে শামের অবশিষ্ট খ্রিস্টান নগরী গুলোরও পতন ঘটে এবং শামে খ্রিস্ট রাজ্যের পতন ঘটে। সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহ সুব্হানাহু ওয়া তা'আলার জন্য যিনি মুসলিম উম্মাহ্র জন্য জিহাদের বিধান নাযিল করেছেন।

বেঁচে যাওয়া অবশিষ্ট ক্রুসেডাররা শাম থেকে পালিয়ে শামের সন্নিকটে নতুন দুটি খ্রিস্টানরাজ্য প্রতিষ্ঠা করতে সক্ষম হয়। একটি হলো আর্মেনিয়া, অপরটি দ্বীপরাষ্ট্র সাইপ্রাস। পরবর্তীতে ৮২৯ হিজরি (১৪২৬ ঈসায়ী) সনে মামলুক

সুলতান আল আশরাফ বার্সবাই সাইপ্রাস জয় করেন। আর উসমানিরা আর্মেনিয়া জয় করেন।

সংক্ষেপে:

আল কুদ্‌স ও শামের বিভিন্ন অঞ্চল জবরদখল করার পর খ্রিস্টান ক্রুসেডাররা দামেশকসহ অবশিষ্ট শাম এবং পরে মিশর জয়ের স্বপ্ন দেখেছিল। কিন্তু তাদের স্বপ্নকে দুঃস্বপ্নে পরিণত করতে সুলতান ইমাদুদ্দিন জিনকি রাহি. এক অব্যাহত জিহাদের ধারা শুরু করেন। তার সুযোগ্য উত্তরসুরি নুরুদ্দিন জিনকি রহ. সে ধারাকে আরো বেগবান করেন। সুলতান সালাহুদ্দিন আইয়ুবি রাহি. পবিত্র নগরী আল কুদস পুনরুদ্ধারের মাধ্যমে তাকে চূড়ান্ত লক্ষ্যপানে একধাপ এগিয়ে নেন। আর এর সফল পরিসমাপ্তি ঘটে চার মামলুক সুলতান সাইফুদ্দিন কুতুজ, রুকনুদ্দিন বাইবার্স, সাইফুদ্দিন কালাউন ও আল আশরাফ খলিলের মাধ্যমে। মহান আল্লাহ পাক তাদের সকলের উপর রহমত নাযিল করুন এবং তাদেরকে উত্তম বদলা দান করুন। আমীন।

সপ্তম অধ্যায়: তাতারীদের ইতিহাস

✓ **তাতারদের পরিচয়:** প্রাচীন শামানি (Shamanism) ধর্মের অনুসারী যাযাবর, বর্বর, কুখ্যাত তাতার জাতির বাস ছিল চীন ও মঙ্গোলিয়ার বিস্তীর্ণ গোবি মরুভূমি অঞ্চলে। এরা তারকারাজির উপাসনা করতো, সূর্যোদয়ের সময় সূর্যের প্রণাম করতো, কুকুরসহ সব ধরণের প্রাণির মাংস ভক্ষণ করত। হত্যা, লুটপাট, রাহাজানি, হানাহানি ও প্রতারণার জন্য তাতারদের

কুখ্যাতি ছিল। দুইভাই তাতার ও মোঙ্গল- এর বংশধরদের যথাক্রমে তাতার ও মোঙ্গল নামেই অভিহিত করা হয়। অবশ্য অনেকে মোঙ্গলদেরকে তাতার বংশের অংশ মনে করেন। চেঙ্গিস খান ছিল মোঙ্গল গোত্রীয়। আর তৈমুর লং ছিল তাতার গোত্রীয়। বর্তমানে রাশিয়া, সাইবেরিয়া ও ক্রিমিয়া উপদ্বীপে বসবাসকারী গোত্রসমূহকে তাতার বলা হয়। আর চীন ও আফগানিস্তানে বিদ্যমান গোত্রসমূহকে বলা হয় মোঙ্গল।

✓ **চেঙ্গিস খানের নেতৃত্বে ইসলামি ভূ-খণ্ডে তাতারি আগ্রাসন:**

চেঙ্গিস খান এমন এক সুবিস্তৃত সাম্রাজ্যের অধিকারী ছিল, যার অধিবাসীর সংখ্যা একমাত্র আল্লাহ্ তা'আলাই জানেন। তার রাজধানী ছিল মঙ্গোলিয়ার অন্তর্গত কারাকোরাম নগরী। প্রজাদের জন্য সে একটি জীবন বিধান/সংবিধান প্রণয়ন করেছিল তার নাম ইয়াসাক বা ইয়াসা। চেঙ্গিস খান বিভিন্ন ভূ-খণ্ডে আগ্রাসন চালালেও তার ভিতরে মুসলিম ভীতি ছিল। তাই সে খাওয়ারিজম সাম্রাজ্যের সাথে শান্তি-চুক্তি করে রেখেছিল।

খাওয়ারিজম রাষ্ট্র তখন মুসলিম বিশ্বের অন্যতম বৃহৎ শক্তি ছিল। যার অশ্বারোহী বাহিনীর সংখ্যাই ছিল পাঁচ লক্ষ।

খাওয়ারিজমের শাহ (সুলতান) আলাউদ্দিন মুহাম্মাদের সঙ্গে দ্বন্দ্ব ও সংঘাতের জের ধরে অদূরদর্শী আব্বাসী খলিফা নাসির লি দ্বীনিল্লাহ্ই চেঙ্গিস খানকে খোয়ারিজম রাষ্ট্র আক্রমন করতে প্ররোচিত করেছিল। যদিও চেঙ্গিস খান তৎক্ষণাৎ এ প্রস্তাবে রাজি হয়নি, তবে সে মুসলমানদের দুর্বলতা (অনৈক্য) বুঝে ফেলে যে, এই মুসলিম জাতি পূর্বের সেই মুসলিম জাতি নয়।

সুলতান আলাউদ্দিন মুহাম্মাদ কর্তৃক সম্পদের লোভে চারশ সদস্য বিশিষ্ট একটি মোঙ্গল বণিক কাফেলার সদস্যদের হত্যার জের ধরে চেঙ্গিস খান মুসলিম খাওয়ারিজম সাম্রাজ্যের উপর ঝাপিয়ে পড়ে। ৬১৬ হিজরি সনের ৪ জিলহজ্জ (১২২০ ঈসায়ীর ফেব্রুয়ারি মাসে) তাতাররা বুখারায় প্রবেশ করে সম্পূর্ণ ধ্বংসস্তুপে পরিণত করে। দুদিনের আগের সুবিশাল ও সুসমৃদ্ধ বুখারা নগরী পরিণত হয় বিধ্বস্ত এক ধ্বংসস্তুপে, যেন গতকালও সেখানে কেউ বসবাস করেনি। ৬১৭ সালের মুহাররাম মাসে (১২২০ ঈসায়ীর মার্চ মাসে) একই ভাবে সমরকন্দকেও ধ্বংসস্তুপে পরিণত করা হয়। এরপর তাতাররা মুসলমানদের অন্যান্য ভূমিগুলোতে একের পর এক ধ্বংসযজ্ঞ চালাতে থাকে।

চেঙ্গিস খান যখন মুসলিম ভূ-খণ্ডে ধ্বংসযজ্ঞ চালাচ্ছিল, মুসলিম বিশ্বের অভিভাবক আব্বাসি খলিফা নাসির লি দ্বীনিল্লাহ তখন ব্যস্ত জনসাধারণের উপর জুলুম করে তাদের সম্পদ লুণ্ঠনে এবং নারী ও ভোগবিলাসের মধ্যে প্রবৃত্তির চাহিদা পূরণে!

৬২৪ হিজরি (১২২৭ ঈসায়ী) সনে চেঙ্গিস খান মৃত্যুবরণ করেন। আল্লাহ্ পাক তাকে অভিশপ্ত করুন এবং তার উপযুক্ত বদলা দান করুন। আমীন।

চেঙ্গিস খানের মৃত্যুর পর তার সাম্রাজ্য তার চার পুত্রের মাঝে চার ভাগ হয়ে যায়।

✓ বাগদাদের শেষ আব্বাসি খলিফা (৩৭ নং) ছিল মুসতাসিম বিল্লাহ। তার উজির ছিল মুআইয়াদুদ্দিন মুহাম্মাদ বিন আলকামি। সে ছিল কট্টরপন্থি শিয়া মতান্তরে ইহুদি বংশোদ্ভূত। স্বভাবতই তার অন্তরে আব্বাসি খিলাফত এবং সুন্নী মুসলমানদের প্রতি বিদ্বেষ লুকিয়ে ছিল এবং যেকোনো মূল্যে আব্বাসী খিলাফত ধ্বংস করে ইসলাম ও মুসলমানদের উপর প্রতিশোধ নিতে উদগ্রীব ছিল। উজির তাতারদের কাছে মুসলিম সাম্রাজ্যের যাবতীয় গোপন তথ্য সরবরাহ করত এবং তাতারদের কর্মতৎপরতার সংবাদ খলিফার কাছে পৌঁছতে বাধা দিত।

বিশ্বাসঘাতক এই গাদ্দারকে খলিফা খুব বিশ্বাস করতো। অথচ এক্ষেত্রে আল্লাহ্ পাকের হুকুম ছিল- وَلَا تُؤْمِنُوٓاْ إِلَّا لِمَن تَبِعَ دِينَكُمْ

"তোমরা তোমাদের দ্বীনী ভাই ব্যতীত অন্য কাউকে বিশ্বাস করো না।" (সূরা আলে ইমরান ৩:৭৩)

কোনো বেদ্বীন কাফের-মুশরিক, মুরতাদকে প্রশাসনের দায়িত্বে বসানো আত্মহত্যার শামিল। যার পরিণতি মুসলমানরা বার বার ভোগ করেছে কিন্তু খুব কমই আমাদের শিক্ষা হয়েছে।

✓ এরপর এলো ৬৫৬ হিজরি। এ বছরেই ১২ মুহাররাম মোঙ্গল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা চেঙ্গিস খানের পৌত্র তাতার শাসক হালাকু খান পুরো বাহিনী নিয়ে বাগদাদে উপস্থিত হয়। তার বাহিনীর সংখ্যা ছিল প্রায় দুই লক্ষ। হালাকু খানের উজির ছিল গাদ্দার নাসিরুদ্দিন তুসি। অন্যদিকে, বাগদাদের সৈন্যবাহিনীর সংখ্যা ছিল অতি নগণ্য, অশ্বারোহী সৈন্য দশ হাজারও হবে না। রাফিজি উজির আলকামির প্ররোচনায় খরচ কমাতে খলিফাতুল মুসলিমীন সেনাবাহিনীর সংখ্যা এক লক্ষ থেকে দশ হাজারে কাট-সাট করে নিয়ে এসেছিল আগেই। এরপর হালাকু বাহিনী পুরো বাগদাদে চল্লিশ দিন ব্যাপী স্মরণকালের ইতিহাসের অন্যতম নৃশংস গণহত্যা চালায়। সর্বমোট বিশ লক্ষ নারী-পুরুষ, শিশু-তরুণ-বয়োবৃদ্ধ সকলকেই হত্যা করা হয়। বাগদাদের অলি-গলিতে রক্তের বন্যা বয়ে যায়। আমিরুল মুমিনীনকে বস্তায় ভরে পদদলিত করে হত্যা করা হয়।

হায়! পৃথিবীর ইতিহাসে কোনো রাজা-বাদশাই এমন অপমানজনক মৃত্যু লাভ করেনি। আল্লাহ পাক যা চান!! অন্যদিকে, আল্লাহ্ পাক রাফিজি উজির ইবনুল আলকামির অনিষ্ট করুন, তাকে অভিশপ্ত করুন; জাহান্নামের সর্বনিম্ন স্তর সম্পর্কে আল্লাহ্ পাকই সর্বাপেক্ষা জ্ঞাত! আল্লাহ্ পাক ইবনুল আলকামির জন্য সেই ফয়সালাই করেছিলেন, যা তিনি পৃথিবীর অপরাপর অন্যান্য গাদ্দারদের জন্য করে থাকেন। এই ঘটনার দুই মাসের মধ্যেই সে দুনিয়া থেকে বিদায় নেয়। দুঃখ, পরিতাপ ও নিরাশাকে সঙ্গী করেই তার মৃত্যু হয়, এবং আপন ঠিকানায় পৌঁছে যায়। এর কিছু দিন পর তার পুত্র (পিতার পরবর্তী উজির) ইযযুদ্দিন ইবনুল ফজল মুহাম্মাদ তার সাথে একই ঠিকানায় মিলিত হয়। আলকামির স্বপ্নগুলো স্বপ্নই রয়ে গেল, মাঝখানে ধ্বংস হল একটি জাতি!!

সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার। আল্লাহ পাক তাঁর সুন্নাহ্র ব্যতিক্রম করেন না।

ٱلَّذِينَ كَفَرُوا۟ وَصَدُّوا۟ عَن سَبِيلِ ٱللَّهِ أَضَلَّ أَعْمَٰلَهُمْ ۝١

"যারা কুফুরী করে এবং আল্লাহ্র রাস্তায় বাধাপ্রদান করে, আল্লাহ্ তাঁদের কর্মকে ব্যর্থ করে দেন।" (সূরা মুহাম্মাদ ৪৭:০১)

✓ প্রিয় ভাই! মুসতাসিম বিল্লাহর পূর্বসুরী বিশজনের মধ্যে সতেরজনই খলিফা ছিলেন। তিনি নিজে ছিলেন ধার্মিক, সংযমী ও সচ্চরিত্রবান। তিনি মুখস্থ ও বিশুদ্ধ তেলাওয়াতের অধিকারী ছিলেন। বিশিষ্ট মুহাদ্দিস শারফুদ্দিন দিময়াতি রহ. তার সনদে ৪০ টি হাদিস বর্ণনা করেছেন। তার হাদীস বর্ণনার ইজাজত (শাস্ত্রীয় অনুমতি) ছিল। তবে তার মধ্যে দূরদর্শিতা ও সাহসের অভাব ছিল। ছিল জিহাদের ব্যাপারে গাফলতি। ফলে তার ভাগ্যে তাই ঘটল যা আল্লাহ্ তা'আলার চিরাচরিত বিধান। ফলে তার সেই সুউচ্চ বংশমর্যাদা ও পিতৃ-পরিচয়, তার ধার্মিকতা, তিলাওয়াত, পরহেযগারী আল্লাহ্র দরবারে কোনো কাজে আসেনি। জিহাদের গাফলতির কারণে, উম্মাহ্র এই পরিণতির পাপ তার ঘাড়ে বর্তায়, যার ফলে আল্লাহ্ তার কপালে এমন জিল্লতি আর অপদস্তি রেখে ছিলেন। আল্লাহ্ই ভালো জানেন, আর আমরা তাঁর কাছেই আশ্রয় প্রার্থনা করছি।

عَنْ اِبْنِ عُمَر قَالَ، سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْل، اِذَا تَبَايَعْتُمْ بِالْعِيْنَةِ وَاَخَذْتُمْ اَذْنَابَ الْبَقَرِ وَرَضِيْتُمْ بِالزَّرْعِ وَتَرَكْتُمُ الْجِهَادَ سَلَّطَ اللهُ عَلَيْكُمْ ذُلًّا لَا يَنْزِعُهٗ حَتىّٰ تَرْجِعُوْا اِلىٰ دِيْنِكُمْ

হযরত আব্দুল্লাহ ইবনে ওমর রাদিয়াল্লহু আনহু বলেন, আমি রাসূলুল্লাহ -ﷺ কে বলতে শুনেছি যে, "যখন তোমরা 'ঈনাহ' পদ্ধতিতে (এক ধরনের সুদ ভিত্তিক ব্যবসা) ক্রয় বিক্রয় এবং ব্যবসা বাণিজ্যে পুরাপুরি মশগুল হয়ে যাবে এবং গরুর লেজ ধরে খেত খামারে মগ্ন হয়ে যাবে আর জিহাদ করা ছেড়ে দিবে তখন আল্লাহ তাআলা তোমাদের উপর এমন অপমান চাপিয়ে দিবেন, যা ততক্ষণ পর্যন্ত দূর হবে না যতক্ষণ না তোমরা আপন দ্বীনের দিকে ফিরে

আসবে।" (আবু দাউদ ৩৪৬২, বায়হাকী ১০৪৮৪, জামেউল আহাদীস ১৬০৩, কানযুল উম্মাল ১০৫০৩, বুলুগুল মারাম ৮৪১)

عَنْ أَبِيْ بَكْرٍ الصِّدِّيْقِ قَالَ : سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ، مَا تَرَكَ قَوْمٌ الْجِهَادَ فِيْ سَبِيْلِ اللهِ اِلَّا ضَرَبَهُمْ اللهُ بِذِلٍّ وَلَا أَقَرَّ قَوْمٌ الْمُنْكَرَ بَيْنَ أَظْهُرِهِمْ اِلَّا عَمَّهُم اللهُ بِعِقَابٍ

হযরত আবু বকর (রা.) বলেন যে, আমি রাসূল ﷺ-কে বলতে শুনেছি, তিনি ﷺ বলেছেন, যদি কোন জাতি জিহাদ ছেড়ে দেয় তাহলে আল্লাহ তা'আলা তাদের সবার উপর লাঞ্ছনা চাপিয়ে দেন। আর যদি কোন জাতি তাদের মধ্যে কোন অন্যায়কে আশ্রয় দেয় তাহলে আল্লাহ তা'আলা তাদের সকলকে শাস্তি প্রদান করেন।" (জামে'আ আহাদীস ২৭০৩৫, মুজামুল আওসাত ৩৮৩৯, কানযুল উম্মাল ৮৪৪৭)

প্রিয় ভাই! ঘোড়ার ললাটে ইয্যত রয়েছে। আর গরুর লেজে রয়েছে লাঞ্ছনা।

বাগদাদের মুসলমানরা ব্যবসা, বাণিজ্য, চাষাবাদ, জ্ঞান-বিজ্ঞান, দ্বীনচর্চা, দ্বীনী গবেষণা- সকল ক্ষেত্রে ছিল অগ্রগামী। কিন্তু কেবল এক ক্ষেত্রে তারা গাফেল ও অপ্রস্তুত ছিল, আর তা হলো জিহাদ ফী সাবিলিল্লাহ। ফলে আল্লাহ্ তা'আলা তাঁর সুন্নাতকে বাস্তবায়ন করলেন।

إِلَّا تَنفِرُواْ يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا وَيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلَا تَضُرُّوهُ شَيْـًٔاۗ وَٱللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٖ قَدِيرٌ ٣٩

"যদি তোমরা (আল্লাহ্র রাস্তায় জিহাদের জন্য) বের না হও, তবে আল্লাহ তোমাদের মর্মন্তুদ আযাব দিবেন এবং অন্য জাতিকে তোমাদের স্থলাভিষিক্ত করবেন। তোমরা তাঁর কোনো ক্ষতি করতে পারবে না। আর আল্লাহ্ সর্ববিষয়ে শক্তিমান।" (সূরা তাওবাহ ৯: ৩৯)

سُنَّةَ ٱللَّهِ ٱلَّتِي قَدْ خَلَتْ مِن قَبْلُۖ وَلَن تَجِدَ لِسُنَّةِ ٱللَّهِ تَبْدِيلًا ٢٣

"এটাই আল্লাহ্র সুন্নাত/রীতি, যা পূর্ব থেকে চালু আছে। আর তুমি আল্লাহ্র সুন্নাতের কোনো পরিবর্তন পাবে না।" (সূরা ফাত্হ ৪৮:২৩)

তাতারি আগ্রাসন মোকাবিলায় মুসলমানদের অভিযান:

বাগদাদে ধ্বংসযজ্ঞ চালানোর পর হালাকু খান এবার শাম দখলের পরিকল্পনা করে। ৬৫৮ হিজরিতে হালাকু খান সাত দিনের অবরোধের পর আলেপ্পোতে প্রবেশ করে নির্বিচারে হত্যাযজ্ঞ চালায়। আলেপ্পোতে বাগদাদের চেয়েও বেশি মুসলমান হালাকু বাহিনীর নির্মম ধ্বংসযজ্ঞের শিকার হয়। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

এরপর মোঙ্গল বাহিনী কোনোরূপ বাধাবিপত্তি ছাড়াই দামেশক জয় করে নেয়। তাতারীরা মুসলমানদের খাওয়ারিজম সাম্রাজ্য, বাগদাদ এবং শামের পতন ও ধ্বংসযজ্ঞ পরিচালনার পর এবার দৃষ্টি দেয় মামলুক নিয়ন্ত্রিত মিশরের প্রতি। মিশরের পর হালাকু খানের পরবর্তী টার্গেট ছিল মক্কা ও মদীনা। এই পর্যন্ত পৌঁছতে পারলেই ইসলাম ও মুসলমানদের খেল খতম হয়ে যেত, দুনিয়া থেকে মুছে যেত একসময়ের একটি মহাপরাক্রমশালী জাতি। কিন্তু আল্লাহ্ পাকের ইচ্ছা ছিল ভিন্ন। আল্লাহ্ সুবহানাহু ওয়া তাআলা এই পর্যায়ে এসে তাঁর অপর এক সুন্নাহকে বাস্তবায়ন করলেন। কী ছিল সেটি?..........

"ইসলাম কখনো ধ্বংস হবে না।" হ্যাঁ ভাই, এটি একটি ঐতিহাসিক প্রতিষ্ঠিত সত্য। আল্লাহ্ পাকই এর হেফাযতকারী।

يُرِيدُونَ أَن يُطْفِـُٔواْ نُورَ ٱللَّهِ بِأَفْوَٰهِهِمْ وَيَأْبَى ٱللَّهُ إِلَّآ أَن يُتِمَّ نُورَهُۥ وَلَوْ كَرِهَ ٱلْكَٰفِرُونَ ٣٢ هُوَ ٱلَّذِىٓ أَرْسَلَ رَسُولَهُۥ بِٱلْهُدَىٰ وَدِينِ ٱلْحَقِّ لِيُظْهِرَهُۥ عَلَى ٱلدِّينِ كُلِّهِۦ وَلَوْ كَرِهَ ٱلْمُشْرِكُونَ ٣٣

"৩২. তারা তাদের মুখের ফুৎকারে আল্লাহর নূর (ইসলাম)-কে নির্বাপিত করতে চায়। কিন্তু আল্লাহ অবশ্যই তাঁর নূরের পূর্ণতা বিধান করবেন, যদিও কাফেররা তা অপ্রীতিকর মনে করে। ৩৩. তিনিই প্রেরণ করেছেন আপন রাসূলকে হেদায়েত ও সত্য দ্বীন সহকারে, যেন এ দ্বীনকে অপরাপর দ্বীনের উপর জয়যুক্ত করেন, যদিও মুশরিকরা তা অপ্রীতিকর মনে করে।" (০৯ সূরা তাওবা:৩২-৩৩)

كَتَبَ ٱللَّهُ لَأَغْلِبَنَّ أَنَا۠ وَرُسُلِيٓۚ إِنَّ ٱللَّهَ قَوِيٌّ عَزِيزٌ ٢١

"আল্লাহ লিখে দিয়েছেন যে: আমি (আল্লাহ) এবং আমার রাসূলগণ (ও তাঁদের অনুসারীরা) অবশ্যই বিজয়ী হব। নিশ্চয় আল্লাহ শক্তিধর, পরাক্রমশালী।" (৫৮ মুজাদালাহ: ২১)

وَمَن يَتَوَلَّ ٱللَّهَ وَرَسُولَهُۥ وَٱلَّذِينَ ءَامَنُواْ فَإِنَّ حِزْبَ ٱللَّهِ هُمُ ٱلْغَٰلِبُونَ ٥٦

"আর যারা আল্লাহ, তাঁর রাসূল এবং বিশ্বাসীদেরকে বন্ধুরূপে গ্রহণ করে (তারাই আল্লাহ্‌র দল), আর নিশ্চয় আল্লাহ্‌র দলই বিজয়ী হবে।" (০৫ সূরা মায়েদাহ্: ৫৬)

ইসলামের এই কঠিন দুর্যোগপূর্ণ ক্রান্তিলগ্নে (যখন আর মাত্র দুটো অঞ্চল জয় করলেই ইসলাম দুনিয়া থেকে মুছে যাবে ঠিক তখনি) আল্লাহ্ পাক তার এক বান্দা সাইফুদ্দিন কুতুজ রাহি.কে মিশরের মামলুক রাষ্ট্রের সুলতান বানিয়ে দেন। আল্লাহ্‌র এই মর্দে মুজাহিদ বান্দা দুর্বল ও মৃতপ্রায় মুসলিম উম্মাহকে নিয়ে অজেয়, দুর্নিবার, মহাশক্তিধর তাতারীদের বিরুদ্ধে জিহাদের পতাকা উত্তোলন করেন।
সাইফুদ্দিন কুতুজ রাহি. সার্বিক দিক বিবেচনা করে তাতাররা মিশরে আগমনের পূর্বে নিজেই অগ্রসর হয়ে তাদের উপর আক্রমণ করার সিদ্ধান্ত নেন। তাঁর সেনাপতি ছিল রুকনুদ্দিন বাইবার্স। তিনি তার বাহিনী প্রস্তুত করে শাম অভিমুখে রওনা হন। সংবাদ পেয়ে হালাকু খানের প্রধান সহকারী, ধূর্ত-খুনি কাতবুগা'র নেতৃত্বে নব্বই হাজার সৈন্যের বিশাল তাতার বাহিনী কুতুজের বাহিনীর দফারফা করতে অগ্রসর হয়।

৬৫৮ হিজরি সনের রমজান মাসে (১২৬০ ঈসায়ীর সেপ্টেম্বর মাসে) আইনে জালুতের প্রান্তরে উভয় পক্ষের মধ্যে রক্তক্ষয়ী যুদ্ধ সংগঠিত হয়। কী ছিল এই যুদ্ধের ফলাফল? জানেন কি? তাতারী বাহিনী শোচনীয়ভাবে পরাজিত হয়। বলতে পারেন, আইনে জালুতের যুদ্ধের পর কতজন তাতারী জীবিত ছিল? গোটা তাতারী বাহিনী ধ্বংসস্তুপে পরিণত হয়েছিল। একজন তাতারীও বেঁচে ছিল না।

আপনারা কি এমন ঘটনা পূর্বে কখনো শুনেছেন? যেই বাহিনী অর্ধ দুনিয়া জয় করেছিল, মুহূর্তেই তারা ধ্বংস হয়ে গেল। যারা লক্ষ লক্ষ মানুষের রক্তপাত ঘটাল, শত শত শহর বিরানভূমিতে পরিণত করল, মুহূর্তেই তারা অস্তিত্বহীন হয়ে পড়ল। সুব্হানাল্লাহ!!!

أَتَخْشَوْنَهُمْ ۚ فَٱللَّهُ أَحَقُّ أَن تَخْشَوْهُ إِن كُنتُم مُّؤْمِنِينَ ١٣ قَـٰتِلُوهُمْ يُعَذِّبْهُمُ ٱللَّهُ بِأَيْدِيكُمْ وَيُخْزِهِمْ وَيَنصُرْكُمْ عَلَيْهِمْ وَيَشْفِ صُدُورَ قَوْمٍ مُّؤْمِنِينَ ١٤

"তোমরা কি তাদের ভয় কর? অথচ তোমাদের ভয়ের অধিকতর যোগ্য হলেন আল্লাহ- যদি তোমরা মুমিন হও। যুদ্ধ কর ওদের সাথে, আল্লাহ্ তোমাদের হস্তে তাদের শাস্তি দিবেন। তাদের লাঞ্ছিত করবেন, তাদের বিরুদ্ধে তোমাদের বিজয়ী করবেন এবং মুসলমানদের অন্তরসমূহ শান্ত করবেন।" (সূরা তাওবাহ ৯: ১৪)

জিহাদ! জিহাদ!! এটাই জিহাদের শক্তি!!! পৃথিবীর ইতিহাস সাক্ষী, একমাত্র জিহাদই সর্বকালে সর্বযুগে মুসলমানদের গৌরব ও মর্যাদা ফিরিয়ে এনেছে। জিহাদ যতদিন আছে, ইসলাম থাকবে। তাতারী আগ্রাসন, যা ছিল দুনিয়ার ইতিহাসে মুসলমানদের উপর সবচেয়ে বর্বরতম ও নিকৃষ্ট ধ্বংসযজ্ঞগুলোর একটি, সেখান থেকেও মুসলমানরা উত্তোরণ লাভ করে কেবলই জিহাদের বরকতে। তাই মুসলমানদের উপর সকল প্রকারের যুলুম-নির্যাতন আর আগ্রাসনের সবচেয়ে সুন্দরতম জবাব হল এই জিহাদ। সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহ্ সুব্হানাহু ওয়া তা'আলার।

আইনে জালুতের যুদ্ধের পরবর্তী তাতারদের ইতিহাস:

আইনে জালুতের যুদ্ধের পরাজয়ের পর তাতারদের মাঝে অন্তর্বিরোধ শুরু হয়। আগেই বলা হয়েছিল, চেঙ্গিস খানের মৃত্যুর পর তার সাম্রাজ্য তার চার পুত্রের মাঝে ভাগ হয়ে যায়। চেঙ্গিস সাম্রাজ্যের প্রথম অংশ পূর্ব ইউরোপ ও পশ্চিম সাইবেরিয়া অঞ্চলের শাসক ছিলেন হালাকু

খানের চাচাতো ভাই বার্কে খান বিন জোচি খান বিন চেঙ্গিস খান। এই বার্কে খান ইসলাম গ্রহণ করেন। আল্লাহ্ পাক তার উপর রহম করুন। আর চেঙ্গিস সাম্রাজ্যের দ্বিতীয় অংশ ইলখানিয়া সাম্রাজ্য তথা পারস্য, খোরাসান এবং আরব ও এশিয়া মাইনর অঞ্চলের শাসক ছিল হালাকু খান। কিছুদিন পরই বার্কে খান ও হালাকু খানের মধ্যে তুমুল যুদ্ধ সংগঠিত হয়। যুদ্ধে খবীস্ হালাকু খান পরাজিত হয়।

৬৬৩ হিজরি সনে (১২৬৫ ঈসায়ী) মৃগিরোগে আক্রান্ত হয়ে হালাকু খানের মৃত্যু হয়। আল্লাহ্ তা'আলা তাকে অভিশপ্ত করুন।

হালাকু খানের পর তার পুত্র আবাগা খান ইলখানিয়া তাতারদের শাসনভার গ্রহণ করেন। বার্কে খান আবাগা খানের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে তাকে পরাজিত করেন এবং বাহিনীকে ছত্রভঙ্গ করে দেন।

৬৬৫ হিজরি সনে (১২৬৬ ঈসায়ী) বার্কে খানের মৃত্যু হয়। তার পর মানকুতামুর বিন বাতু বিন জোচি খান বিন চেঙ্গিস খান উত্তর সাম্রাজ্যে তার স্থলাভিষিক্ত হন। তিনিও মুসলমান ছিলেন।

এদিকে খ্রিস্টান ক্রুসেডারদের সহায়তায় আবাগা খানের নেতৃত্বাধীন তাতাররা শামের মুসলমানদের ভীত-সন্ত্রস্ত করে তোলে। কিন্তু ৬৬৯ হিজরিতে আবাগা খান ও তার জ্ঞাতি ভাই মানকুতামুরের মাঝে লড়াই হলে আবাগা খান পরাজিত হয়।

হিমসের যুদ্ধঃ

৬৮০ হিজরি (১২৮১ ঈসায়ী) সনে হিম্‌সের যুদ্ধ সংঘটিত হয় । প্রচণ্ডতা ও ভয়াবহতার দিক থেকে এর তুলনা চলে আইনে জালুতের যুদ্ধের সঙ্গে। আবাগা খান শাম অঞ্চলে আবারো কর্তৃত্ব প্রতিষ্ঠার লক্ষ্যে তার ভাই (হালাকু খানের আরেক পুত্র) মিংগু তিমুর এর নেতৃত্বে এক লক্ষাধিক সৈন্যের বাহিনীকে শাম অভিমুখে প্রেরণ করে।

মিশরে তখন শাসক ছিলেন কালাউন পরিবারের সুলতান আল মালিকুল মানসুর সাইফুদ্দিন কালাউন আস্ সালিহ। তিনি মুসলিম বিশ্বের বিভিন্ন প্রান্ত হতে প্রায় পঞ্চাশ হাজারের মত মুজাহিদ সংগ্রহ করে হিমসের উপকণ্ঠে তাতারিদের মুখোমুখি হন।

প্রথম দিকে জয়ের পাল্লা তাতারদের দিকে থাকলেও মুসলিম বাহিনীর প্রবল আক্রমণে তাতাররা কোনঠাসা হয়ে পড়ে। প্রচুর তাতার সৈন্য নিহত হয়। বাকীরা পলায়নের পথ ধরলে মুজাহিদ বাহিনী তাদের পশ্চাদ্ধাবন করে।

হিমসের যুদ্ধে চরম ছ্যাঁকা খেয়ে কিছুদিন পরই আবাগা খান অক্কা পায়।

হালাকু খানের বংশধর গাজানের ইসলাম গ্রহণ:

৬৯৪ হিজরি (১২৯৪ ঈসায়ী) সনে তাতার রাষ্ট্র ইলখানাতের শাসনভার গ্রহণ করে হালাকু খানের প্রপৌত্র গাজান বিন আরগুন বিন আবাগা খান বিন হালাকু খান। তিনি প্রকাশ্যে ইসলাম গ্রহণ করায় তার অনুসরণে তাতার জনগোষ্ঠীর প্রায় এক লক্ষ লোক ইসলাম গ্রহণ করে। সে দিনটি ছিল একটি ঐতিহাসিক দিন। তিনি নিজের নাম রাখেন 'মাহমুদ'। তিনি বহু গির্জা ধ্বংস করেন এবং খ্রিস্টানদের উপর জিজিয়া আরোপ করেন। তার শাসনামলেই তাতারদের মাঝে ইসলামী শিক্ষার প্রসার শুরু হয়। এই মাহমুদ গাজান থেকে শুরু করে পরবর্তী ইলখানাত শাসকরা মুসলমান ছিল।

কিন্তু দুঃখজনক হল, গাজান তার রাজ্য মিশর ও শাম অঞ্চলেও বিস্তৃত করার লক্ষ্যে শামের মুসলমানদের সাথে একাধিক যুদ্ধে জড়িয়ে পড়ে, যার কোনো কোনটি ছিল চরম রক্তক্ষয়ী।

তাতারি দুর্যোগ মোকাবিলায় এই সময় ইবনে তাইমিয়া রাহি. অবিস্মরণীয় ভূমিকা রাখেন। একদিকে তিনি মুসলমানদের উপর আগ্রাসী মুসলিম তাতারদের 'খারেজী' ফতোয়া দিয়ে তাদের বিরুদ্ধে মুসলমানদের যুদ্ধ করতে উৎসাহিত করেন, অপরদিকে তাতারদেরকে সহীহ ইসলামের তালিম দেয়ার চেষ্টা করেন, যেন তারা মুসলমান ভাইদের হত্যা করা থেকে বিরত থাকে এবং বন্দিদেরকে মুক্ত করে দেয়। তাঁর প্রচেষ্টায় বহু মুসলিম বন্দিদেরকে তাতাররা মুক্তি দেয়।

শাকহাবের যুদ্ধ:

কিন্তু এতকিছুর পরও তাতাররা ৭০২ হিজরি সনের রমজান মাসে (১৩০৩ ঈসায়ী) দামেশকের দক্ষিণে শাকহাব প্রান্তরে যুদ্ধে অবতীর্ণ হয় এবং শোচনীয়ভাবে পরাজিত হয়।

তাতারী বিরোধী এ যুদ্ধে অংশগ্রহণ করেন ইবনে তাইমিয়া রাহি., তৎকালীন সুলতান আন্ নাসির মুহাম্মাদ বিন কালাউন ও সমকালীন আব্বাসি খলীফা ২য় মুসতাকফি বিল্লাহ।

৭০৩ হিজরিতে গাজান মৃত্যুবরণ করেন।

তাতারি হুমকি আরো একবার!

চেঙ্গিস খানের বিভক্ত রাজ্যের আরেক অংশ যা গঠিত ছিল পুরো তুর্কিস্তান, উইঘুরদের রাজ্য কাংসু এবং মা-অরাউন নাহার (ট্রান্সঅক্সিয়ানা) অঞ্চলসমূহ নিয়ে, তার শাসক ছিল তৈমুর লং। তাতাররা ৭৯৫ হিজরি (১৩৯৩ ঈসায়ী) সনে সেনাপতি তৈমুর লং এর নেতৃত্বে বাগদাদে নিজেদের কর্তৃত্ব প্রতিষ্ঠা করে। ৭৯৭ হিজরি সনে পুরো মেসোপটেমিয়া অঞ্চল তাতারদের অধিকারে চলে যায়।

৮০৩ হিজরি সনে তৈমুর লং আলেপ্পোকে ধ্বংসস্তুপে পরিণত করে দামেশক অভিমুখে রওনা হয়। অতঃপর তৈমুর লং দামেশকে প্রবেশ করে আলেপ্পোর মতো দামেশকেও প্রচুর ধ্বংসযজ্ঞ ও রক্তপাত ঘটায়।

মজার বিষয় হল, তৈমুর লং এর নেতৃত্বে এবার তাতাররা ছিল সবাই মুসলমান!!! তৈমুর লং ছিল শিয়া মতালম্বী আর নামে মাত্র মুসলমান। ইসলামের বিন্দুমাত্র চেতনাও যার মধ্যে ছিল না। ইসলামের দুশমনরা বারবার তাকে ব্যবহার করেছিল। মুসলিম হওয়ার পরও তার মাধ্যমে ইসলামের অপূরণীয় ক্ষতি হয়েছিল। তার কর্মকাণ্ডের উপর ইসলামের কোনো ছাপ ছিল না।

তাতারদের মধ্যে ইসলামের প্রসার:

প্রিয় ভাই, তাতার কিংবা মোঙ্গল নাম শুনলেই আজ আমাদের কল্পনায় পাশবিকতা, ধ্বংসলীলা ও নির্মমতার এমন সব চিত্র ভেসে ওঠে- যার সাথে মানবতার ন্যূনতম সম্পর্কও নেই। কিন্তু আমরা জানি কি, মুসলমানদের ভূ-খণ্ডে প্রবেশের পঁয়ত্রিশ বছর পর মোঙ্গলদের অধিকাংশই ইসলাম গ্রহণ করতে শুরু করে এবং একশ বছরের মধ্যে আল্লাহ্ পাকের অশেষ মেহেরবানীতে তাতাররা প্রায় সকলেই কলেমা পড়নেওয়ালা আমাদের ভাই-বোন হয়ে যান??? তারা এসেছিল মুসলমানদের উপর ধ্বংসযজ্ঞ চালিয়ে মুসলিম ভূমিগুলোকে জয় করতে, কিন্তু তার আগেই 'ইসলাম' তাদের সকলের অন্তর জয় করে নেয়! আলহামদুলিল্লাহ!!!

আমরা তো শুধু তাতারদের উত্থানকালের বর্বরতা আর আইনে জালুতের প্রান্তরে মুসলমানদের হাতে তাদের পরাজয়ের ইতিহাসই জানি। কিন্তু আমরা কি জানি, তাতারদের এর পরের ইতিহাস? চেঙ্গিস খান, হালাকু খান আর তৈমুর লং-এর পরের ইতিহাস?? শোষণ আর হত্যা ছাড়া মুসলমানদের ইতিহাসে মোঙ্গলদের আর কোনো অবদান ছিল কি??

অবিশ্বাস্য হলেও সত্য, ইতিহাসে অদ্বিতীয় নিপীড়ন ও রক্তক্ষরণের ইতিহাস সৃষ্টির ক্ষণকালের মধ্যেই মোঙ্গল ভাইয়েরা সর্বোচ্চ মানবতা ও সম্প্রীতির এক অধ্যায় রচনা শুরু করে। আমাদের অনেক তাতার ভাইদের দিয়ে আল্লাহ্ পাক ইসলামকে শক্তিশালী করেছেন। বহু ভূ-খণ্ড বিজয় করে তারা সেখানে মুসলমানদের ভিত মজবুত করেছেন, যা দীর্ঘদিন পর্যন্ত অক্ষত ছিল। বরং তাদের অনেকে ইসলামের খাতিরে স্বজাতির সঙ্গে যুদ্ধও করেছেন।

আরেকটি বিস্ময়কর ব্যাপার হল, আমরা ওই সকল বীর ও মহাত্মা দাঈ ভাইদের নাম এখনো জানতে পারিনি, যারা মোঙ্গলদের মত একটি বর্বর জাতিকে ইসলামের ছায়াতলে এনে এক বিস্ময়কর ইতিহাসের জন্ম দিয়েছেন।

আমরা অস্বীকার করছি না, মোঙ্গল ভাইদের অনেকে ইসলাম গ্রহণের পরও পূর্ববর্তীদের অভ্যাস-চরিত্র থেকে বেরিয়ে আসতে পারেনি। তবে সেটা ছিল সাময়িক আর আমাদেরই দা'ওয়াহ্র ত্রুটি! আমাদেরকে একথা ভুলে গেলে চলবে না যে, মুসলমানদের ইতিহাসে তাদের অবদান ও ইসলামি ভূ-খণ্ডের

সীমা বৃদ্ধি করতে তাদের পদক্ষেপ এমন অভূতপূর্ব ছিল, আজ পর্যন্ত যার পুনরাবৃত্তি ঘটেনি। এমনইভাবে, যেসব অঞ্চলে মুসলমানরা পা ফেলতে পারেনি, সেখানেও তারা ইসলাম প্রতিষ্ঠা করতে সক্ষম হন। তাতার মুসলমান ভাইয়েরা প্রাচ্য থেকে আরব ও মধ্য ইউরোপের সীমান্ত পর্যন্ত ইসলামের ভূ-খণ্ড বিস্তৃত করেছিল। তাদেরকে উৎখাত ও নিশ্চিহ্ন করে দেওয়ার ক্ষেত্রে ইসলামের শত্রুদের অব্যাহত ষড়যন্ত্র সত্ত্বেও তারা সেসব অঞ্চলে নিজেদের প্রভাব বিস্তার করেছে। এজন্য তারা অমানুষিক কষ্ট সহ্য করেছে এবং আজও সহ্য করে যাচ্ছে। এতসব বিপর্যয়ের মাঝেও তারা তাদের প্রাণের ধর্ম ইসলামকে আঁকড়ে ধরে আছে।

তাতাররা শুধু নামেই মুসলমান হয়নি; বরং তাদের মধ্যেও জন্ম নিয়েছেন অনেক ফকীহ, আলেম, মুজাহিদ, দাঈ, দরবেশ। যারা ছিলেন সততা ও একনিষ্ঠ বিশ্বাসের অধিকারী। তারা ইতিহাসের কঠিন একেকটি মুহূর্তে ইসলামকে রক্ষা করার ক্ষেত্রে মূল্যবান অবদান রেখেছিলেন।

নিম্নে মুসলিম তাতারদের কিছু ঐতিহাসিক ঘটনা ও অবস্থা তুলে ধরা হল:
চেঙ্গিস খান পৃথিবীর বড় একটি অংশ দখল করে নিয়েছিলেন এবং তার সাম্রাজ্যের দায়িত্বভার তার চার ছেলের মাঝে ভাগ করে দিয়েছিলেন। পরবর্তীতে মোঙ্গলরা (মোঘল) ভারতবর্ষও জয় করেন। তাই মুসলিম তাতারদের ইতিহাস পাঁচটি ভাগে সংক্ষেপে আলোচনা করা হল।

তাতার সাম্রাজ্যের প্রথম ভাগ:

পূর্ব ইউরোপ ও পশ্চিম সাইবেরিয়ায় মোঙ্গল শাসন

✓ **তাতার অধিকৃত অঞ্চলসমূহ:** চেঙ্গিস খানের বড় ছেলে জোচি খানকে প্রদেয় রাশিয়া, বুল গেরিয়া, ককেশাস অঞ্চল, পূর্ব ইউরোপ ও পশ্চিম সাইবেরিয়া । এই অঞ্চলকে গোল্ডেন হোর্ড-ও বলা হয়। এর রাজধানী ছিল সারাই শহর।

- ✓ **গুরুত্বপূর্ণ শাসকবৃন্দ:** বাতু খান, বারকে খান (প্রথম মুসলিম তাতার শাসক), মাংকো তৈমুর, তোদান মাংকো, গিয়াসউদ্দিন মুহাম্মাদ উজবেক, মাহমুদ জানিবেগ, মুহাম্মাদ বারদি বেগ ইত্যাদি।

- ✓ মাহমুদ বারদি বেগের মৃত্যুর পর উত্তর মোঙ্গল সাম্রাজ্যের দেশে দেশে বিশৃঙ্খলা দেখা দেয় এবং প্রকাশ্যেই ভাগ-বিভক্তি শুরু হয়। এ সময় তৈমুর লং উত্তর সাম্রাজ্য দখল করে নেয়। এরপর আবার উত্তর মোঙ্গলদের মধ্যে কয়েকটি রাজ্য আত্মপ্রকাশ করে, যেমন: ক্রিমিয়া, কাজান, আস্ট্রাক্যান, সাইবেরিয়া ও খাওয়ারিজম। এ সবগুলোই রাজধানী সারাই শহর থেকে পৃথক হয়ে যায় এবং পরস্পরে লড়াই শুরু করে। উত্তরাঞ্চলীয় মোঙ্গলদের রাজ্যে যেন স্পেনের করুন দৃশ্য পুনরায় চিত্রায়িত হয়। বিভিন্ন সুযোগে রুশরা একের পর এক এসব রাজ্য হজম করতে থাকে।

- ✓ ৯৫৯ হিজরি (১৫৫২ ঈসায়ী) সনে মস্কোর গভর্নর ইভান রাহিব স্বার্থপর বিশ্বাসঘাতক শাইখ আলির সহায়তায় রুশ বাহিনী নিয়ে স্থানীয় অধিবাসীদের সাথে তুমুল লড়াই করে কাজান দখল করে নেয় এবং সেখানকার তাতার মুসলিম ভাই-বোনদের উপর নিকৃষ্ট নির্যাতনের সূত্রপাত করে। মুসলিম তাতারদের উপর বিভিন্ন জুলুম অত্যাচারের কারণে গভর্নর ইভানকে রাহিব (ভয়ানক) নামক উপাধিতে স্মরণ করা হয়।

- ✓ ইভান রাহিবের নেতৃত্বে রুশ বাহিনী ৯৬৫ হিজরি (১৫৫৮ ঈসায়ী) সনে গাদ্দার দরবেশ আলি খানকে উৎখাত করে আস্ট্রাক্যান দখল করে নেয় এবং তাতার মুসলমানদের ওপর নৃশংস নিপীড়ন চালায়।

- ✓ ১০০৩ হিজরি (১৫৯৪ ঈসায়ী) রুশ বাহিনী সাইবেরিয়া অঞ্চলও তাতার মুসলিমদের থেকে দখল করে নেয়।

